চিরবিশ্বস্ত
চিরনূতন
শ্যাম সুন্দর কোং
জুয়েলার্স
আগরতলা • খোয়াই • উদয়পুর
ধর্মনগর • কলকাতা

ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৬ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

সিস্টার Sister masala
নিশ্চিন্তের প্রতীক
গুঁড়া মশলা
অল্পতেই যথেষ্ট
সিস্টার
স্বাদ ও গুনমানে প্রতি ঘরে ঘরে

JAGARAN ■ 14 March, 2019 ■ আগরতলা, ১৪ মার্চ, ২০২০ ইং ■ ৩০ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## বাইক দূর্ঘটনায় নিহত দুই যুবক চড়িলামে

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১৩ মার্চ ।।** গভীর রাতে চড়িলাম এলাকায় ভয়াবহ দূর্ঘটনায় মৃত্যু হয়েছে দুই যুবকের। জানা গিয়েছে, টিআর-০৭সি৮০০৮ নম্বরের একটি পালসার বাইক নিয়ে দুই বন্ধু নিমন্তন খেয়ে বাড়ি ফেরার পথে একটি অজ্ঞাত পরিচয় গাড়ির সাথে ধাক্কা লাগে। তাতে বাইকের চালক বিজয় দাস (৩২) এবং আরোহী সঞ্জীব দেব (৩০) রাস্তার উপর ছিটকে পড়ে যায়।

শুক্রবার সকালে পথচারীরা প্রথমে দূর্ঘটনার বিষয়টি জানতে পারেন। সঙ্গে সঙ্গেই খবর দেয়া হয় বিশালগড় ফায়ার সার্ভিস স্টেশনে। ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে ছুটে গিয়ে দু'জনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালে নিয়ে যাওয়ার পর চিকিৎসকরা জানায় বাইক চালক বিজয় দারে মৃত্যু হয়েছে গঠনাস্থলেই। তার বাড়ি হাতীলেটা চৌমুহনী বাজারে। অন্য বাইক আরোহী সঞ্জীবদেবকে টিএমসিতে রেফার করা হয়। টিএমসি থেকে জিবি হাসপাতালে রেফার করা হয়। জিবি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সঞ্জীবের মৃত্যু হয়েছে। সঞ্জীবের বাড়ী আমতলীতে।

## ৪১ জন জুয়ারিকে ধরল পশ্চিম থানার পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ মার্চ।।** রাজধানীর বটতলা বাজার এলাকায় শুক্রবার জুয়া বিরোধী অভিযান চালিয়ে পশ্চিম থানার পুলিশ ৪১ জন জুয়ারীকে আটক করেছে। তাদের কাছ থেকে নগদ ৬৫ হাজার টাকা ও জুয়া খেলার জান্ডিমুন্ডাসহ অন্যান্য আপত্তিকর সামগ্রী উদ্ধার করা হয়েছে। সুনির্দিষ্ট খবরের ভিত্তিতেই শুক্রবার পশ্চিম থানার ওসির নেতৃত্বে পুলিশ এই অভিযান চালায়। এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলেও জানিয়েছেন পশ্চিম থানার ওসি।

### কাকড়াবনে দুই সন্তানকে বিষ খাইয়ে হত্যার পর আত্মঘাতী মা, সিধাইয়ে যুবতীর অগ্নিদগ্ধ মৃতদেহ

# চারজনের অস্বাভাবিক মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা/ উদয়পুর, ১৩ মার্চ।।** রাজ্যের পৃথক স্থানে চারজনের অস্বাভাবিক মৃত্যু হয়েছে। কাকড়াবনে দুই শিশু সন্তানকে বিষ খাইয়ে খুন করে ফাঁসিতে আত্মহত্যা করলেন মা। অন্যদিকে, সিধাই মোহনপুরে এক যুবতীর অগ্নিদগ্ধ মৃতদেহ উদ্ধার করা হয়েছে। পৃথক স্থানে এই অস্বাভাবিক মৃত্যুর ঘটনাগুলিকে কেন্দ্র করে জনমনে রীতিমতো উদ্বেগের সৃষ্টি হয়েছে। কি কারণে এই মৃত্যু, এনিয়ে চলছে জোর আলোচনা।

কাকড়াবন থানার অধীন শামুক ছড়া এডিসি ভিলেজের বাসিন্দা আন্দোলন দেববর্মার স্ত্রী যমুনা দেববর্মা (২৫) তার সাত বছরের মেয়ে জবা দেববর্মা এবং চার বছরের ছেলে অঙ্কুশ দেববর্মাকে বিষ খাইয়ে হত্যা করেছে। তারপর যমুনা বাড়িতেই একটি গাছে ফাঁসিতে আত্মহত্যা করেছে। গোটা বিষয়টি আবিস্কার করেন আন্দোলন দেববর্মা। তিনি পেশায় দিনমজুর। অন্যান্যদিনের মতো এদিন সকালেও তিনি কাজের সন্ধানে বাড়ি থেকে বেড় হয়ে যান। দুপুর বারোটা নাগাদ তিনি বাড়িতে এসে দেখতে পান ঘরের মধ্যে তার ফুটফুটে দুটি সন্তানের মৃতদেহ পড়ে রয়েছে। মুখ দিয়ে লালা বেড়িয়ে আছে। স্ত্রীকে ডাকাডাকি করতে গিয়ে দেখেন গাছের মধ্যে ফাঁসিতে ঝুলে রয়েছে স্ত্রী যমুনার মৃতদেহ।

এরপর তিনি বিষয়টি প্রতিবেশীদের জানান। মুহূর্তের মধ্যেই খবর চলে যায় কাকড়াবন থানায়। থানার ওসি খোকন সাহা পুলিশ কর্মীদের নিয়ে ঘটনাস্থলে পৌঁছেন। খবর পেয়ে সেখানে যান গোমতী জেলার অতিরিক্ত পুলিশ সুপার রাজীব নাগ, এসডিপিও ধ্রুব নাথ। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য টেপানিয়স্থিত গোমতী জেলা হাসপাতালে নিয়ে যায়। এদিন সন্ধ্যা হয়ে যাওয়ায় ময়নাতদন্ত করা হয়নি। শনিবার ময়নাতদন্ত করা হবে।

এদিকে, এই ঘটনার খবর ছড়িয়ে পড়তেই গোটা শামুক ছড়ায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা নিয়ে তদন্ত শুরু করেছে। পুলিশ প্রতিবেশীদের কাছ থেকে জানতে পেরেছে গৃহস্বামী আন্দোলন দেববর্মা পেশায় দিনমজুর। প্রায়শই মদ্যপ অবস্থায় থাকে। বাড়ি ঘরে অশান্তি লেগেই থাকে। আয় রোজগারেরও তেমন কোন রাস্তা নেই। অভাব অনটন লেগেই থাকত। আশঙ্কা করা হচ্ছে পারিবারিক অশান্তির জেরেই দুই শিশু সন্তানকে বিষ খাইয়ে হত্যা করে আত্মঘাতী হলেন গর্ভধারিনী মা।

বাড়ি থেকে প্রায় ১০০ মিটার দূরে খালি কৃষিজমিতে এক যুবতীর অগ্নিদগ্ধ মৃতদেহ উদ্ধার হয়েছে। যুবতীটিকে জীবন্ত পুড়িয়ে মারা হয়েছে, নাকি খুন করার পর মৃতদেহ আগুনে পুড়িয়ে ফেলা হয়েছে, পুলিশ তার তদন্ত করছে। ওই ঘটনায় সন্দেহভাজন এক যুবককে পুলিশ আটক করেছে। এলাকায় বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে। কারণ, পরিস্থিতি উত্তপ্ত হয়ে রয়েছে।

পশ্চিম ত্রিপুরা জেলার সিধাই থানাধীন রাঙ্গাছড়া গ্রামে খালি জমিতে শুক্রবার সকালে এক যুবতীর অগ্নিদগ্ধ মৃতদেহ উদ্ধার হয়েছে। বছর বাইশের ওই যুবতী গতকাল বিকেলে কেনাকাটার জন্য বাড়ি থেকে বেরিয়েছিলেন। তার পর আর বাড়ি ফেরেননি। রাঙ্গাছড়া গ্রামের ওই যুবতীর পরিবার ☞ ৬ এর পাতায় দেখুন

### দিল্লিতে মহিলার মৃত্যু, দেশে আক্রান্ত ৮১

## করোনার বিরুদ্ধে লড়তে শক্তিশালী রণকৌশল তৈরি করুক সার্ক দেশগুলি ঃ মোদী

**নয়াদিল্লি, ১৩ মার্চ (হি.স.)।।** করোনার ভাইরাসকে সমগ্র বিশ্বের সমস্যা হিসাবে বর্ণনা করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সার্ক দেশগুলির নেতৃত্বে একটি শক্তিশালী কৌশল গঠনের উপর জোর দিয়েছেন।

শুক্রবার একটি টুইট বার্তায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লেখেন, আমাদের পৃথিবী কোভিড -১৯ নভেল করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াই করছে। সরকার এবং সাধারণ মানুষ বিভিন্ন স্তরে এর মোকাবিলার জন্য যথাসাধ্য চেষ্টা করছে। বিশ্ব জনসংখ্যার একটি বিশাল অংশ দক্ষিণ এশিয়ার বাসিন্দা। এই পরিস্থিতিতে আমাদের জনগণকে সুস্থ রাখতে কোনও প্রকার প্রচেষ্টা বাকি রাখা উচিত নয়।

তিনি অন্য একটি টুইট বার্তায় আরও লেখেন, আমি প্রস্তাব দিতে চাই যে সার্ক দেশগুলির নেতৃত্বে করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াই করার জন্য একটি শক্তিশালী রণকৌশল তৈরি করা উচিত। আমরা ভিডিও কনফারেন্সের মাধ্যমে কীভাবে আমাদের নাগরিকদের সুস্থ রাখতে পারি তা নিয়ে আলোচনা করতে পারি। একসঙ্গে আমরা বিশ্বের জন্য একটি উদাহরণ স্থাপন করতে পারি এবং পৃথিবীকে স্বাস্থ্যকর রাখতে অবদান রাখতে পারি।

উল্লেখ করা যেতে পারে, দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) দক্ষিণ এশিয়ার আটটি দেশের একটি অর্থনৈতিক ও রাজনৈতিক সংগঠন। এর সদস্য দেশগুলি হল ভারত, পাকিস্তান, বাংলাদেশ, শ্রীলঙ্কা, নেপাল, মালদ্বীপ, ভুটান এবং আফগানিস্তান। সংস্থার সদস্য দেশগুলির জনসংখ্যা (প্রায় দেড় বিলিয়ন) যে কোনও আঞ্চলিক সংস্থার চেয়ে বেশি প্রভাবশালী।

এদিকে, ভারতে লাফিয়ে লাফিয়ে বাড়ছে কোভিড-১৯ নভেল করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যাউ শুক্রবার বিকেলে সারা দেশে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৮১। এদিন এই তথ্য দিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক।

অন্যদিকে, সর্বাধিক আক্রান্তের সংখ্যা দক্ষিণ ভারতের রাজ্য কেরলেউ কেরলে এখনও পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১৭উ সংক্রমিত ৭৫ জনের মধ্যে ৫৮ জন ভারতীয় নাগরিক এবং ১৭ জন বিদেশি নাগরিক, সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৩ জনউ কর্ণাটকে মৃত্যু হয়েছে একজনেরউ

কেন্দ্রীয় স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রকের দেওয়া তথ্য অনুযায়ী-ভারতে শুক্রবার বিকেলে করোনায় আক্রান্তের সংখ্যা ৮১। তাঁদের মধ্যে বিদেশি নাগরিকও ☞ ৬ এর পাতায় দেখুন



স্বদেশে ফেরত যেতে বাংলাদেশের নাগরিকরা আগরতলায় আখাউড়া চেকপোস্টে। শুক্রবার তোলা নিজস্ব ছবি।

## বিয়ে করতে গিয়ে কন্যার বাড়িতে আক্রান্ত বর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ মার্চ ।।** বিয়ে করতে এসে কন্যার বাড়িতে আক্রান্ত হল বর ও বরপক্ষের লোকজনরা। ঘটনা রাজধানী আগরতলা শহর সংলগ্ন জয়নগর এলাকায়। আক্রান্ত বর বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন। তার নাম রূপক ভুঁইয়া। বাড়ি তেলিয়ামুড়া।

এ ব্যাপারে থানায় মামলা গৃহীত হয়েছে। ঘটনার সূত্রপাত কন্যাকে পাত্রপক্ষ থেকে সোনার চেইন ☞ ৬ এর পাতায় দেখুন

## করোনা ভাইরাস ঃ ভিসা বাতিল বিড়ম্বনায় বাংলাদেশের রোগীরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ মার্চ।।** করোনা ভাইরাসের জন্য সতর্কতা হিসেবে সমস্ত ভিসা বাতিল করেছে ভারত সরকার। এতে সবচেয়ে বেশি বিড়ম্বনায় পড়েছেন বাংলাদেশের রোগীরা। শুক্রবার আগরতলা ইন্টিগ্রেটেড চেক পোস্টে ক্যানসার আক্রান্ত এক রোগীকে ত্রিপুরায় ঢুকতে দেওয়া হয়নি। এই ঘটনায় রোগীর স্বামী চরম অসন্তোষ প্রকাশ করেছেন। ইমিগ্রেশন আধিকারিকদের দাবি, ভারত সরকারের নির্দেশিকা মেনে বাংলাদেশ থেকে কাউকেই এ দেশে ঢুকতে দেওয়া হচ্ছে না। এ-বিষয়ে আগরতলা ল্যান্ডপোর্ট অথরিটির ম্যানেজার দেবাশিস নন্দী বলেন, ইমিগ্রেশন বন্ধ রয়েছে ঠিকই, কিন্তু বাংলাদেশে আমদানি-রফতানি বন্ধ হয়নি।

গতকাল ভারত সরকার করোনা ভাইরাস মোকাবিলায় সতর্কতা হিসেবে সব দেশের ভিসা বাতিল করেছে। ১৫ এপ্রিল পর্যন্ত এই আদেশ কার্যকর থাকবে। স্বাভাবিকভাবে বাংলাদেশ থেকেও ত্রিপুরায় কাউকে আসার অনুমতি দেওয়া হচ্ছে না। আজ বাংলাদেশের সিলেট থেকে ক্যানসার আক্রান্ত স্ত্রীকে নিয়ে আসেন ভাস্কর চৌধুরী। তিনি কলকাতায় যাওয়ার উদ্দেশ্যে আগরতলা ইন্টিগ্রেটেড চেকপোস্টে আসেন। কিন্তু তাঁকে প্রবেশের অনুমতি দেওয়া হয়নি। তিনি বলেন, কলকাতায় স্ত্রীকে নিয়ে যাওয়ার জন্য এসেছি। বাংলাদেশে ☞ ৬ এর পাতায় দেখুন

## পূর্ত ঘোটালা ঃ আরও দুই অবসরপ্রাপ্ত আধিকারিককে ওয়াই পি সিংয়ের মুখোমুখি বসাবে ক্রাইম ব্রাঞ্চ

### জামিন মামলার পরবর্তী শুনানি ২০ মার্চ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ মার্চ।।** রাজ্যের সর্ববৃহৎ আর্থিক কেলেঙ্কারি পূর্ত ঘোটালায় আরও দুই প্রাক্তন আমলাকে ধৃত প্রাক্তন মুখ্যসচিব ওয়াইপি সিঙের মুখোমুখি বসিয়ে জেরা করবে ক্রাইম ব্রাঞ্চ। তাই, ত্রিপুরা হাইকোর্টে ওয়াই পি সিঙের জামিন মামলায় ওই আবেদনে আরও সাতদিন সময় চাওয়া হয়েছে। উচ্চ আদালত ওই আবেদন মঞ্জুর করে পরবর্তী শুনানির দিন ২০ মার্চ ধার্য করেছে।

এ-বিষয়ে প্রাক্তন মুখ্যসচিব ওয়াইপি সিঙের আইনজীবী পীযূষকান্তি বিশ্বাস বলেন, তৎকালীন সময়ে মন্ত্রিসভাকে তাঁর মক্কেল অবগত করেছিলেন, তার প্রমাণ হিসেবে ফাইলে প্রধান সচিব এ কে মনগোত্রা এবং মুখ্যসচিব শশী প্রকাশের স্বাক্ষর রয়েছে। উচ্চ আদালত গত ১৫ নভেম্বর এ-বিষয়টি যাচাই করার নির্দেশ দিয়েছিল। কিন্তু, ক্রাইম ব্রাঞ্চ কোনও পদক্ষেপ নেয়নি। অথচ, ক্রাইম ব্রাঞ্চ এখন ওই প্রাক্তন আধিকারিকদের স্বাক্ষর যাচাই করতে চাইছে। তাঁর দাবি, ওয়াই পি সিংকে অযথা জেল হেফাজতে রাখার জন্যই ক্রাইম ব্রাঞ্চ নানা ফন্দি-ফিকির করছে।

তিনি বলেন, জামিনের বিরোধিতায় ক্রাইম ব্রাঞ্চের বক্তব্যের সাথে আদালত একমত হতে পারেনি। তবে, ঊর্ধতন কর্তৃপক্ষের স্বাক্ষর যাচাই করার জন্য সময় চেয়েছে। আদালত ক্রাইম ব্রাঞ্চের আবেদন মঞ্জুর করেছে। এদিকে পিপি রতন দত্ত জানিয়েছেন, পূর্ত ঘোটালায় ধৃত পূর্ত দফতরের প্রাক্তন প্রধান সচিব তথা প্রাক্তন মুখ্যসচিব ওয়াই পি সিং ২৬ দিন ধরে জেল হেফাজতে রয়েছেন। আজ ত্রিপুরা হাইকোর্টে বিচারপতি অরিন্দম লোধের বেঞ্চে তাঁর জামিনের আবেদনের শুনানি হয়েছে।

তিনি বলেন, ক্যাবিনেট মেমো-তে তৎকালীন প্রধান সচিব এ কে মনগোত্রা এবং মুখ্যসচিব শশী প্রকাশের স্বাক্ষর রয়েছে। এখন তাঁদের জেরা করবে ক্রাইম ব্রাঞ্চ। তাঁর কথায়, আদালতে জানানো হয়েছে, ওই দুই অবসরপ্রাপ্ত আধিকারিকের ঠিকানা বের ☞ ৬ এর পাতায় দেখুন

## চার শতাংশ মহার্ঘভাতা বাড়ছে কেন্দ্রীয় কর্মচারীদের

**নয়াদিল্লি, ১৩ মার্চ (হি.স.)।।** কেন্দ্রীয় কর্মচারীদের মহার্ঘভাতা বাড়ছে ৪ শতাংশ। শুক্রবার কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত হয়েছে। একইসঙ্গে বাড়ছে পেনশনের পরিমাণও। পয়লা জানুয়ারি, ২০২০ থেকে কার্যকর হবে বর্ধিত এই ডিএ।

কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের জন্য সুখবর। কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের ডিএ ৪ শতাংশ বাড়িয়ে দেওয়ার সিদ্ধান্ত নিল মোদী সরকার। শুক্রবার এমনটাই ঘোষণা করল কেন্দ্র। পয়লা জানুয়ারি, ২০২০ থেকে কার্যকর হবে বর্ধিত এই ডিএ। চার শতাংশ হারে ডিএ বৃদ্ধিতে ডিয়ারনেস অ্যালাউয়েন্স ও ☞ ৬ এর পাতায় দেখুন

## শহরে পার্কিং ও হকার সমস্যা সমাধানে বিশেষ ব্যবস্থা আগরতলা পুর নিগমের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ মার্চ ।।** যত্রতত্র পার্কিং এবং হকারদের উৎপাত ঠেকাতে বিশেষ ব্যবস্থা নিয়েছে আগরতলা পুর নিগম। পার্কিংয়ের জন্য স্থান চিহ্নিত করে এবং হকারদের সচিত্র পরিচয়পত্র প্রদানের মাধ্যমে ওই সমস্যার সমাধান বলে দাবি করেন পুর কমিশনার ডা. শৈলেশ কুমার যাদব। শুক্রবার ট্রাফিকের পুলিশ সুপারকে সাথে নিয়ে তিনি পুর এলাকায় বিভিন্ন স্থান পরিদর্শন করেছেন।

তিনি বলেন, পুর এলাকায় বিভিন্ন স্থানে পার্কিং সমস্যা ক্রমশ ভয়ঙ্কর রূপ নিচ্ছে। যত্রতত্র পার্কিংয়ের জন্য পথচলতি মানুষের যাতায়াতে ভীষণ সমস্যা হচ্ছে। তাছাড়া, হকারদের নির্দিষ্ট স্থান চিহ্নিত না হওয়ায় ফুটপাত ব্যবহার মানুষের জন্য অসম্ভব হয়ে উঠেছে। তাঁর দাবি, পার্কিংয়ের জন্য নির্দিষ্ট স্থান চিহ্নিত করে বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। কিন্তু, মানুষ তাতে ওয়াকিবহাল নন বলেই মনে হচ্ছে। তাই, নতুন করে পার্কিংয়ের স্থান চিহ্নিত করে হলুদ রং দিয়ে দিক নির্দেশ করা হবে। ওই নির্দিষ্ট স্থানেই গাড়ি কিংবা বাইক পার্কিং করতে পারবেন সংশ্লিষ্টরা। সাথে তিনি যোগ করেন, হকারদের জন্য সচিত্র পরিচয়পত্র প্রদান করা হবে। এতে সমস্ত বিবরণী দেওয়া থাকবে। নির্দিষ্ট স্থানের অন্যত্র দোকান খুলে বসলে পুর নিগমের টাস্ক ফোর্স ব্যবস্থা নেবে। ☞ ৬ এর পাতায় দেখুন

# করোনা ভাইরাস ঃ ভয়ের কারণ নেই সতর্ক থাকুন, অভয় দিলেন মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতল, ১২ মার্চ।।** করোনা ভাইরাস নিয়ে দুশ্চিন্তার কোন প্রয়োজন নেই। কারণ, ত্রিপুরায় এখনো কেউ ওই মরণব্যাধিতে আক্রান্ত হননি। শুধু তাই নয়, বাইরে থেকে এসে কোন আক্রান্ত রোগী ত্রিপুরায় রয়েছেন এমন পাওয়া যায়নি। তবে, সতর্ক থাকা খুবই জরুরি। শুক্রবার রাতে সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে এইভাবেই সকলকে অভয় দিলেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। সাথে তিনি জানিয়েছেন, ত্রিপুরায় এপিডেমিক ডিজিজ এক্ট ১৮৯৭ লাগু করা হয়েছে। তাতে, ওই ভাইরাসের প্রাদুর্ভাব দেখা দিলে স্বাস্থ্য কর্মীদের ২৪ ঘন্টা চিকিৎসা কাজে নিয়োজিত থাকবেন। তাছাড়া, যেকোন সভা, সমাবেশ, মিছিল, মেলা ইত্যাদি ওই আইনের ক্ষমতাবলে বন্ধ কিংবা স্থগিত রাখা যাবে।

এদিন তিনি বলেন, করোনা ভাইরাস-র জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা গোটা বিশ্বে মহামারী ঘোষণা করেছে। ত্রিপুরায় ২৮ জানুয়ারি থেকে করোনা ভাইরাস-র জন্য নজরদারি চালানো হচ্ছে। ত্রিপুরায় সমস্ত পরীক্ষা-নিরীক্ষার ব্যবস্থাও করা হয়েছে। তাঁর দাবি, বর্তমানে জি বি হাসপাতালে করোনা ভাইরাসের সমস্ত পরীক্ষা করা হচ্ছে। এর জন্য রক্তের নমুনা বাইরে পাঠানোর কোন প্রয়োজন নেই। তাঁর কথায়, ইতিমধ্যে চারটি স্থান চিহ্নিত করা হয়েছে। ওই রোগের প্রাদুর্ভাব দেখা দিলে আক্রান্ত রোগীদের চিকিৎসা করা হবে সেখানে।




সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। ছবি-নিজস্ব।

তিনি বলেন, এখন পর্যন্ত ৩৭ জনকে করোনা ভাইরাসে আক্রান্ত বলে সন্দেহ করা হয়েছিল। তারা সকলেই ত্রিপুরার বাইরে থেকে এসেছিলেন। কিন্তু, সমস্ত পরীক্ষার পর তারা করোনা ভাইরাসে আক্রান্ত নন বলে প্রমাণিত হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরায় ওই রোগ নিয়ে আতঙ্কিত হওয়ার কোন প্রয়োজন নেই। তবে, সতর্ক থাকতে হবে। নিজেকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার পাশাপাশি সর্দি, কাশি, জ্বর হলে চিকিৎসকদের সংস্পর্শে যেতে হবে। শুধু তাই নয়, কোন রকম রোগ জীবাণু যাতে না ছড়ায় সেদিকে খেয়াল রাখতে হবে।

এদিন তিনি বলেন, আজ থেকে ত্রিপুরায় এপিডেমিক ডিজিজ এক্ট ১৮৯৭ লাগু করা হয়েছে। ওই আইনের কারণে, স্বাস্থ্য কর্মীরা চিকিৎসা প্রদানে বাধ্য থাকবেন। রোগের প্রাদুর্ভাব দেখা দিলে ২৪ ঘন্টা স্বাস্থ্য কর্মীরা চিকিৎসায় নিয়োজিত থাকবেন। তিনি সতর্ক করে বলেন, করোনা ভাইরাস নিয়ে গুজব ছড়ানো হলে ওই আইনের অন্তর্গত কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তাই মুখ্যমন্ত্রীর পরামর্শ, করোনা ভাইরা নিয়ে গুজব ছড়াবেন না এবং গুজবে কান দেবেন না। এদিন তিনি সাফ জানিয়েছেন, ত্রিপুরায় পরিস্থিতি স্বাভাবিক রয়েছে, তাই স্কুল, কলেজ বন্ধ রাখার এখনো কোন প্রয়োজনীয়তা পড়েনি। সাথে তিনি যোগ করেন, আগামী শুক্রবার থেকে বিধানসভার বাজেট অধিবেশন শুরু হচ্ছে। ওই অধিবেশনে বিশেষ কোন সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বনের প্রয়োজনীয়তা রয়েছে কিনা তা পরিষদীয় মন্ত্রী বিধানসভার অধ্যক্ষ এবং বিজনেস অ্যাডভাইসারি ☞ ৬ এর পাতায় দেখুন

## ছবিমুড়াকে প্রত্নতাত্ত্বিক স্থান হিসেবে যুক্ত করার প্রস্তাব, আরও চারটি স্থল খননের জন্য চিহ্নিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ মার্চ।।** ছবিমুড়া-কে প্রত্নতাত্ত্বিক স্থান হিসেবে যুক্ত করার জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। তাছাড়া, ত্রিপুরায় আরও চারটি নতুন স্থান খনন করার জন্য চিহ্নিত করা হয়েছে। সেখানে হিন্দু কিংবা বৌদ্ধ সংস্কৃতির প্রমাণ মিলবে বলে ধারণা করছে আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া-র (এএসআই) ত্রিপুরা সাব-সার্কল। সহকারী প্রত্নতত্ত্ববিদ এম জ্যাকসন জানিয়েছেন, চারটি স্থান বাছাই করা হয়েছে ঠিকই, কিন্তু এখনও চূড়ান্ত হয়নি।

হিন্দুস্থান সমাচার-এর সঙ্গে একান্ত সাক্ষাৎকারে এএসআই ত্রিপুরা সাব-সার্কলের সহকারী প্রত্নতত্ত্ববিদ বলেন, ত্রিপুরায় আটটি স্থানে এএসআই-এর সরাসরি তত্ত্বাবধানে রয়েছে। পিলাক, ঊনকোটি, উদয়পুর, অমরপুর, বক্সনগর মিলিয়ে মোট আটটি স্থানের রক্ষণাবেক্ষণ করা হচ্ছে।

তাঁর কথায়, জম্পুই পাহাড়ে ভাংমুনে সমাধিস্থল পাওয়া গিয়েছে। সেখানে কিছু হাঁড় উদ্ধার হয়েছে। এতে ধারণা করা হচ্ছে, ওই সমাধিস্থল ১৬ কিংবা ১৭ শতকের সমসাময়িক হবে। তিনি বলেন, ওই নমুনা দিল্লিতে পাঠানো হয়েছে। পরীক্ষা-নিরীক্ষার পর এর সঠিক সময় জানা যাবে। তাঁর দাবি, খুব শীঘ্রই রিপোর্ট হাতে আসবে। সাথে তিনি যোগ করেন, অমরপুরে তিনটি মন্দির রয়েছে। ১ নম্বর মন্দির, ২ নম্বর মন্দির এবং ৩ নম্বর মন্দির হিসেবে মন্দিরগুলিকে চিহ্নিত করা হয়েছে। কারণ ওই মন্দিরের সরাসরি রক্ষণাবেক্ষণের দায়িত্ব নেওয়ার জন্য দিল্লিতে প্রস্তাব পাঠানো হয়েছে, বলেন তিনি।

এম জ্যাকসন বলেন, এখন নতুন করে ছবিমুড়া-কে প্রত্নতাত্ত্বিক স্থান হিসেবে যুক্ত করার প্রস্তাব দিল্লিতে পাঠানো ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৬ ▫ সংখ্যা ১৫৩ ▫ ১৪ মার্চ ২০২০ ইং ▫ ৩০ ফাল্গুন ▫ শনিবার ▫ ১৪২৬ বঙ্গাব্দ

## ভয়ঙ্কর বিপদে পৃথিবী

দুঃসময় কখন কিভাবে আসে তাহা বলা মুশকিল। করোনা ভাইরাসের আতংকে গোটা বিশ্ব আজ তোলপাড়। চীনের ইউহানে এই ভাইরাসের উৎপত্তিস্থল। ভাইরাস সম্পর্কে যিনি প্রথম সতর্কবানী করিয়াছিলেন সেই চিকিৎসক বিশেষজ্ঞও এই ভয়ংকর ছোবলেই প্রাণ হারান। সেই সময় সেই চিকিৎসকের সতর্কবানী যদি গ্রহণ করা হইত তাহা হইলে চীনে এই ভয়ংকর মৃত্যুর মিছিল দেখা যাইত না। গোটা বিশ্ব আজ এই ভয়ংকর ভাইরাসে কম্পিত। ভারতেও করোনায় আক্রান্তের সংখ্যা বাড়িতেছে। কর্ণাটকে একজনের মৃত্যু হইয়াছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনা ভাইরাসকে মহামারীর চাইতেও ভয়ানক বলিয়া ঘোষণা দিয়াছে। আগামী পনেরই এপ্রিল পর্যন্ত সমস্ত পর্যটক ভিসা বাতিল ঘোষণা করিয়াছে ভারত। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও ইউরোপ হইতে আমেরিকায় ভ্রমণ একমাসের জন্য নিষিদ্ধ করিয়াছেন। তবে, আশার কথা হইতে পারে ইহাই যে, করোনার উৎপত্তিস্থল ইউহান প্রদেশে নতুন করে আক্রান্তের সংখ্যা কমিয়া এক সংখ্যায় নামিয়া আসিয়াছে। কিন্তু, গোটা বিশ্ব আজ ভয়ানক এক সংকটের সামনে দাঁড়াইয়া গিয়াছে। বিশ্বজুড়ে করোনার আতংকে প্রভাব পড়িয়াছে শেয়ার বাজারেও। ধস নামিয়াছে। শেয়ার বাজার বিশেষজ্ঞরা এই পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করিয়া জানাইয়াছেন ২০১০ সালের পর এই প্রথম শেয়ার বাজারে এতবড় পতন ঘটিল। করোনা আতংকে শেয়ার বিক্রির ধুম পড়িয়া গিয়াছে লগ্নিকারীদের মধ্যে। ক্রমাগত বাজার হইতে লগ্নি তুলিয়া নিতেছেন বিদেশী লগ্নিকারীরা। করোনাকে মহামারী ঘোষণা করায় সারা বিশ্বে তাহার জেরেই এই পতন বলিয়া মনে করিতেছেন বাজার বিশেষজ্ঞরা। এই পতন কোথায় গিয়া থামিবে, বিশেষজ্ঞরা কেউ আঁচ করিতে পারিতেছেন না।

উত্তর পূর্বাঞ্চলের প্রত্যন্ত আন্তর্জাতিক সীমান্ত বেষ্টিত রাজ্য ত্রিপুরায়ও করোনা ভাইরাস হইতে সতর্ক হইবার বিভিন্ন পদক্ষেপ নেওয়া হইয়াছে। ত্রিপুরার দুটি সীমান্ত হাট অনির্দিষ্টকালের জন্য করিয়া দেওয়া হইয়াছে। দক্ষিণ জেলার শ্রীনগর এবং সিপাহীজলা জেলার কমলাসাগর সীমান্ত হাটবন্ধের ফলে ব্যবসায়ীরা বিরাট ক্ষতির মুখে পড়িবেন। শুধু তাহাই নহে, করোনা ভাইরাসের আতংকে রাজ্যে মুখ থুবরাইয়া পড়িবার মুখে পোল্ট্রি শিল্প। রাজ্যে বিভিন্ন স্থানে বহু পোল্ট্রির ফার্ম আছে। এইসব ফার্মের সঙ্গে জড়িত বহু মানুষ। করোনা আতংকে পোল্ট্রি মুরগীর বিক্রিবাটা কমিয়া গিয়াছে। এই অহেতুক আতংক সম্পর্কে সরকারী তরফেও তেমন প্রচার করা হইতেছে না। সবচাইতে আশ্চর্য্যের বিষয় পোল্ট্রির মুরগীর বিক্রিবাটা কমিয়া যাওয়ায় বাজারে দেশী মুরগীর দাম বাড়িয়াছে কয়েক গুন। আর পাঁঠার মাংসও চড়া দামে বিক্রি হইতেছে। পোল্টিরর মুরগীই করোনা ভাইরাসের বাহক এমন অদ্ভুত যুক্তি বা তথ্য কাহাদের মস্তিস্কপ্রসূত তাহা নিয়াও আজ গবেষণার বিষয় হইতে পারে। রাজ্যের পশুপালন দপ্তর তো নাকে তেল দিয়াই সুখ নিদ্রায় আচ্ছন্ন। একথা মনে রাখিতে হইবে যে, ত্রিপুরার তিনদিকই বাংলাদেশ সীমান্ত পরিবেষ্টিত। বাংলাদেশের বহু নাগরিক আরব ও অন্যান্য দেশে কর্মরত। সুতরাং এই ব্যাপারে বাংলাদেশ সরকারও যথেষ্ট সচেতন একথা বলা যাইতে পারে। তবু, সীমান্তে নজরদারী বাড়াইতে হইবে। ভিসা বাতিলের কারণে বাংলাদেশ হইতে আসা যাওয়া বন্ধ হইয়া গেল। বাংলাদেশের সাথে ত্রিপুরার গভীর যোগাযোগ রহিয়াছে। সাংস্কৃতিক মেল বন্ধনও দুই দেশের আত্মিক যোগাযোগকে অনেক বেশী মজবুত করিয়াছে। করোনা যেন সেখানে এক বড় আতংক ও প্রাচীর তুলিয়া দিয়াছে।

করোনা ভাইরাসের কারণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ১৭ মার্চ প্রস্তাবিত বাংলাদেশ সফর বাতিল ঘোষণা করিতে হইয়াছে। দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে এই সফর নতুন দিগন্ত উন্মোচিত করিতে পারিত। ভারত বাংলাদেশ সরকারকে সর্বোত সহায়তার হাতও বাড়াইয়া দিয়াছে। দীর্ঘদিনের সমস্যার সমাধানেও এই সফর অনেক কার্য্যকরী ভূমিকা নিতে পারিত। আজ করোনা ভাইরাস গোটা দুনিয়াকেই বিপদগ্রস্ত করিয়াছে। স্মরণ কালের মধ্যে এমন বিপর্য্যয়ের মুখে বিশ্বকে পড়িতে হয় নাই। আজ ভারতের বিভিন্ন রাজ্যে স্কুল কলেজ, হোস্টেল ছুটি দেওয়া হইয়াছে। আরও নতুন করোনা আক্রান্তের খবর মিলিতেছে। ভারতে সংখ্যা বাড়িয়াই চলিয়াছে। করোনার আতংকে বিভিন্ন কর্মসূচী বাতিল হইতেছে। এইভাবে গোটা বিশ্ব কতদিন আগাইবে? করোনা কি সহসাই বিশ্ববাসীকে মুক্তি দিবে, দিবে না স্বস্তি? এই ভয়ংকর পরিণতির বিরুদ্ধে লড়াই আরও তীব্র করিতেই হইবে।

## ফাস্ট ট্যাগ’-এর বিরোধিতা করে মুখ্যমন্ত্রীকে চিঠি বাস মালিক সংগঠনেব

কলকাতা, ১৩ মার্চ (হি. স.) : যাত্রী পরিবহনে ‘ফাস্ট ট্যাগ’ অর্থাৎ টোল-এর বিরোধিতা করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি দিল বাস মালিকদের সংগঠন।

২০১৮ সালে কেন্দ্রীয় সরকার জাতীয় সড়ক পরিবহন অথরিটি নিয়ন্ত্রিত টোল গেট অতিক্রমের এই কার্ড বাধ্যতামূলক করে। এর পর ২০১৯ থেকে এটি চালু হয়েছে। কিন্তু ভারতের বিভিন্ন টোল গেটের হারে কোন সামঞ্জস্য নেই। ফলে প্রতিবেশী রাজ্য ওডিশায় যেখানে টোলগেট অতিক্রম করতে একটি বাসে যে টাকা লাগছে, সেখানে পশ্চিমবঙ্গে লাগছে অনেক বেশি। শুক্রবার জয়েন্ট কাউন্সিল অফ সিন্ডিকেট এ ব্যাপারে একটি সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। সংগঠনের সাধারণ সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় জানান, সংশ্লিষ্ট সমস্যার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে মুশকিল আসানের পথ খুঁজতে আর্জি জানানো হয়েছে মুখ্যমন্ত্রীকে। তপনবাবুর অভিযোগ, পশ্চিমবঙ্গে বাসের টোল গেটট অতিক্রম করতে দৈনিক সাড়ে পাঁচশ থেকে প্রায় এক হাজার টাকা লাগছে। প্রতি মাসে মোট কতবার অতিক্রম করবে একটি বাস, তার আগাম আন্দাজ করে সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে সেই অর্থ অগ্রিম জমা রাখতে হবে। সেখান থেকে ইসিএসে টোলগেট অতিক্রমের টাকা কেটে নেওয়া হবে। কিন্তু যাত্রীদের কাছ থেকে টিকিট বিক্রির টাকা না পেলে এত টাকা কী করে জমিয়ে রাখবেন মালিকরা? দ্বিতীয়ত, ব্যাঙ্কে নির্দিষ্ট অ্যাকাউন্টে সেই টাকা না গচ্ছিত থাকলে টোল-মাশুলের দ্বিগুণ জরিমানা নেওয়ার কথা বলা হচ্ছে। বাসমালিকদের অভিযোগ, টোলগেটের লাইনে না দাঁড়িয়ে দ্রুত যাতে বাস বেরিয়ে যেতে পারে, সে কারণে এই বিধিতে গেটের পাশে সার্ভিস রোড রাখার কথা বলা সয়েছে। অথচ, সেই সার্ভিস রোডের পরিষেবা পাওয়া যাচ্ছে না। কেন্দ্রের এই সিদ্ধান্তের ফলে রাজ্যের প্রায় ৪০,০০০ বাস সমস্যায় পড়েছে। আমরা শহরে যারা বাস চালাই, প্রতি বছর পথকর বাবদ চার হাজার টাকা এবং জেলায় যাঁরা বাস চালান তাঁরা বছরে আরও ৭ হাজার টাকা করে পথকর দেন। তার ওপরে টোল গেট অতিক্রম করার জন্য এ রকম হারে এত অগ্রিম টাকা কীভাবে জোর করে নেওয়া হচ্ছে?

তপনবাবু বলেন, যদি কেন্দ্র ব্যাপারটা বিবেচনা না করে তাহলে আমরা আইনি ব্যবস্থা নিতে বাধ্য হব। বিষয়টি নিয়ে আমি রাজ্যের পরিবহন সচিব নারায়ন স্বরূপ নিগম এবং ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়ার আদিকারিক আরপি সিংয়েয় সঙ্গে কথা বলেছি। কিন্তু সমস্যার সমাধান হচ্ছে না।

## লরির চাকায় পিষ্ট হয়ে মৃত বাইক আরোহী

বাঁকুড়া, ১৩ মার্চ (হি. স.) : লরির সাথে মুখোমুখি সংঘর্ষে প্রাণ হারাল এক মোটর বাইক আরোহী। শুক্রবার সকালে বাঁকুড়া জেলার গঙ্গাজলঘাটি থানার কাটাবাইদ এলাকায় এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে মেজিয়া কুসলিয়া রোডে আগত একটি লরির সঙ্গে মোটর সাইকেলের সামনা সামনি ধাক্কা হয়।মোটর বাইক আরোহী সামলাতে না পেরে লরির সামনে পড়ে যায়, লরিটি তাকে পিষে দেয়, ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়।এই ঘটনার জেরে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে।মৃত বাইক আরোহী বিজয় বাউরী (২১) স্থানীয় সালডিহা গ্রামের বাসিন্দা বলে জানা গেছে।

# আত্মসমীক্ষার ভীষণ প্রয়োজন কংগ্রেসের

রাজদীপ সরদেশাই

আত্মসমীক্ষার ভীষণ প্রয়োজন এই মুহূর্তে। ভবিষ্যতের কথা ভেবেই দলকে শক্তপোক্ত এবং সক্ষম করে তুলতে হবে যাতে একুশ শতকের অন্যতম রাজনৈতিক শক্তি বিজেপির বিরুদ্ধে সমানে-সমানে টক্কার দিতে পারে।

২০১৯ লোসকভা নির্বাচনে কংগ্রেসের একঘর হয়ে যাওয়ার পরপরই জ্যোতিরাদিত্য সিন্ধিয়া দলের কার্যনির্বাহী কমিটির বৈঠকে নিজের বক্তব্য পেশ করতে গিয়ে কথাগুলি বলেছিলেন। কিন্তু সিন্ধিয়ার এই উদ্বেগবাণীতে বিশেষ হেলদোল দেখা যায়নি।

কায়মনোবাক্যে চুপ ছিলেন শীর্ষে থাকা নীতি নির্ধারকরা। ন’মাস পরে, নিস্তব্ধতা অবশেষে ঘুচল। জ্যোতিরিদিত্যা সিন্ধিয়া দল ছেএড় বেরিয়ে গেলেন। যোগ দিলেন বিজেপিতে। আন্দাজ করা যায়, মধ্যপ্রদেশে কংগ্রেস সরকারকে বিপাকে ফেলার জন্য এই সিদ্ধান্ত অত্যন্ত সুপরিকল্পিত একটি পদক্ষেপ।

নৈতিকতার পরোয়া না করা আদর্শচ্যুতে রাজনীতির যে চেহারা এখন সর্বত্র সুলভে দেখতে পাওয়া যায়, এই সিদ্ধান্তটি তারই আর একদফা উদাহরণ হয়ে রইল। এখন কী দেখা যায়? না, একদিন যে রাজনৈতিক যোদ্ধারা বিজেপির হিন্দুত্ববাদী অ্যাজেন্ডার বিরোধিতা করছেন, তাঁরা কিনা পরদিনই সুর ভোল পালটে হয়ে যাচ্ছেন গেরুয়া-ক্ষমাপ্রার্থী। সিন্ধিয়ার দলবদলও কতটা তাই ইতিমধ্যে মহারাষ্ট্রে ক্ষমতার দখল ও আদানপ্রদান নিয়ে বিচিত্র ক্রিয়াকলাপ আমাদের চোখে পড়েছে। সেখানে কংগ্রেস আর শিবসেনা একই দিকে ‘ধর্মনিরপেক্ষতা’-র যে লক্ষ্মণরেখা একটা সময় টানা হয়েছিল রাজনৈতিক পরিসরে, স্পষ্টত, সেই রেখা আজ যথেষ্টচ্ছাচারের সবুজ চারণভূমি হাতড়াতে হাতড়াতে ঝাপসা। একটা ছোট্ট দ্বিধাও রয়েছে যদিও এখানে।

এই দ্বিধা সিন্ধিয়ার দল ছাড়ার সিদ্ধান্তের সঙ্গে রাজ্যসভা নির্বাচনের নির্ঘণ্টের সমাপতন নিয়ে।৪৯ বছরের এই নেতা রাজ্য ও কেন্দ্রীয় রাজনীতিতে ক্রমশ কোণঠাসা অনুভব করছিলেন নিজেকে। তাই ক্ষমতায় পুনরুজ্জীবিত হওয়ার রাজনৈতিক উচ্চাভিলাষ হয়তো কাজ করছে তাঁর সিদ্ধান্তের পিছনে। ২০১৯ লোকসভায় নিজের আসন খোয়ানো এবং ২০১৮-তে মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রিত্বের দৌড়ে তাঁর বাদ পড়ে যাওয়ার হয়রানি এক্ষেত্রে সম্ভবত কাজ করছ। হৃত পদ পেতে সাহায্য করবে বিজেপি, আর পরিবর্তে বিজেপি পাবে প্রশাসন, সুযোগ সুবিধা দেওয়ার এই চুক্তি---নি-সন্দেহে অদম্য। তারসঙ্গে, ‘লুটেনস দিল্লি’ অর্থাৎ অভিজাত দিল্লির জাঁকজমক বৃত্ত ভুক্তদের ক্ষমতার উপরি পাওনা হাসিল করার দীর্ঘকালীন লোভ তো রয়েছেই। যেখানে কিনা ভি ভি আইপি সুবিধা নির্ধারিত হয় শুধুমাত্র আবাসিকদের ঠিকানার নিরিখে। নৈতিকতায় নয়।

কিন্তু কংগ্রেসের পরবর্তী প্রজন্মের এই উজ্জ্বল তারকার এহেন নাটকীয়



দলবদলের সিদ্ধান্ত তারকার এহেন নাটকীয় দলবদলের সিদ্ধান্ত কি শুধুমাত্রা ব্যক্তিগত উচ্চাকঙ্ক্ষা দিয়ে ব্যাখ্যা করা সম্ভব? সত্যিটা হল , সিন্ধিয়ার প্রস্থানের মধ্য দিয়ে দলটির বিপজ্জনক অবস্থা নির্দেশিত হচ্ছে। এবং তা যে অন্তর্দলীয় সমস্যার কারণে, বোঝা যাচ্ছে সেটাও। ভিতরে ভিতরে জীর্ণ হয়ে যাচ্ছে দলটা। যদি ২০১৪-র হার অনুমেয় হয়েই থাকে, তাহলে ২০১৯ লোসকসভায় দলের ছত্রভঙ্গ হয়ে যাওয়ার ঘটনা রাজনৈতিক শক্তি হিসাবে কংগ্রেসের সম্পূর্ণ বিনাশের সংকেত দিয়েছিল। গত লোকসভায় ১৯২টি আসনে লড়াই ছিল সরাসরি বিজেপি বনাম কংগ্রেসের। যেখানে বিজেপি ১৭৫টি আস জিতেছিল গড়ে ২৩ শতাংশের মার্জিনে। দিল্লির সাম্প্রতিক নির্বাচনে ৬৬ জন কংগ্রেস প্রার্থী হেরেছেন তো বটেই, তিনজন বাদে অন্যদের জমানত-ও জব্দ হয়েছে। এই ঘটনা আরও একবার প্রমাণ করে দেয়, এক সময়ের প্রভাবশালী শক্তি, কংগ্রেস, আজ সম্পূর্ণ ধসে পড়ার মুখে।

আর এত কিছুর পরেও নিজেদের নতুন করে গড়তে সামান্যতম প্রচেষ্টাও পরিলক্ষিত হচ্ছে না কংগ্রেসের মধ্যে। স্থিতাবস্থা ভাঙা, মতাদর্শগত স্বচ্ছতা আনা বা নতুন পরিকল্পনা এবং চনমনে মনোভাব আমদানি করে বিজেপির সামনে বলিষ্ঠ চ্যালেঞ্জ ছুড়ে দেওয়ার কোনও উদ্যোগ নেই। এমনকী, ২০১৪ সালে ক্ষমতাহীন হয়ে যাওয়ার পর থেকে একবারও দলটি তরফে এমন প্রচেষ্টা দেখা যায়নি। পার্টিকে নতুন করে ঢেলে সাজানোর কোনও উদ্যম দেখা যায়নি। খতম হয়নি আজও ‘মনোনয়ন’ সংস্কৃতি। যে সংস্কৃতির মাধ্যমে ক্ষমতাসীন উচ্চবিত্তদের সংস্পের্শে থাকার সুবাদেই নির্ধারিত হয় দলের পরবর্তী নেতৃত্ব। প্রায় দু’দশকের বেশি সময় পেরিয়ে গিয়েছে, কংগ্রেস ‘ওয়ার্কিং কমিটি’-তে শেষবার নির্বাচন হয়েছিল। ফলে ব্যাপারটা গিয়ে দাঁড়িয়েছে—কংগ্রেস হল এমন এক দল, যেখানে অবসরের বয়সীমা নেই। যেখানে ধামা ধরা চাটুকারী-বৃত্তি ফুলেফেঁপে ওঠার সুযোগ পায়। যেখানে, ৯২ বছর বয়সে পৌঁছেও মোতিলাল ভোরা রাজ্যসভায় যাওয়ার ব্যাপারে আশাবাদী হতে পারেন, কেননা দলের প্রতি বরাবর সামন্ততান্ত্রিক আনুগত্য দেখিয়ে এসেছেন।

সত্যি বলতে কী, কংগ্রেসের বর্তমান নেতৃত্বই এই সমস্যার জন্য সম্পূর্ণরূপে দায়ী। ২০১৯-এর মে মাসে, দলের প্রতি বিরূপতা হোক বা অবসাদ, কংগ্রেস সভাপতির পদ থেকে রাহুল গান্ধী ইস্তফা দেন, যা কোনও সমাধন সূত্র তো দিতে পারেইনি, উলটে দলটি হয়ে গেল হালভাঙা, দিকভ্রষ্ট। অন্তর্গত দলবাজির জটিলতায় বিপদও বাড়ল। আজ রাহুল গান্ধী হাতে যদিও বা শীর্ষ নেতৃত্বের ক্ষমতা নেই, কিন্তু নীতি নির্ধারণের প্রশ্নে তিনি দিব্যি আছেন। এই আশ্চর্য বন্দোবস্ত ভীষণ বিভ্রান্তিকর সংকেত দেয়। আমরা দেখেছি, হরিয়ানায় বিধানসভা নির্বাচনের ঠিক আগে ‘টিম রাহুল’ কেমন অনীহার সঙ্গে ভূপিন্দর সিং হুডা-র হয়ে প্রচার চালিয়েছিল। এই সিদ্ধান্তহীনতাই হয়তো বিজেপি শাসিত রাজ্যে কংগ্রেসের হারের কারণ হয়ে দাঁড়ায়। অথচ যেখানে কিনা কংগ্রেসের যথেষ্ট সুযোগ ছিল জেতার।, ’১৯-এর আগস্টে রাহুলের জায়গায় যখন শারীরিকভাবে অসুস্থ সোনিয়া গান্ধী অন্তর্বর্তী সভাপতির পদে বসলেন, প্রমাণ হয়ে গেল—গভীরে প্রোথিত চক্রটিকে তাঁরা ভাঙতে অনিচ্ছুক। পরিবারের প্রধান মাথাগুলির বাইরে বেরিয়ে আসার ঝুঁকি নিতেও অসমর্থ। সু-সময়ে নিঃসন্দেহের দলটিকে কার্যকর রাখতে পেরেছে এই পরিবার। কিন্তু অস্থির এবং প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে, না রাজনৈতিকভাবে বা না নৈতিকভাবে, দলীয় কর্মীদের সংঘবদ্ধ ও উজ্জীবিত রাখতে পেরেছে। পরিণাম দলীয় কাঠামোয় ক্রমিক অবক্ষয়। সর্বশক্তিশালী ‘হাই কমান্ড’ কর্মীদের থেকে বিচ্ছিন্ন, দলের নেতাদের থেকেও দূরবর্তী ও যোগাযোগহীন।

মধ্যপ্রদেশে চমৎকার উদাহরণ হতে পারে। কমল নাথ সেখানে দ্বৈত ভূমিকা পালন করছেন। মুখ্যমন্ত্রিত্বের পাশাপাশি কংগ্রেসের দলীয় সভাপতি। অন্যদিকে রয়েছেন দিগ্বিজয় সিং। দু’বারের মুখ্যমন্ত্রীর অভিজ্ঞতাসম্পন্ন। অর্থাৎ কিনা কংগ্রেস বেছে নিয়েছে সেই পথ যেখানে প্রবীণ প্রহরীরাই ক্ষমতার একচেটিয়া অধিকার কুক্ষীগত করে রেখেছেন, আর, এসবের জন্যই তো সিন্ধিয়ার মতো তরুণ রাজনীতিকরা হতাশাগ্রস্ত হয় পড়লেন। দলের প্রতি মোহ-মায়া কেটে গেল এঁদের।

বিশেষত, তাঁদের ইচ্ছা-অনিচ্ছার বিষয়ে দুর্বল শীর্ষ নেতৃত্বের হস্তক্ষেপে অনীহা এবং তাঁদের কথা শোনার প্রতি উদাসীনতা আরও বেশি করে সিন্ধিয়াদের ঠেলে দিল হতাশার দিকে। সিন্ধিয়া হয়তো ভেবেছিলেন, তাঁর ‘বন্ধু’ রাহুল হয়তো তাঁর পাশে দাঁড়াবেন। কিন্তু নেতৃত্বহীনতার কারণে চূড়ান্ত অব্যবস্থাৰ সৃষ্টি হল। যেখানে সমস্যার সম্মুখীন হয়ে সমাধানের চেষ্টা অপেক্ষাকৃতভাবে সহজ কাজ ছিল,সেটাই এখানে করা হল না। মধ্যপ্রদেশের মতোই অবস্থা প্রতিবেশী রাজ্য রাজস্থানেরও। যেখানে পরবর্তী প্রজন্মের সম্ভাব্য নেতা শচীন পাইলটকে সরিয়ে জায়গায় করে নিয়েছেন কর্তৃত্বপরায়ণ অশোক গেহলট, কংগ্রেস ‘ওল্ড অর্ডার’-এর আরেক শক্তিশালী প্রতিনিধি।

সিন্ধিয়া এবং পাইলট —দু’জনেরই হয়তো ‘নেতা’ হিসাবে রাজনৈতিক ভাবে কিছুটা অগ্রজদের তুলনায় ওজনহীন। বিগত প্রজন্মের বর্ষীয়ান নেতাদের তৃণমূল স্তরে শক্তিশালী নেটওয়ার্কিং রয়েছে—মানতে হবে। এও বলা যায়, রাজনৈতিক প্রভাবশালী দলের অংশ হয়েও সিন্ধিয়াদের ব্যক্তিগত উচ্চাশা ভোট মেশিনের সঙ্গে ততটা সংযুক্ত হতে পারেনি, বা বলা যেতে পারে, তাঁরা পারেননি। তাঁরা দু’জনেই কম বয়সে কেন্দ্রীয় মন্ত্রিত্বের ক্ষমতা পেয়েছিলেন, দু’জনকেই এমন অনেক ক্ষমতার অধিকার দেওয়া হয়েছিল,যা ওই প্রজন্মের অন্য নেতাদের কপালে জোটেইনি। তবে সিন্ধিয়াস পাইলট উভয়ের মধ্যেই সমসাময়িক রাজনীতির মূল্যবান গুণাবলি বর্তমান—তাঁরা তরুঁ। তাঁরা ‘নেতা’ রূপে চনমনে। এই সময়ের তরুণ প্রজন্মের ভাষায় তাঁরা কথা বলতে পারেন যেমন, তেমনই রয়েছে তাঁদের কার্যকর জনমুখিতা। এমন তরুণ, ক্যারিশম্যাটিক নেতার নক্ষত্র সমাবেশেই এখন কংগ্রেসের মরিয়া প্রয়োজন মেটাতে সক্ষম। যেখানে থাকবে দলীয় শৈলীতে আগা থেকে নখ পর্যন্ত ছাঁচবদল। এবং লক্ষ্য হবে বিজেপির ভোটযন্ত্রের সঙ্গে টক্কার দেওয়ার মতো অবস্থায় যেতে পারা। ভ্রান্তিকাটিয়ে সিন্ধিয়া হয়তো যুদ্ধের ময়দানে সহজ রাস্তাটাই বাছলেন বিজেপির সঙ্গে হাত মিলিয়ে। কিন্তু কংগ্রেসকে এখন যে প্রশ্ন চিন্তায় ফেলবে, তা হল—কেউ কি আর রইল পনে, যে কিনা লড়াই দিতে পারে জব্বরভাবে? পুনশ্চ যাঁরা খুচখাচ ঐতিহাসিক রসালো সত্য পছন্দ করেন, তাঁদের জানাই, বিজয় রাজে সিন্ধিয়া ১৯৬৭ সালে জন সংঘ এ যোগদানের আগে কংগ্রেসেই ছিলেন। তিনি মধ্যপ্রদেশের ডি পি মিশ্র শাসিত কংগ্রেস সরকারকে ফেলে দিয়েছিলেন। ৫৩ বছর পর ইতিহাস পুনরায় লিখিত হচ্ছে তাঁরই নাতির হাত ধরে। **(সৌজন্যে-প্রতিনিধি)**

# বিবেকানন্দ, তিলক ও ব্রিটিশবিরোধী প্রতিরোধ

গৌতম রায়

**পূর্ব প্রকাশের পর**

সমাজ সংস্কারের ভাবনা নিয়ে তিনি ‘সুধাকর’ নামক নতুন একটি পত্রিকার শুরু করেন। এই সময় থেকে আগরকর এবং তিলক পরস্পর পরস্পরের শত্রুতে পরিণত হন। গোপাল গণেশ সাগর আগরকরের বিশ্বাস ছিল, রাজনৈতিক সংস্কারের প্রাথমিক শর্তই হলো সমাজ সংস্কার।

সমাজ সংস্কারের পক্ষে বালগঙ্গাধর তিলকের কোনওদিন কোনওরকম প্রচ্ছন্ন অথবা পরোক্ষ সমর্থন ছিল না। সমাজ সংস্কারের থেকে তিনি অনেক বেশি গুরুত্ব দিতেন রাজনৈতিক সংস্কারের উপরে। গোপাল গণেশ আগরকারের সঙ্গে বিতর্কের কালে লোকমান্য তিলকের স্পষ্ট বক্তব্য ছিল, সমাজ সংস্কার হোক বা না হোক, সব থেকে আগে প্রয়োজন রাজনৈতিক সংস্কারের।

সমাজ সংস্কারের ভেতর দিয়ে ভারতীয় সমাজ ব্যবস্থার যে সমস্ত রক্ষণশীল আচর বিচার রয়েছে, সেগুলির উপর যে আক্রমণ আসছে, সেই সব অন্ধত্বের বিরুদ্ধে যেসব জনমত তৈরি হচ্ছে, তুচ্ছ আচারের মরুবালুরাশিকে গ্রাস করার জন্য যে বিচার শক্তি বোধশক্তি জন্ম নিচ্ছে, বালগঙ্গাধর তিলক ছিলেন তার তীব্র বিরোধী। ভারতীয় সমাজ ব্যবস্তাতে আচারের নামে এই সমস্ত কুসংস্কারের বিরুদ্ধে যে সমস্ত প্রতিবাদ, প্রতিরোধ সংগঠিত হচ্ছে, বালগঙ্গাধর তিলকের কেশরী এবং মারাঠা পত্রিকাতে তার বিরুদ্ধে জোরদার কলম চালাতেন।

তাঁর কাছে একমাত্র বিবেচ্য বিষয় ছিল,রাজনৈতিক অধিকার। এই রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে কিছু বাস্তব কর্মপন্থা যে তিলক অবলম্বন করেননি, তা কিন্তু নয়। তবে সবকিছুকে সেই সময়ের প্রেক্ষিতে কিন্তু আমাদের বিচার করা দরকার। তিলকের প্রথম জীবনে ভারতবর্ষের বিভিন্ন প্রান্তের মতো পুনা শহরে প্লেগের চরম প্রাদুর্ভাব হয়েছিল।

ব্রিটিশ প্রশাসন তখন পুনা শহরে প্লেগ দমনে সৈন্যবাহিনী নিয়োগ করেছিলেন। ব্রিটিশ সৈন্য বহিনীর এই শহরের প্লেগ ধ্বংসের ভূমিকাকে কেন্দ্র করে প্রথম জীবনের কিন্তু বালগঙ্গাধর তিলক ব্রিটিশ সেনাবাহিনীর প্রশংসায় মুখর হয়েছিলেন (আমাদের মনে রাখা দরকার পরবর্তীতে কলকাতা শহরে প্লেগ প্রতিরোধে ব্রিটিশের নিস্পৃহ ভূমিকা কিন্তু ভগিনী নিবেদিতাকে ব্রিটিশ শাসন সম্পর্কে সম্পূর্ণ মোহমুক্ত করেছিল। এই প্লেগ দমনে সেবা কাজে নিবেদিতাও রবীন্দ্রনাথ পথে নেমেছিলেন)। ক্রমে তিলকদেখলেন প্লেগ দমনে সৈন্যের যে ভূমিকা ছিল, সেই ভূমিকার থেকে আরও ভয়ঙ্কর ভূমিকা সেনাবাহিনী পালন করতে শুরু করল।

এবারকিন্তু কেশরী পত্রিকার মাধ্যমে তিলক প্রতিবাদকে ধ্বনিত প্রতিধ্বনিত করলেন। এই সময়কালে তিলক দেশের মানুষদের, বিশেষ করে মহারাষ্ট্রে মানুষদের মনে ব্রিটিশবিরোধী মানসিকতা নির্মাণে এমন কিছু উগ্র আক্রমণাত্মক কথাবার্তা বললেন, যেগুলি সাময়িকভাবে হয়তো সাধারণ মানুষকে ব্রিটিশের বিরুদ্ধে ক্ষুব্ধ করে তুলতে অনেকখানি সাহায্য করেছিল। তবে সেইসব কথাগুলি পরবর্তীকালে সম্প্রীতির প্রশ্নে, ভারতবর্ষের বহুত্ববাদী, সমন্বয়ী চেতনার প্রশ্নে অত্যন্ত ক্ষতিকারক হয়ে দাঁড়ায়।

এই সময়কালে পুনে শহরের এক বিশিষ্ট অধ্যাপক ভানু শিবাজী ও আফজাল খাঁ বিষয়ক বক্তৃতা মালার আয়োজন করেন। সেই বক্তৃতামালাতে সভাপতিত্ব করেছিলেন বালগঙ্গাধর তিলক। সংশ্লিষ্ট সভায় তিলকের বক্তৃতাকে উদ্ধৃত করে ১৮৭৯ সালের ১৫ জুন তিলক সম্পাদিত কেশরী পত্রিকায় লেখা হচ্ছে আফজাল খান হত্যাকাণ্ডের ব্যাপারে নুতন ঐতিহাসিক সংবাদ সংগ্রহের প্রয়োজন নেই। একথায় ধরে নিয়ে এগোনো যাক, শিবাজী পূর্বপরিকল্পনা অনুযায়ী আটজনকে হত্যা করেছিলেন। শিবাজীর এই কাজ আজ ভালো না মন্দ, তার মীমাংসার জন্য পেনাল কোডের বিধি-বিধান অনুযায়ী সমিতির দ্বারস্থ আমাদের হতে হবে না। অথবা পাশ্চাত্য কিংবা প্রাচ্য কিংবা অন্য নীতিশাস্ত্রে সাহায্য সহযোগিতা নেবার কোনও দরকার আমাদের নেই।

আমরা অত্যন্ত সাধারণ মানুষ। আমাদের মতো সাধারণ মানুষদের জন্যই তৈরি হয়েছে শাস্ত্রবিধি। তা না হলে মুনিঋষিদের পারিবারিক ইতিহাস নিয়ে কেউ মাথা ঘামায় না, অথবা কেউ রাজারবিশেষ কাজের জন্য সেই সব রাজ্যের উপর অপরাধের দোষ পাপিয়ে দেয় না। বিরাট বিরাট মানুষেরা কিন্তু সাধারণভাবে শাস্ত্রবিধির ঊর্ধ্বে নিজেদের অবস্থানকে রাখেন।

এই বিরাট বিরাট মানুষেরা যেসব স্তরে অবস্থান করেন, সেই সব স্তরে এইসব শাস্ত্রে নিয়ম পৌঁছতে পর্যন্ত পারে না। আফজল খাঁকে হত্যা করে শিবাজী কি অন্যায় করেছিলেন? এই প্রশ্নের উত্তরের জন্য আমাদের মহাভারতের দ্বারস্থ হতে হয়।

ভগবত গীতায় শ্রীকৃষ্ণ অর্জুনকে তাঁর আত্মীয়স্বজন, জ্যেষ্ঠদের পর্যন্ত মারতে পারমর্শ দিয়েছিলেন ফলের আকাঙ্ক্ষা না রেখে। যদি আমরা ফলের আকাঙ্ক্ষা না রেখে কোনও কাজ করি, তাহলে সেই কাজের মধ্যে কোনও দোষ থাকে না। আমাদেরমনে রাখা দরকার যে, শিবাজী মহারাজ কিন্তু কখনও কোনও অবস্থাতে তাঁর নিজের স্বার্থে কোনও কাজ করেননি। জনকল্যাণের কথা ভেবেই তিনি ন্যায়ের উদ্দেশ্যে আফজাল খাঁকে হত্যা করেছিলেন। কোনও বাড়িতে যদি চোর ঢোকে, আর তাকে তাড়াবার মতো শক্তি যাত আমরা না থাকে,তাহলে অবশ্যই চোরকে ঘরের মধ্যে বন্ধ করে পুড়িয়ে মারতে পারা যায়। এভাবে পুড়িয়ে মারার জন্য কোনওরকম বিবেক দংশনের প্রয়োজনীয়তা নেই। আমাদের মনে রাখা দরকার, সর্বশক্তিমান ঈশ্বর কিন্তু কখনও কোনও তাম্রপত্র খোদাই করে বিদেশিদের ভারত শাসনের অধিকার দেননি। শিবাজী মহারাজ বিদেশিদের নিজের পিতৃভূমি থেকে তাড়াতে চেয়েছিলেন। তা ছাড়া তাঁর মধ্যে আর অন্য কোনওরকম লোভের বিষয়ে বিন্দুমাত্র ছিল না। তিলকের এই বক্তৃতা, পরবর্তীকালে হিন্দু সাম্প্রদায়িক চিন্তা চেতনার বিকাশে ভয়ঙ্কর রকমভাবে সহায়ক হলেও, ব্রিটিশ সাম্রাজ্যবাদ বিরোধী সশস্ত্র বিপ্লববাদী চেতনার বিকাশে মারাঠি জনগণের ভেতরে এই বক্তৃতার বিশেষ রকমের প্রভাব বিস্তার করেছিল, সেটি কিন্তু আমাদের ভুলে গেলে চলবে না। তিলকের এই ভয়ঙ্কর সাম্প্রদায়িক বক্তৃতার অল্প কয়েকদিনের ভিতরে কিন্তু আমাদের দেশে রাজনৈতিক প্রেক্ষাপটে বেশ কিছু বড়সড় ঘটনা ঘটেছিল। এই সময়কালে গোটা দেশের মতোই মহারাষ্ট্রে পালিত হচ্ছিল ইংল্যান্ডেশ্বরী রানি ভিক্টোরিয়ার জুবিলি উৎসব। **সমাপ্ত (সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**



শুক্রবার আইজিএম হাসপাতালে করোনা আক্রান্ত কোনও রোগী রাজ্যে চিহ্নিত হলে ওই স্পেশাল ওয়ার্ডে তাকে রাখা হবে। ছবি- নিজস্ব।

# পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য অসমে দ্বিতীয় স্থান লাভ হাফলং সিভিল হাসপাতালের

হাফলং (অসম), ১৩ মার্চ (হি.স.) : স্বচ্ছতা ও পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য রাজ্যে দ্বিতীয় স্থান লাভ করে হাফলং অসামরিক চিকিৎসালয়। রাষ্ট্রীয় স্বাস্থ্য মিশন ২০১৯-২০ বর্ষের কায়াকল্প পুরস্কার ঘোষণা করেছে।

রাজ্যে ১৫টি সরকারি হাসপাতালের মধ্যে প্রথম স্থান দখল করে তিনসুকিয়া অসামরিক চিকিৎসালয় এবং দ্বিতীয় স্থান দখল করেছে হাফলং অসামরিক চিকিৎসালয়। তার আগে ২০১৭-১৮ বর্ষে স্বচ্ছতা ও পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য রাজ্যে প্রথম স্থান দখল করতে সক্ষম হয়েছিল। পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য চিকিৎসালয়ের চিকিৎসক নার্স ও স্বাস্থ্য কর্মীদের নিরলস প্রচেষ্টা ও ডায়ারিয়া প্রতিরোধ এবং স্বাস্থ্যকর পরিবেশ রক্ষা করে চিকিৎসালয়কে স্বচ্ছ রাখার জন্য রাষ্ট্রীয় স্বাস্থ্য মিশন রাজ্যের ১৫টি অসামরিক চিকিৎসালয়কে কায়াকল্প পুরস্কার প্রদান করে।

এর মধ্যে হাফলং অসামরিক চিকিৎসালয় দ্বিতীয় স্থান লাভ করতে সক্ষম হয়। এদিকে তিনসুকিয়া অসামরিক চিকিৎসালয় ৮৩-৩০ শতাংশ নম্বর নিয়ে প্রথম স্থান দখল করতে সক্ষম হয়। অন্যদিকে হাফলং অসামরিক চিকিৎসালয়ের প্রাপ্ত নম্বর হচ্ছে ৭৯-৯০ শতাংশ। তাছাড়া ৭১-৭০ শতাংশ নম্বর পেয়ে শিলচর এস এম দেব অসামরিক চিকিৎসালয় রয়েছে একাদশ স্থানে এবং তালিকায় ৭০-২০ শতাংশ নম্বর নিয়ে তালিকার সবার নীচের স্থানে রয়েছে গোয়ালপাড়া অসামরিক চিকিৎসালয়।

রাষ্ট্রীয় স্বাস্থ্য মিশনের কার্যনির্বাহী অধিকর্তা এ সি বৈশ্য কায়াকল্প পুরস্কারের কথা ঘোষণা করে রাজ্যের ১৫টি জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যানণ বিভাগের যুগ্ম অধিকর্তাদের কাছে পত্র প্রেরন করেছেন।

এদিকে শুক্রবার হাফলং অসামরিক চিকিৎসালয়ে আধুনিক সুবিধাযুক্ত তিনটি নতুন অ্যাম্বুলেন্সের ফ্ল্যাগ অফ করেছেন উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য (সিইএম) দেবোলাল গারলোসা। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে দেবোলাল বলেন, এই তিনটি অ্যাম্বুলেন্স মাইবাং সরকারি হাসপাতাল, লাংটিং মডেল হাসপাতাল ও হাফলং সরকারি হাসপাতালের রোগীদের জন্য অনেক সহায়ক হবে। তিনি বলেন, ইতিমধ্যে রাজ্য সরকার ঘোষণা করেছে, ডিমা হাসাও জেলায় নতুন একটি মেডিক্যাল কলেজ স্থাপন করা হবে। তবে শীঘ্রই এই মেডিক্যাল কলেজ নির্মাণের কাজ শুরু হবে বলে জানিয়ে সিইএম জানান, মাইবাং সরকারি হাসপাতাল উন্নতমানের করার কাজ চলছে। তাছাড়া ডিমা হাসাও জেলায় নতুন ১০ জন এমবিবিএস চিকিৎসক নিয়োগ করা হয়েছে বলে জানিয়ে দেবোলাল গারলোসা বলেন, হাসপাতালের চিকিৎসক সহ সকল স্বাস্থ্য কর্মীর নিরলস প্রচেষ্টার জন্যই পরিষ্কার পরিচ্ছন্ন ও স্বচ্ছতার দিক দিয়ে হাফলং সরকারি হাসপাতাল রাজ্যে দ্বিতীয় স্থান লাভ করতে সক্ষম হয়েছে।

# বিধায়ক রাজদীপ দল ছাড়ছেন, মন্ত্রী হিমন্তবিশ্বের ঘোষণার পর ঝড় কংগ্রেস মহলে

শিলচর (অসম), ১৩ মার্চ (হি.স.) : ২০২১ সালের অসম বিধানসভার নির্বাচন এবং সম্প্রতি চলছে রাজ্যসভার নির্বাচন নিয়ে ব্যাপক তোড়জোড়। বিজেপির কাছে দুটি নির্বাচনই কঠিন অগ্নিপরীক্ষার। রাজ্যসভায় যাতে সবকটি আসনে বিজেপি ও শরিক তথা সমর্থিত প্রার্থীরা বিজয়ী হতে পারেন এর জন্য মরিয়া দলের নেতারা। অসমে গেরুয়া ব্রিগেডের চাণক্য বলে খ্যাত হিমন্তবিশ্ব শর্মা ইতিমধ্যে রাজ্য রাজনীতির সমীকরণের কাউন্ট ডাউনের এক আভাস দিয়েছেন।

শুক্রবার তিনি স্পষ্ট ভাষায় জানিয়েছেন, বরাক উপত্যকার লক্ষ্মীপুরের বিধায়ক রাজদীপ গোয়ালা কংগ্রেস ছাড়ছেন। আগামী ২৬ মার্চ রাজ্যসভা নির্বচনের আগেই বিজেপিতে যোগ দিচ্ছেন কংগ্রেসি বিধায়ক রাজদীপ। এছাড়া আরও দুয়েকজন বিধায়কও তাঁর দলে আসার লাইনে রয়েছেন বলে শুনিয়ে রেখেছেন নেডা-র আহ্বায়ক হিমন্তবিশ্ব শর্মা।

বরাক উপত্যকার অন্যতম শক্ত ঘাঁটি হিসেবে পরিচিত কাছাড়ের লক্ষ্মীপুর বিধানসভা আসন বহু বছর ধরে রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা কংগ্রেস নেতা প্রয়াত দীনেশ প্রসাদ গোয়ালার দখলে। এই আসন থেকে টানা সাতবার বিধায়ক হয়েছেন, চারবার ছিলেন ক্যাবিনেট মন্ত্রী। তাঁর মৃত্যুর পর ছেলে রাজদীপ বাবার আসনটি কংগ্রেসের দখলেই রেখেছেন। রাজদীপ বর্তমানে অসম বিধানসভার পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান। এছাড়া তিনি বরাক চা শ্রমিক ইউনিয়নের সহকারী সম্পাদকও।

হঠাৎ করে রাজদীপের দলত্যাগের খবর কংগ্রেস শিবিরকে হতবাক করে দিয়েছে। কারণ বর্তমানে কাছাড় জেলায় কংগ্রেস দলের মাত্র একজনই বিধায়ক বিদ্যমান, তিনি রাজদীপ গোয়ালা। আজ হিমন্তবিশ্ব শর্মার এই ঘোষণার পর ডেমেজ কন্টোলে ইতিমধ্যেই মাঠে নেমে পড়েছেন প্রদেশ কংগ্রেসের শীর্ষ নেতারা।

প্রদেশ কংগ্রেস সভাপতি রিপুন বরা দাবি করেছেন, হিমন্তবিশ্ব শর্মা কংগ্রেসের মধ্যে অস্বস্তিকর পরিস্থিতি তৈরি করতে উল্টো-পাল্টা প্রলাপ বকছেন। বর্তমানে রাজদীপ তাঁর মায়ের চিকিৎসার জন্য দিল্লি রয়েছেন। এদিকে বরাক চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক তথা প্রাক্তন মন্ত্রী অজিত সিংহেরও দাবি, তা কোনওদিন সম্ভব নয়। হিমন্তবাবু কেন এবং কী উদ্দেশ্যে এমন গুজব ছড়াচ্ছেন তা বুঝে উঠতে পারছেন না অজিত সিং। তবে রাজদীপের বাবা সাতবারের বিধায়ক ও চারবারের মন্ত্রী প্রয়াত দীনেশপ্রসাদ গোয়ালা নিজের হাতে বরাক উপত্যকায় সংগঠন গড়েছেন। তাই এমন ঘরের ছেলে দল (কংগ্রেস) ছাড়বে এমন ভাবনা করাও ঠিক হবে না।

বর্তমানে বরাকে কংগ্রেস নেতৃত্বের কি সংকট সৃষ্টি হয়েছে? এই প্রশ্নের জবাবে প্রাক্তন মন্ত্রী অজিত সিং বলেন, কংগ্রেস কোনও ব্যক্তিকেন্দ্রীক দল নয়। কারও জন্য দলের ক্ষতি হয় না। এদিকে এ ব্যাপারে রাজদীপ গোয়ালা কোনও প্রতিক্রিয়া ব্যক্ত করেননি। তিনি শুধু জানান, বর্তমানে তিনি তাঁর মায়ের চিকিৎসার জন্য দিল্লিতে রয়েছেন। সম্ভবত আগামী ১৭ মার্চ রাজ্যে ফিরতে পারেন।

# আইটিবিপি''র কোয়ারান্টাইন সেন্টারে উহান থেকে আসা ১১২ জনকে সুস্থভাবে ফেরানো হল

নয়াদিল্লি ১৩ মার্চ (হি.স.): চিনের উহান থেকে আইটিবিপি''র কোয়ারান্টাইন সেন্টারে যে ১১২ জনকে আনা হয়েছিল শুক্রবার তাদের নিজেদের বাড়িতে পাঠিয়ে দেওয়া হয়েছে। তাঁদের সকলের শরীরে করোনার ভাইরাসের নমুনা না মেলায় প্রত্যেককেই ক্যাম্প থেকে নিজেদের বাড়ি যাওয়ার অনুমতি দেওয়া হয়েছে।

এদিন রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রী নিত্যানন্দ রায় এবং আইটিবিপি-র পরিচালক এসএস দেশওয়াল আইটিবিপি চাওলা কোয়ারানটাইন সেন্টারের রোগী ও কর্মীদের সাথে সাক্ষাত করেন।

প্রত্যেককে গোলাপ ফুল, আইটিবিপি ক্যালেন্ডার এবং তাঁদের সুস্থ থাকার প্রমান হিসেবে শংসাপত্র দেন তিনি। প্রসঙ্গত, ২৭ ফেব্রুয়ারি করোনার ভাইরাসে আক্রান্ত চিনের উহান থেকে ১১২ জনকে ভারতে আনা হয়েছিল।

তাদের ২৭ ফেব্রুয়ারির এবং ১১ মার্চ দুবার রক্তের নমুনা নেওয়া হয়েছিল পরীক্ষা করার জন্যঊ সেই পরীক্ষার রিপোর্টই নেতিবাচক আসায় তাঁদের পুনরায় নিজেদের বাসস্থানে পাঠিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছেঊ। এই ১১২ জনের মধ্যে ৭৬ জন ভারতীয় এবং ৩৬ জন বিদেশী রয়েছেনঊ এদের মধ্যে ৫ জন শিশু, ৮টি পরিবার রয়েছে। বিদেশী নাগরিকদের মধ্যে চিন থেকে ৬ জন, বাংলাদেশ থেকে ২৩ জন, মায়ানমার ও মালদ্বীপ থেকে ২ জন করে, মার্কিন যুক্তরাষ্ট্রের ১ জন, দক্ষিণ আফ্রিকা থেকে ১ জন এবং মাদাগাস্কারের ১ জন অন্তর্ভুক্ত রয়েছে। এদের প্রত্যেককে সমস্ত মৌলিক সুযোগসুবিধা সরবরাহ করার পাশাপাশি আইটিবিপির চিকিৎসকরা প্রতিদিন তাঁদের মেডিকেল টেস্ট করতেন বলেও এদিন দাবি করা হয় আইটিবিপির তরফে।

উল্লেখ্য, এই আইটিবিপি কেন্দ্রটি দেশের সবচেয়ে বড় কোয়ারান্টাইন কেন্দ্র, যেখানে এখন পর্যন্ত উহান থেকে আসা সর্বাধিক ৫১৮ জনকে সফলভাবে চিকিতা করা হয়েছে। এর মধ্যে শিশু ও মহিলারাও রয়েছেন। এছাড়াও, ৭ টি প্রতিবেশী দেশের নাগরিকদেরও এখানে আলাদা করে রাখা হয়েছিল।

# কাছাড়ে প্রায় দশ লক্ষ টাকার হেরোইন উদ্ধার, আটক মহিলা-সহ তিন

শিলচর (অসম), ১৩ মার্চ (হি. স.) : হেরোইন সহ মণিপুরের তিন নেশা পাচারকারীকে গ্রেফতার করেছে কাছাড় পুলিশ। তিনজনের মধ্যে একজন মহিলাও রয়েছেন। শুক্রবার বেলা আনুমানিক দুটা নাগাদ লক্ষ্মীপুরের এসডিপিও অনুরাগ শর্মা, জিরিঘাটের ওসি সমর রায় পুলিশ বাহিনী নিয়ে গোপন সূত্রের ভিত্তিতে অভিযান চালিয়ে হেরোইন সহ তিন নেশা কারবারিকে আটক করেছেন। পুলিশ সূত্রে জানা গেছে, তাদের কাছে খবর ছিল মণিপুরের কয়েকজন আজ হেরোইন লেনদেন করছে। সূত্রের ভিত্তিতে উত্তর লালপানিতে ট্র্যাকিং শুরু করা হয়। তখন আপার লবণখাল থেকে আগত এএস ১১ সিসি ৫০৩৪ নম্বরের একটি অটোরিকশাকে সন্দেহের বশে আটক করে তল্লাশি চালিয়ে ৬০ গ্রাম হেরোইন-সহ তিন জনকে আটক করা হয়। মহিলা সহ যে তিনজনকে আটক করা হয়েছে তারা প্রত্যেকেই মণিপুরের বাসিন্দা। আটক তিনজনের নাম জানিয়েছে পুলিশ। তারা মণিপুরের তামংলং পাইথলের প্রয়াত জনৈক মাঙ্গা সিংসনের ছেলে লেন সিংসন (৩৮), একই এলাকার প্রয়াত নাগমা সিংসনের মেয়ে এবং মিমিন সিংসনের স্ত্রী থেমনু সিংসং (৩৪) এবং তৃতীয়জন মণিপুরের জিরিবাম উচাতলের এসাক মার (২৩)। পুলিশ জানিয়েছে, ধৃতদের কাছ থেকে একটি মোবাইল ফোন বাজেয়াপ্ত করা হয়েছে। পুলিশ জানিয়েছে চোরাবাজারে উদ্ধারকৃত হেরোইনগুলির মূল্য আনুমানিক ১০ লক্ষ টাকা হবে। জিজ্ঞাসাবাদের ভিত্তিতে ধৃতদের বিরুদ্ধে নারকোটিক ড্রাগস অ্যান্ড সাইকোট্রপিক সাবসট্যান্সেস অ্যাক্ট, ১৯৮৫ (এনডিপিএস)-এর নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে বলে জানিয়েছেন লক্ষ্মীপুরের এসডাপিও অনুরাগ শর্মা। এখানে উল্লেখ্য, অসম-মণিপুর সীমান্ত এলাকা থেকে গত দুমাসে কয়েকজন নেশা কারবারি-সহ প্রায় কোটি টাকার ড্রাগস বাজেয়াপ্ত করেছে পুলিশ।

# এবার করোনাভাইরাসে আক্রান্ত অস্ট্রেলিয়ার স্বরাষ্ট্রমন্ত্রী পিটার ডটনও

সিডনি, ১৩ মার্চ (হি.স.): এবার করোনাভাইরাসে আক্রান্ত অস্ট্রেলিয়ার স্বরাষ্ট্রমন্ত্রী পিটার ডটনও ঊ শুক্রবার টুইটারে এ তথ্য নিশ্চিত করেন পিটার। জানা গেছে শুক্রবার সকালে গলাব্যথা ও জ্বর নিয়ে তার ঘুম ভাঙে। দ্রুত কুইন্সল্যান্ড হাসপাতালের স্বাস্থ্য বিভাগে যোগাযোগ করে পরীক্ষা করা হলে করোনা ভাইরাস পজিটিভ আসে বলে জানান পিটার। টুইটারে তিনি লেখেন, আজ সকালে গলাব্যথা ও জ্বর নিয়ে আমার ঘুম ভাঙে। বর্তমানে আমি কুইন্সল্যান্ড হাসপাতালেই ভর্তি। এখন ভালো আছি।

ছয়ের পাতায়

# করোনা-সংক্রমণ রুখতে, সংসদের অধিবেশন কমিয়ে আনা উচিত : হরসিমরত

নয়াদিল্লি, ১৩ মার্চ (হি.স.): করোনাভাইরাসের সংক্রমণ রুখতে, সংসদের বাজেট অধিবেশনের দিন কমিয়ে আনা উচিতঊ সরকারের উচিত এ বিষয়ে চিন্তাভাবনা করাঊ শুক্রবার এমনই মন্তব্য করেছেন কেন্দ্রীয় মন্ত্রী তথা অকালি দলের নেত্রী হরসিমরত কৌর বাদলঊ হরসিমরতের কথায়, 'করোনাভাইরাসের সংক্রমণ রুখতে, সংসদের অধিবেশনের দিন কমিয়ে আনা উচিতঊ সরকারের এ বিষয়ে চিন্তা করা উচিত।

যদিও, এর আগে বৃহস্পতিবারই লোকসভার স্পিকার ওম বিড়লা জানিয়েছিলেন, করোনার প্রেক্ষিতে সংসদের অধিবেশন মুলতুবি হওয়ার প্রস্তাব নেইঊ কোভিড-১৯ নভেল করোনাভাইরাসের প্রকোপে উদ্বেগ বাড়ছে ভারতেঊ প্রতিদিনই লাফিয়ে লাফিয়ে বাড়ছে আক্রান্তের সংখ্যাঊ শুক্রবার ভারতে আক্রান্তের সংখ্যা পৌঁছেছে ৭৫-এঊ করোনা-আতঙ্কে সাংসদদের অনেকেই এখন মুখে মাস্ক পরে বা স্যানিটাইজার নিয়ে সংসদে আসছেন।

# জন্তুদের স্পর্শ করলে ছড়ায় না করোনাভাইরাস মানেকা গান্ধী

নয়াদিল্লি, ১৩ মার্চ (হি.স.): জন্তুদের স্পর্শ করলে ছড়ায় না করোনাভাইরাসঊ তাই মিথ্যে ছড়ানো বন্ধ হোকঊ সরকারি স্বাস্থ্য দফতরের কাছে এমনই অনুরোধ রেখেছেন বিজেপি নেত্রী মানেকা গান্ধীঊ শুক্রবার বিজেপি নেত্রী মানেকা গান্ধী বলেছেন, বেশ কিছু সরকারি স্বাস্থ্য দফতরের বিরুদ্ধে আমি অনেক অভিযোগ পেয়েছি যে, তাঁরা করোনাভাইরাস সম্পর্কে সচেতনতা হিসেবে জনগণকে পশুদের স্পর্শ না করার পরামর্শ দিচ্ছেনঊ জীবজন্তুর মাধ্যমে এই ভাইরাস আদৌ ছড়ায় নাঊ ওই সমস্ত দফতরের কাছে আমার অনুরোধ, মিথ্যে ছড়াবেন না।

এদিকে, করোনা নিয়ে বিজেপি সাংসদ হেমা মালিনী বলেছেন, প্রত্যেকের সাবধান ও সুরক্ষিত থাকা উচিত এবং বিদেশ ভ্রমণ থেকে বিরত থাকা উচিতঊ ভিসা বাতিল করা হয়েছে, এটা খুবই ভাল ব্যাপারঊ কিন্তু, তা নিয়ে রসিকতা করা হচ্ছেঊ হোয়াটসঅ্যাপে রসিকতা করা হচ্ছে, 'করোনা, মারোনা', এই বিষয়টিকে হালকাভাবে নেওয়া উচিত নয়।

# হাফলং-শিলচর জাতীয় সড়কে নিম্নমানের কাজ হচ্ছে, অভিযোগ নির্মাণ সংস্থার বিরুদ্ধে

হাফলং (অসম), ১৩ মার্চ (হি.স.) : হাফলং-শিলচর ৫৪ নম্বর জাতীয় সড়কের জাটিঙ্গা থেকে হারাঙ্গাজাও পর্যন্ত নিম্নমানের সড়ক নির্মাণ করার অভিযোগ উঠল দক্ষিণ ভারতের নির্মাণ সংস্থা রত্না ইনফ্রা প্রাইভেট লিমিটেড কোম্পানির বিরুদ্ধে। হাফলং-শিলচর ৫৪ নম্বর জাতীয় সড়কের জাটিঙ্গা থেকে হারাঙ্গাজাও পর্যন্ত ২৫ কিলোমিটার বেহাল সড়ক সংস্কারের বরাত দেওয়া হয়েছে দক্ষিণ ভারতের রত্না ইনফ্রা নামের একটি নির্মাণ সংস্থাকে। কিন্তু রত্না ইনফ্রা এই কাজের বরাত কমিশন ভিত্তিক শিলচরের লক্ষ্মী মটরসের হাতে তুলে দিয়েছে। ইতিমধ্যে এই ২৫ কিলোমিটার বেহাল সড়কটি সংস্কার করে ব্ল্যাকটপিং করে তোলার জন্য জাতীয় সড়ক কর্তৃপক্ষ ৫৪ কোটি টাকা বরাদ্দও করেছে। কিন্তু জাটিঙ্গা হারাঙ্গাজাও অংশে কাজ চলার মধ্যেই রাস্তার অনেক স্থানে ব্ল্যাকটপিং উঠে পড়তে শুরু করেছে।

স্থানীয় মানুষের অভিযোগ, দীর্ঘ কয়েক দশক থেকে হাফলং-শিলচর ৫৪ নম্বর জাতীয় সড়কের জাটিঙ্গা থেকে হারাঙ্গাজাও পর্যন্ত ২৫ কিলোমিটার অংশ বেহাল অবস্থায় পড়ে থাকার পরও জাতীয় সড়ক কর্তৃপক্ষ সড়কটি সংস্কারে তেমন গুরুত্ব দিচ্ছিল না এতদিন। কিন্তু বিভিন্ন দল ও সংগঠনের ধারাবাহিক আন্দোলনের পর চাপে পড়ে অবশেষে সড়কটি সংস্কারের জন্য জাতীয় সড়ক কর্তৃপক্ষ ৫৪ কোটি টাকা বরাদ্দ করে। এর পর এবার ঠিকাদার সংস্থার বিরুদ্ধে নিম্নমানের কাজ করার অভিযোগ উঠতে শুরু করেছে। সড়কটি সংস্কার করে পিচের প্রলেপ দেওয়ার পরই উঠে আসছে পিচের প্রলেপ। নির্মাণ কাজ চলার মধ্যেই যদি এই অবস্থা হয় সড়কটির, তা-হলে বর্ষার মরশুমে বৃষ্টির জল রাস্তার পিচের প্রলেপ সম্পূর্ণ ধূয়ে মুছে নিয়ে যাবে তা এক প্রকার নিশ্চিত। আর এতে সড়কটির স্থায়িত্ব নিয়ে দেখা দিয়েছে প্রশ্ন।

অভিযোগ মতে, রত্না ইনফ্রা নির্মাণ সংস্থার কাছ থেকে কমিশন ভিত্তিতে কাজ নিয়ে অতি নিম্নমানের কাজ করছে শিলচরের

ছয়ের পাতায়

# আগামী ১৫ মার্চ বেঙ্গালুরুতে শুরু হতে চলেছে আরএসএস-এর তিনদিনের এবিপিএস

বেঙ্গালুরু, ১৩ মার্চ (হি.স.): আগামী ১৫ মার্চ শুরু হতে চলেছে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস)-এর তিনদিনের 'আখিল ভারতীয় প্রতিনিধি সভা (এবিপিএস) -২০১০'। আরএসএস-এর এই বার্ষিক বৈঠক চলবে ১৭ মার্চ পর্যন্ত । আরএসএসের সপ্তম এবিপিএস আয়োজিত হচ্ছে কর্ণাটকের বেঙ্গালুরুতে । শুক্রবার সাংবাদিক সম্মেলনে একথা জানান সঙ্ঘের অখিল ভারতীয় প্রচার প্রমূখ অরুণ কুমার।

আজ বেঙ্গালুরুর জন পরিষেবা বিদ্যা কেন্দ্রে এক সাংবাদিক সম্মেলনে সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি বলেন, সঙ্ঘের অখিল ভারতীয় প্রতিনিধি সভা (এবিপিএস) হল সঙ্ঘের সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণকারী সমিতি ঊ যা বছরে একবার দেশের বিভিন্ন শহরে আয়োজিত হয়।

এবারের অখিল ভারতীয় প্রতিনিধি সভা আগামী ১৫ মার্চ সকাল সাড়ে ৮ টায় উদ্বোধন করা হবে কর্ণাটকের বেঙ্গালুরুতে। চলবে ১৭ মার্চ পর্যন্ত ঊ তিনি জানান, প্রতিনিধি সভায় সমসাময়িক বিষয় নিয়ে আলোচনা হয় এবং প্রতিনিধিরা প্রয়োজন মত বিভিন্ন বিষয়ও তুলতে পারেন। সিএএ এবং অন্যান্য বিষয়গুলিও আলোচনা করা যেতে পারে।

প্রতিনিধি পরিষদের সভায় বিগত বছরের কাজ পর্যালোচনা করার পাশাপাশি আগামী বছরের পরিকল্পনার বিষয়ে আলোচনা হবে।

তিনি বলেন, প্রতিনিধি সভায় ১৫০০ জন কার্যকর্তা অংশ নেবেন, যার মধ্যে দেশের ৪৪টি প্রদেশের নির্বাচিত প্রতিনিধি, বিশেষ আমন্ত্রিত সদস্য, রাষ্ট্র সেবিকা সমিতির প্রতিনিধিরা অংশ নেবেন। এছাড়াও ৩৫টি আনুসঙ্গিক সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদকদের সঙ্গে অন্যান্য একাধিক বিশিষ্ট ব্যক্তিকে আমন্ত্রণ জানান হয়েছে।

সরসঙ্ঘচলক মোহন ভাগবতের উপস্থিতিতে ওই বৈঠক পরিচালনা করবেন সরকার্যবাহ ভাইয়াজি জোশী ঊ বৈঠকের শেষ দিন ১৭ মার্চ, সরকার্যবাহ সর্বভারতীয় প্রতিনিধি সভায় গৃহীত সিদ্ধান্তগুলি ও পাশ হওয়া প্রস্তাবগুলি সম্পর্কে বিশদ তথ্য দেবেন।

এদিনের সাংবাদিক সম্মেলনে অরুণ কুমারের সঙ্গে উপস্থিত ছিলেন অখিল ভারতীয় সহপ্রচার প্রমূখ নরেন্দ্র ঠাকুর, দক্ষিণ মধ্য ক্ষেত্রের কার্যবাহ টিপ্পস্বামী।

# সমাজে ইতিবাচক পরিবর্তনে ১৫ লক্ষ স্বয়ংসেবকে সক্রিয় করবে আরএসএস : অরুণ কুমার

বেঙ্গালুরু, ১৩ মার্চ (হি.স.): সমাজে ইতিবাচক পরিবর্তন এবং সমাজের চাহিদা পূরণের জন্য ১৫ লক্ষ স্বয়ংসেবকে সক্রিয় করা হবে ঊ শুক্রবার একথা বলেন, রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস) অখিল ভারতীয় প্রচার প্রমূখ অরুণ কুমার।

বেঙ্গালুরুতে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস)এর অখিল ভারতীয় প্রতিনিধি সভার আগে শুক্রবার সাংবাদিকদের মুখোমুখি রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস) অখিল ভারতীয় প্রচার প্রমূখ অরুণ কুমারঊ এদিনের সাংবাদিক সম্মেলনে তিনি জানান, সমাজে ইতিবাচক পরিবর্তন এবং সমাজের চাহিদা পূরণের জন্য ১৫ লক্ষ স্বয়ংসেবকে সক্রিয় করা হবে ঊ এবিষয়ে তিনি বলেন, এর আগে আরএসএস স্বয়ংসেবকদের নিয়ে একটি সমীক্ষা চালিয়েছে, যেখানে ৩০ বছরের বেশি বয়সী ১৫ লক্ষ স্বয়ংসেবকের সঙ্গে আলোচনা করা হয়েছিল যে তাঁদের উচিত সমাজে ইতিবাচক পরিবর্তন এবং সমাজের চাহিদা পূরণের জন্য সক্রিয় ভূমিকা পালন করা। যাতে ইতিবাচক সারা মিলেছে ঊ আগামী ১৫ মার্চ থেকে শুরু হতে চলা তিনদিনের প্রতিনিধি সভায় একই বিষয়ে আলোচনা হবে বলে জানান অরুণ কুমার।

এদিনের বৈঠকে এদিনের সাংবাদিক সম্মেলনে তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন অখিল ভারতীয় সহপ্রচার প্রমূখ নরেন্দ্র ঠাকুর, দক্ষিণ মধ্য ক্ষেত্রের কার্যবাহ টিপ্পস্বামী।

# ভারতীয় ৪ লাখ রুপিসহ বাংলাদেশে এক হুন্ডি ব্যবসায়ী গ্রেফতার

মনির হোসেন,ঢাকা মার্চ ১৩ : ৪ লাখ ভারতীয় রুপিসহ আব্দুল হাই (৩০) নামে এক হুন্ডি ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ। দুই পায়ের গোড়ালী তল্লাশী করে বিশেষ কায়দায় প্লাষ্টিক দিয়ে আটকে রাখা ভারতীয় ৪ লাখ রুপি (মুদ্রা) ও একটি ভারতীয় প্লাটিনা ১০০ সিসি মোটরসাইকেল জব্দ করেন পুলিশ। শুক্রবার দুপুরে সুনামগঞ্জ তাহিরপুর উপজেলার সীমান্তবর্তী ট্যাকেরঘাট চুনাপাথর খনি প্রকল্প সড়ক হতে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আব্দুল হাই উপজেলা বড়দল উওর ইউনিয়নের সীমান্তবর্তী রজনীলাইন গ্রামের নুরুল ইসলামের ছেলে। সুনামগঞ্জ পুলিশ সুপার মিজানুর রহমান বিপিএম হুন্ডি ব্যবসায়ী গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেন।

জানা গেছে, ভারতীয় বিপুল পরিমাণ রুপি (মুদ্রা) নিয়ে যাবার পথে ট্যাকেরঘাট পুলিশ ফাঁড়ির ইনচার্জ এএসআই আবু মুসার নেতৃত্বে গ্রেফতারকরা হয়। আব্দুল হাই জানিয়েছে,ভারতীয় বিপুল অংকের রুপি গুলো সে বড়ছড়া শুল্ক ষ্টেশন হতে অপর এক হুন্ডি ব্যবসায়ীর নিকট হতে বাংলাদেশী টাকার বিনিময়ে ক্রয় করে। অতিরিক্ত মুনাফা নিয়ে একই উপজেলার বাগলী শুল্ক ষ্টেশনে অপর এক হুন্ডি ব্যবসায়ীর নিকট ভারতীয় রুপিগুলো সেফর বিক্রয়ের জন হস্তান্তর করতে যাচ্ছিল।




শুক্রবার ডিজিটাল এমএসএমই স্কিমে আয়োজিত অনুষ্ঠানে কর্মকর্তারা। ছবি- নিজস্ব।

# হরেকরকম ◯ হরেকরকম ◯ হরেকরকম

## শাকসবজি এ রোগের মহৌষধ



ভবিষ্যতের চিকিৎসক রোগীকে ওষুধ না দিয়ে তাকে শেখাবেন শরীরের যত্ন নেয়া, সঠিক খাদ্য নির্বাচন, রোগের কারণ নির্ণয় ও তা প্রতিরোধের উপায়। টমাস আলভা এডিসন মার্কিন আবিষ্কারক এডিশন যে ভবিষ্যদ্বাণী করেছিলেন তা আজবাস্তবরূপ ধারণ করেছে। তবে শরীরের যত্ন, খাদ্যাখাদ্য বিচার ও রোগ ঠেকানোর ব্যাপারে আমরা একনো ততটা সচেতন নই। রোগ সম্পর্কে জানা থাকলে এবং খাদ্য সম্পর্কে জ্ঞান থাকলে সহজেই রোগকে নিয়ন্ত্রম করা যায়। এমনকি প্রতিরোধও করা যা। এ জন্য প্রয়োজন খাদ্য সম্পর্কে সচেতনতা। জেনে নিন নানা স্বাস্থ্য সমস্যার সমাধানে শাকসবজিডর অবদান। ডায়াবেটিসে ডায়াবেটিসে রোগের প্রকোপ দিনকে দিন বেড়েই চলেছে। এ রোগে কার্বোহাইড্রেট সমৃদ্ধ বেশি খাওয়া চলবে না। যেমন বীট, আলু, মিষ্টি আলু, বা রাঙাআলু, ওল, কচু, খামালু ইত্যাদি। তবে তেলকুচা, করলা, মেথি, শাক, কচি নিমপাতা হেলেঞ্চা শাক এ রোগের মহৌষধ। ডায়াবেটিসে রোগে ।সাদা বেগুন দারুণ উপকারী। এচালা কলার থোড়, মোচা, ঢেঁড়শ, ডুমুর, পালং শাক ইত্যাদ্যি উপকারী। কাচা রসুন রক্তে সুগারের পরিমাণ কমিয়ে আনতে সক্ষম। রক্তচাপ নিয়ন্ত্রণে— পটাশিয়ামের রয়েছে রক্তচাপ কমানো বা নিয়ন্ত্রণের বিশেষ ক্ষমতা। তাউিচ্চ রক্তচাপ থাকলে পটাশিয়াম সমৃদ্ধ শাকসবজি যেমন আলু, কচু, ঢেঁড়শ, ঝিঙে, বীট, গাজর, মিষ্টি আলু বা রাঙাআলু, মটুরশুটি, পালং শাক, বাঁধাকপি, নটেশাক ইত্যাদি নিয়মিত আহারের তালিকায় রাখুন। এছাড়া সজনে পাতা পাতা সেদ্ধ ভাতের সাথে খেলে দারুণ উপকার পাওয়া যায়। কাচা রসুনেরও উচ্চ রক্তচাপ কমিয়ে আনার ক্ষমতা রয়েচে। তাই নিয়মিত এক কোয়া করে কাঁচা রসুন ভাতের সাথে খেলে উপকার পাবেন। চোখের সমস্যায় — ভিটামিন এ চোখের জন্য খুবই গুরুত্বপূর্ণ। চোখের রেটিনা ও রড গঠনের জন্য এই ভিটামিন খুবই প্রয়োজন। ভিটামিন এ এর অভাব থাকলে দৃষ্টিশক্তি হ্রাস ও রাতকানা রোগ হয়। চোখের সমস্যা প্রতিরোধে শিশুদের প্রথম থেকেই ভিটামিন এ সমৃদ্ধ খাবার খাওয়ানো উচিত। গাজর, বাঁধাকপি, লেটুস, পালং, শাক টমেটো, নটে শাক, মেথি সাক, সরষে শাক, লাল শাক, সজনে ইত্যাদিতে প্রচুর পরিমাণে ভিটামিন এ রয়েছে। এছাড়া দৃষ্টিশক্তি বাড়ানোর জন্য বথুয়া এবং গিমা শাক দারুণ উপকারী। অ্যাসিডিটির সমস্যায় --- অ্যাসিডিটির সমস্যা এখন প্রতিটি ঘরে ঘরে। এর অন্যতম কারণ হল নিয়ম না মেনে খাওয়া দাওয়া করা এবং খাবার ঠিকমতো হজম না হওয়া। প্রতিদিনের আহারে কয়েকটি সবজি রাখলে অ্যাসিডিটির সমস্যা অনেকটাই কমে যাবে। কলার থোড় খেলে হজম শক্তি বাড়বে. গিমা শাক পুদিনা, চিচিঙা, পটল, কাকরোল, ইত্যাদি সবজি খেলে অ্যাসিডিটি ও গ্যাসের প্রকোপ কমবে। অ্যাসিডিটি ও গ্যাসজনিত পেট ফাঁপায় সরষে শাক ও থানকুনি শাক বেশ কার্যকরী। চর্মরোগে— চর্মরোগ হল ত্বক সংক্রান্ত এমন এক সমস্যা যা নানান কারণে হতে পারে। তবে ত্বক পরিষ্কার ও রক্তে পরিশোধনের জন্য কিছু শাকসবজি বেশ উপকারে লাগে এবং চর্মরোগের আক্রামণ প্রতিরোধ করতে পারে। মেথি সাক, নুনিয়া শাক, নটে শাক, নিমপাতা, হেলেঞ্চা শাক, করলা কাচা হলুদ ইত্যাদি খেলে চর্মরোগের বিরুদ্ধে দেহের ভেতরে একটা রোগ প্রতিরোধ ক্ষমতা গড়ে ওঠে। খোসাপাঁচড়া বা চুলকানি সারাতে নিমপাতা ভাজা, কাচা রসুন এবং হেলেঞ্চা শাক বেশ কার্যকরী।

## প্রচুর পরিমাণে মাংস খেলে স্বাভাবিকভাবে আপনার শরীরেও ক্যালরির পরিমাণ বাড়ে



মাংস খেতে অনেকেই বেশ পছন্দ করেন। কেননা এটি সুস্বাদু একটি খাবার। কেউ খাসির মাংস খেতে ভালোবাসেন কেউবা খেতে পছন্দ করে মুরগির মাংস। কিন্তু অনেকেই বলে থাকেন যে মাংস খেলে হার্টের অসুখ, স্থূলতা বৃদ্ধি, ক্যান্সার এমকি কোলেস্টেরল বহুগুণে বেড়ে যেতে পারে। আসুন জেনে নিই মাংস খ্যায়া শরীরের জন্য আসলেই কতটুকু উপকারী।

ওজন বৃদ্ধি করে— এই ভিষয়ে বলতে গেলে দুটি কথা সত্যি। যেমন ধরুন মাংস খেলে সত্যিই শরীরের ওজন অনেক বেশি বেড়ে যায় কেননা এতে প্রচুর পরিমাণে ক্যালরি বিদ্যামান। তাই প্রচুর পরিমাণে মাংস খেলে স্বাভাবিকভাবে আপনার শরীরেও ক্যালরির পরিমাণ বেড়ে যাবে ফলে আপনি মোটা হয়ে যাবেন। আবার অন্যক্ষেত্রে দেখা যায় মাংস খেলে শরীরের গঠন ঠিক থাকে। শরীরে প্রোটিনের চাহিদা পূরণ করে, পেশি গঠনে সাহায্য করে। ফলাফল— ফলে দেখা যাচ্ছে যে বেশি পরিমাণে মাংস খেলে খাওয়া যেমন স্বাস্থ্যের পক্ষে ৭তিকারক পাশাপাশি স্বাভাবিক মাত্রায় নিয়ম কবের মাংস খেলে শরীরের বিভিন্ন পুষ্টি উপাদান পূরণ হয়। কোলেস্টেরলের মাত্রা বাড়িয়ে দেয়— মাংসে ফ্যাট আছে এটা সত্যি যা দেহের চর্বি কিছুটা বাড়িয়ে দেয়। ফলে কোলেস্টেরলের বেড়ে যায়। কিন্তু চর্বি ছাড়া মাংস খেলে এই ফ্যাটের পরিমাণ অনেকে কমে যায়। তবে গবেষণায় দেখা গেছে যে উদ্ভিজ্জ ফাটের চেয়ে প্রাণীজ ফ্যাট আমাদের শরীরের জন্য বেশ উপকারী। ফলাফল --- সুতরাং প্রতিদিন চর্বি যুক্ত মাংস খাওয়া স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক তবে চর্বি ছাড়া মাংস নিয়ম করে মাঝে মাঝে খাওয়া শরীরের জন্য উপকারী।

মাংস শরীরে জন্য অস্বাস্থ্যকর— আপনি যদি ভেবে থাকেন যে মাংস কোনো ধরনের পুষ্টিকর উপাদান নেই শুধুমাত্র ফ্যাট এবং কোলেস্টরলই আছে তাহলে আপনার ধারণা ভুল। মাংসে প্রচুর পরিমাণে প্রোটিন ভিটামিন বি ১২, আয়রন এবং জিঙ্ক রয়েছে। ফলাফল — মাংস খ্যায়া মোটেই অস্বাস্থ্যকর নয় কেননা এটি দেহে হিমোগ্লোবিনের মাত্রা বাড়িয়ে দেয়, পেশি গঠনে সহায়তা করে। তবে বেশি পরিমাণে খাওয়া অবশ্যই শরীরের জন্য ক্ষতিকারক। ক্যান্সার হওয়ার সম্ভাবনা বেশি — কিছু গবেষকরা বলেন যে মাংস খাওয়ার পলে ক্যান্সার হওয়ার ঝুঁকি থেকে যায়। কিন্তু এই বিষয়টি পুরোপুরি সঠিক না যদি না ব্যায়াম এবং সীমিত খাওয়ার অভ্যাসে শরীর ফিট হয়ে থাকে।

ফলাফল— অতিরিক্ত মাংস খেলে ক্যান্সার হওয়ার সম্ভাবনা থেকে যায় কিন্তু উপযুক্ত শারীরিক ব্যায়াম এবং নিয়ন্ত্রিত খাওয়া দ্যায়া ক্যান্সার হ্যায়া থেকে শরীরকে বাঁচিয়ে থাকে।

বাতের ব্যথা হওয়ার সম্ভাবনা থাকে --- বাতের ব্যথা মূলত বিভিন্ন হাড়ের যুক্ত স্থানে হয়ে থাকে। যদিও অতিরিক্ত চর্বি এবং কোলেস্টেরল যুক্ত মাংস খেলে এই ধরনের বাতের ব্যথা হওয়ার সম্ভাবনা থাকে তারপরও শারীরিক ব্যায়াম এবং বেশি পরিমাণে জল খেলে এই ধরনের সমস্যা হওয়ার সম্ভাবনা থাকে না।

ফলাফল — চর্বিযুক্ত মাংস খেলে বাতের ব্যথা হতে পারে তবে চর্বি ছাড়া মাংস খেলে বা ব্যায়াম করলে এবং বেশি করে জল খেলে এই সমস্যার সমাধানও সম্ভব।

## ক্ষতিকর কেমিক্যাল



প্রতিদিনের রুটিনে মেকআপ এর সরঞ্জাম এখন অর বিলাসিতা নয়, প্রয়োজনে পরিণত হয়েছে। ফাউন্ডেশন, কন্সিলার, আই শ্যাডো লিপস্টিক ইত্যাদি এখন রোজকার ব্যবহারের জিনিস। এই ধারণা সামনে রেখে তাই কসমেটিকস বাজারে প্রতিদিনই আসছে নিত্যনতুন পণ্য। কিন্তু যেসব কসমেটিকস বাজারে পাওয়া যায় তার সবগুলোই কি ভাল? অবশ্যই না। কিছু কিছু কসমেটিকসে আছে অনেক ক্ষতিকর কেমিক্যাল যা আপনার ত্বকের দীর্ঘস্থায়ী ক্ষতি করতে পারে। তাই এসব পণ্য কেনার আগে ভাল করে উপাদানের লেবেল পড়ে নিতে ভুলবেন না।

এই কেমিক্যালটি যদি দীর্ঘদিন ধরে আপনার শরীরের ত্বকের সরাসরি সংস্পর্শে আসে তবে এটি আপনার শ্বাসতন্ত্রের সমস্যা সৃষ্টি করতে পারে। এই কেমিক্যালটি সাধারণত বর্ণহীন তরল রূপে থাকে। সাধারণত এই কেমিক্যাল ব্যবহার করা হয় মাসকারা, সানস্ক্রিন, লোশন, চুলের পণ্য ইত্যাদিতেও। এই কেমিক্যালের ফলে অনেক সময় চোখে ও ত্বকে চুলকানি ও র‍্যাশ হতে পারে। এই পণ্যের একাধিক নাম আছে। তাই উল্লেখিত প্রোডাক্টগুলো কেনার আগে ভাল রে লেবেল পড়ে নিবেন। এই কেমিক্যালটি সাধারণত ব্যাকটেরিয়া হত্যা করতে ব্যবহার করা হয়, কিন্তু এটি এখন কিছু মেকআপ একটি নিয়ামক হিসেবে ব্যবহার করা হচ্ছে। ফর্মালডিহাইডের সংস্পর্শে আসলে মানব শরীরের অনেক ক্ষতি হতে পারে। এই কেমিক্যাল ক্যান্সারের জন্য দায়ী। এই ক্ষতিকারক, বর্ণহীন গ্যাস কিছু চুলের স্টাইলিং জেল, আই ল্যাশের আঠা সহ নেইল পলিশ ব্যবহার করা হয়, তবে সাধারণত চুলের রঙ তৈরিতে এই কেমিক্যালের প্রচুর চাহিদা লক্ষ করা গেছে। গাঢ় রঙের চুলের ডাইয়ে এটি বেশি পরিমাণে ব্যবহার করা হয় হাল্কা রঙের ডাইয়ের তুলনায়। ফরমালডিহাইডের মতই এতেও ক্যান্সার সৃষ্টিকারী উপাদান আছে। আর যেহেতু এটি সরাসরি মাথার ত্বক ব্যবহৃত হয় তাই ব্রেনের ক্ষতিকর সম্ভাবনা অনেক। এখানে কিছু মাত্র কেমিক্যাল নিয়ে আলোচনা করা হল। কিন্তু বিভিন্ন কসমেটিকসে প্রায় ৮২,০০০ কেমিক্যাল নিয়ামক হিসেবে ব্যবহার করা হয় যা ব্যবহারের কোন না কোন বিপদের সম্ভাবনা আছে। তাই এখন সময় হয়েছে আমাদের এসব বিউডি প্রোডাক্ট কি মেশান হচ্ছে তা নিয়ে সচেতন হওয়ার।

## পার্লারে গিয়ে ফেসিয়াল করার পরেও ত্বক নির্জীব? কী করবেন!

ত্বকের যত্ন নিতে আজকাল অনেক নারী ও পুরুষ পার্লারে গিয়ে ফেসিয়াল করে থাকেন। ফেসিয়ালের কারণে ত্বকে রক্ত সঞ্চালন বৃদ্ধি পায়, ত্বকের ভিতর থেকে ময়লা দূর হয়, ব্ল্যাক হেডস, হোয়াইট হেডস পরিষ্কার হয়ে থাকে।

কিন্তু ফেসিয়াল করার পর প্রথম কয়েকদিন ত্বক দেখায় খুব উজ্জ্বল ও প্রাণবন্ত। কিছুদিন চলে যাওয়ার পরেই আগের মতো ত্বক হয়ে যায় তৈলাক্ত, দেখা দেয় ব্রণের উপদ্রব ইত্যাদি আরো নানা সমস্যা। তাই ফেসিয়াল করার পরেও কি করে ত্বকের স্বাস্থ্য ও উজ্জ্বলতা ঠিক রাখবেন জেনে রাখুন প্রয়োজনীয় টিপস। যা করবেন। সপ্তাহে ২ তিন ফেসিয়াল স্ক্রাবার ব্যবহার করুন. ওটের সাথে সাদা ডিমের অংশ ভাল করে মিশিয়ে মুখে লাগিয়ে নিন। ১৫ মিনিট পর হাত ভিজে হাত ঘষে ধুয়ে ফেলুন। গোলাপ জল, লেবুর রস মুলতানি মাটির সাথে মিশিয়ে মুখে লাগান। শুকিয়ে গেলে ধুয়ে ফেলুন। এই উপায়ে প্রতিদিন ত্বকের যত্ন নিলে দেখবেন ফেসিয়ালের পরেও ত্বকের স্বাস্থ্যও ভালো থাকবে এবং উজ্জ্বলতা থাকবে অটুট। তবে শুধুমাত্র গরোয়া রূপচর্চা করলেই যে ত্বকের স্বাস্থ্য ও উজ্জ্বলতা ভালো থাকবে তা নয়। নিজের ডায়েটে মেন্যুতে রাখতে হবে স্বাস্থ্যকর খাবার। সুন্দর ত্বকের জন্য সবচেয়ে বেশি জরুরি হল জল, তাই সুস্থ থাকতে ও ত্বকের উজ্জ্বলতা ফিরে পেতে প্রতিদিন ৭ -৮ গ্লাস জল খেতে ভুলবেন না।



## নিয়মিত ব্যবহারে পাবেন উজ্জ্বল সুন্দর ত্বক



বাঙ্গি বা ফুটি অনেকেই অপছন্দ করেন। কারণ এটি খেতে খুব বেশি সুস্বাদু নয়। কিন্তু বাঙ্গির রয়েছে অনেক পুষ্টিগুণ। আমাদের দেহের সুরক্ষায় বাঙ্গি অত্যন্ত উপকারি একটি ফল। স্বাদের কারণে অনেকে এই ফলটি থেকে দূরে থাকেন বলে এই ফলের গুণ সম্পর্কে অনেকেই অজ্ঞাত। বাঙ্গির যেমন স্বাস্থ্যগুণ রয়েছে তেমনই রয়েছে বেশ সৌন্দর্যগুণ। রূপচর্চায় বেশ প্রাচীনকাল থেকেই বাঙ্গি ব্যবহার হয়ে আসছে। চলুন তবে দেকে নেয়া যাক বাঙ্গির সৌন্দর্য উপকারিতা। ত্বকে বয়সের ছাপ প্রতিরোধ করে--- বাঙ্গি ত্বকে বয়সের ছাপ প্রতিরোধ করতে সাহায্য করে। ত্বক কুচকে যাওয়া এবং ফ্রি র‍্যাডিক্যাল থেকে রক্ষা করতে বাঙ্গির তুলনা নেই। এটি ত্বকের নষ্ট হয়ে যাওয়া কোষ ঠিক করতে সাহায্য করে।বাঙ্গির প্রোটিন কম্পাউন্ড ত্বকের বুড়িয়ে যাওয়া রোধ করে ত্বককে করে তুলে সুন্দর। বাঙ্গি থেঁতো করে নিয়ে মধু সাথে মিশিয়ে ত্বকে লাগিয়ে রাখুন ২০ মিনিট। নিয়মিত ব্যবহারে পাবেন উজ্জ্বল সুন্দর ত্বক। ত্বকের ব্রণ, একজিমা সমস্যা দূর করে : ত্বকের ব্রণের সমস্যা কিংবা একজিমা সমস্যায় যারা ভুগে থাকেন তাদের জন্য বাঙ্গি অনেক বেশি উপকারী। প্রতিদিন ১ গ্লাস বাঙ্গির শরবত ত্বককে ভেতর থেকে স্বাস্থ্যবান করে তুলতে সাহায্য করে। এতে করে ত্বকের ব্রণের সমস্যা এবং অন্যান্য সমস্যা দূর হয়। বাঙ্গি ব্লেন্ডারে ভালো করে ব্লেন্ড করে নিয়ে একটি পাতলা কাপড়ে ছেঁকে— রসটুকু বের করে নিন। এই রস আপনি লোশনের মতো ব্যবহার করতে পারেন। এতে করে ব্রণ এবং একজিমরা সমস্যা থেকে রক্ষা পাবেন। চুল পড়া রোধ করে — ভিটামিন বি এর একটি গুরুত্বপূর্ণ উপাদান ইন্সনিটোল যা আমাদের নতুন করে চুল গজাতে সাহায্য করে এবং চুল পড়া প্রতিরোধ করে। এই উপাদানটি বাঙ্গিতে প্রচুর পরিমাণে রয়েছে। নিয়মিত বাঙ্গি খেলে চুল হয় স্বাস্থ্যউজ্জ্বল ও সুন্দর। বাঙ্গি ব্লেন্ডারে ভালো করে ব্লেন্ড করে নিন। এরপর এটি শ্যাম্পু করার পর চুলে কন্ডিশনারের মতো ব্যবহার করুন। এতে চুলের নানা সমস্যা থেকে রেহাই পাবেন।



শুক্রবার আগরতলায় কোরনা ভাইরাস নিয়ে আয়োজিত সেমিনারে কর্মকর্তারা। ছবি- নিজস্ব।

# করিমগঞ্জের পাথারকান্দি পঞ্চায়েতে রেগার কাজে বহু কোটি টাকার কেলেঙ্কারি, তথ্য ফাঁস সোশাল অডিটে

পাথারকান্দি (অসম), ১৩ মার্চ (হি.স.) : এমজিএনরেগা-র কাজে বিগত দুটি অর্থবছর ১৭-১৮ এবং ১৮-১৯-এ ব্যাপক দুর্নীতি সংগঠিত হয়েছে করিমগঞ্জ জেলার পাথারকান্দি গ্রাম পঞ্চায়েতে (জিপি)। চাঞ্চল্যকর এই দুর্নীতির তথ্য ফাঁস করেছে সোশাল অডিট রিপোর্ট।

জানা গেছে, গত ২ মার্চ থেকে ৭ মার্চ পর্যন্ত পাথারকান্দি জিপি কার্যালয়ে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অধীনে জেলা সামাজিক হিসাব পরীক্ষকের (সোশাল অডিট) এক দল এসেছিল। দলের সদস্যরা বিগত ১৭-১৮ এবং ১৮-১৯ অর্থ বছরে সম্পূর্ণ হয়েছে বলে যে সব কাজ হয়েছে, তা যাচাই করতেই বেরিয়ে পড়ে সংশ্লিষ্ট জিপিতে সংগঠিত কোটি টাকার কেলেঙ্কারির তথ্য। প্রাপ্ত তথ্য অনুযায়ী, বিগত ওই দুই বছরে পাথারকান্দি জিপি-র বিভিন্ন উন্নয়নমূলক কাজের অধীনে সরকার প্রায় দশ কোটি টাকা মঞ্জুর করে রিলিজও করেছিল। কিন্তু রিলিজকৃত মোটা অঙ্কের অর্থে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে প্রায় মাত্র ২.৭ কোটি টাকা খরচ হলেও কাগজে-কলমে সিংহভাগ টাকাই ব্যয় করা হয়েছে বলে দেখানো হয়েছে। অডিট দল সরকারি ওয়েবসাইটে সন্নিবিষ্ট প্রতিবেদনের সঙ্গে বাস্তব কাজের কোনও মিল পায়নি, প্রায় সবক্ষেত্রেই গরমিল ধরা পড়েছে।

একই পরিস্থিতি ধরা পড়েছে এমজিএনরেগার কাজেও। জানা গেছে, ১৬-১৭ অর্থবছরে এই প্রকল্পে পাথারকান্দির মুণ্ডমালা শ্মশানের কাজে অসম-ত্রিপুরা ৮ নম্বর জাতীয় সড়ক থেকে শ্মশানঘাট পর্যন্ত সিসি ব্লক দিয়ে রাস্তা নির্মাণেও ব্যাপক অর্থ নয়ছয়ের তথ্য বেরিয়ে এসেছে। এই কাজের অধীনে পাথারকান্দি জিপি-তে প্রায় ৫২ হাজার টাকার কেলেঙ্কারি হয়েছে বলে জানা গেছে।

এছাড়া পাথারকান্দি থানার দুটি কাজেও পুকুরচুরির খবর পাওয়া গেছে। এখানে বিগত ১৭-১৮ এবং ১৮-১৯ অর্থবছরে বরাদ্দকৃত কাজের শিল্যান্যাস ফলকও রহস্যজনক ভাবে হঠাৎ করে উধাও হয়ে গেছে। প্রাপ্ত তথ্য বলছে, বিগত সময়েও পাথারকান্দি থানা প্রাঙ্গণে অবস্থিত পুকুর ভরাটের নামে বরাদ্দকৃত প্রায় চার লক্ষ টাকার কোনও কাজ না করে প্রায় ৩.৫০ লক্ষ টাকা ব্যাঙ্ক থেকে উঠিয়ে নেওয়া হয়েছে। অথচ পুকুর তার জায়গায় আজও স্বমহিমায় অবস্থান করছে।

এই শেষ নয়, গত ১৭-১৮ অর্থ বছরে পাথারকান্দি থানা প্রাঙ্গণে বিশাল মাঠ নির্মাণের নামে বরাদ্দকৃত প্রায় দশ লক্ষ টাকার কাজ না করিয়ে প্রায় ৫০ শতাংশ টাকা তুলে নেওয়া হয়েছে। অনুরূপভাবে এই জিপি-র অধীনে ১৭-১৮ অর্থ বছরে পাথারকান্দি হাসপাতালের সম্মুখবর্তী খেলার মাঠ নির্মাণের নামে বরাদ্দ দশ লক্ষ টাকার কাজ না করেই অর্ধেক টাকা গায়েব করে দেওয়া হয়েছে বলে সোশাল অডিট বাহিনীর তদন্তে ধরা পড়েছে।

একই অর্থ বছরে পাথারকান্দি খণ্ড উন্নয়ন (ডেভেলপমেন্ট ব্লক) আধিকারিকের কার্যালয় থেকে প্রায় ঢিলছোঁড়া দূরত্বে অবস্থিত জনৈক অম্বিকা দে-র বাড়ি থেকে শনি মন্দির পর্যন্ত রাস্তা নির্মাণের জন্য রিলিজ করা হয়েছিল পাঁচ লক্ষ টাকা। ওই কাজের নামেও প্রায় ১.৫ লক্ষ টাকা হাপিশ করে নেওয়া হয়েছে। বিষয়টি স্থানীয় সচেতন নাগরিকরা সোশাল অডিট দলের কাছে লিখিত ভাবে জানিয়েছেন।

লিখিত অভিযোগপত্রে তাঁরা লিখেছেন, পাথারকান্দির ব্যস্ততম তেমাথার পাশে যামিনী মোহন বালিকা বিদ্যালয়ে খেলার মাঠ নির্মাণের জন্য প্রায় দশ লক্ষ টাকা বরাদ্দ হলেও শুধুমাত্র দুই তিন গাড়ি লাল মাটি ফেলে পুরো টাকাই তুলে নেওয়া হয়েছে। একই অবস্থা পাথারকান্দি মডেল হায়ার সেকেন্ডারি স্কুলের সীমানার ভেতর মাটি ভরাটের কাজেও। এই প্রকল্পে গত ১৮-১৯ অর্থ বছরে রাজ্য সরকার কর্তৃক দশ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। কিন্তু নামমাত্র কাজ করে প্রায় চার লক্ষ টাকা উঠিয়ে নেওয়া হয়েছে। এ ব্যাপারে স্কুল কর্তৃপক্ষের তরফ থেকেও লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

এমজিএনরেগা কাজের অধীনে বৃহৎ দুর্নীতি সংগঠিত হয়েছে পাথারকান্দির উত্তর রেলওয়ে গেট থেকে পালপাড়া পর্যন্ত সড়কের পাশে পাকা নালা ও রাস্তা নির্মাণের নামে।

এই কাজের জন্য প্রায় এক কোটি টাকা বরাদ্দ হলেও বাস্তবে কাজের কাজ কিছুই হয়নি। অথচ, ওই কাজের নামে প্রায় আট লক্ষ টাকা উঠিয়ে নেওয়া হয়েছে। এমন-কি বিগত ১৮-১৯ অর্থ বছরে পাথারকান্দি জিপি কার্যালয়ের ঠিক বিপরীতে কাজিরবাজার রোড থেকে জাতীয় সড়ক, লঙ্গাই নদী খননের কাজে দশ লক্ষ টাকার মধ্যে প্রায় সাত লক্ষ টাকা উঠিয়ে নেওয়া হয়েছে।

এই কাজে একদিন মাত্র এসকেভেটর (জেসিবি) লাগিয়ে দু ঘণ্টা কাজ করা হয়েছে বলেও অভিযোগ।

অন্যদিকে, কাজিরবাজার থেকে নালুগাঁও রাস্তায় সিসি ব্লক বসানোর নামেও চরম দুর্নীতি সংগঠিত হওয়ার খবর পাওয়া গেছে। এদিকে স্থানীয় জনতার অভিযোগ, সরকারি নির্দেশিকা অনুযায়ী নির্মাণ কাজ পরিচালনা করার জন্য যে সব নির্মাণ কমিটি গঠন করা হয়েছে সেগুলোর বেশিরভাগই সাধারণ জনগণকে সম্পূর্ণ অন্ধকারে রেখে এলাকার নির্বাচিত পঞ্চায়েত প্রতিনিধিদের পরিবারের সদস্যদের নানা পদে, এমন-কি চেয়ারম্যান মনোনীত করে পুরো টাকা আত্মসাৎ করা হয়েছে।

এ সব ব্যাপারে জনগণের পক্ষ থেকে বিভাগীয় আধিকারিকদের অভিযোগ জানালেও কোনও বিহিত ব্যবস্থা নেওয়া হয় না বলেও ক্ষোভ ব্যক্ত করা হয়েছে।

## করোনা আতঙ্কের জেরে ৪৪ জন ভারতীয়কে নিয়ে যাওয়া হচ্ছে জয়সলমেরে

জয়সলমের, ১৩ মার্চ (হি.স.): ইরান তথা গোটা বিশ্বে ছড়িয়ে পড়ছে করোনা ভাইরাস।

এই আতঙ্কের জেরে শুক্রবার বিকেলের এয়ার ইন্ডিয়ার বিমানে ৪৪ জন ভারতীয়কে জয়সলমেরে আনা হবে। যদিও এই ৪৪ জন ভারতীয় নাগরিকদের স্ক্রিনিং এবং শারীরিক পরীক্ষায় করোনার ভাইরাস কারও মধ্যে পাওয়া যায়নিঊ তবে পূর্ব সতর্কতা হিসাবে, প্রাথমিক চিকিতার জন্য এই ৪৪ জন ভারতীয়কে মিলিটারি স্টেশন জয়সলমেরের আইসোলেশন তথা ওয়েলেন্স সেন্টারে রাখা হবে। চিকিতা ও পর্যবেক্ষণ প্রক্রিয়া শেষে তাদের বাড়িতে পাঠিয়ে দেওয়া হবে বলেই খবর।

জেলা কালেক্টর নমিত মেহতা জানান, জেলা প্রশাসন এই বিষয়ে সামরিক কর্মকর্তাদের সঙ্গে নিরন্তর যোগাযোগ রেখেছেন।সেনাবাহিনীর সঙ্গে সম্পূর্ণ সমন্বয় বজায় রেখে সব ধরণের কাঙ্ক্ষিত সহযোগিতা দেওয়া হচ্ছে।

জেলা কালেক্টর আরও জানিয়েছেন, “যে এই আইসোলেশন তথা ওয়েলেন্স কেন্দ্র শহর থেকে অনেকটা দূরে মিলিটারি স্টেশনে অবস্থিত।

যেখানে এই ভারতীয় নাগরিকদের কেবলমাত্র প্রাথমিক চিকিতার জন্য রাখা হবে ঊ এতে আতঙ্কিত হওয়ার দরকার নেই। এটি করোনার ভাইরাস সংক্রমণ রোধে গৃহীত একটি সাধারণ চিকিতা পদ্ধতির অংশ মাত্র।

## সবাই মুক্তি পেলেই স্বাধীনতা সম্পূর্ণ হবে : ফারুখ আবদুল্লা

শ্রীনগর, ১৩ মার্চ (হি.স.): দীর্ঘ ৭ মাসের উতণ্ঠার অবসানঊ বন্দিদশা থেকে মুক্তি পেলেন ন্যাশনাল কনফারেন্স নেতা তথা জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী ফারুখ আবদুলাঊ শুক্রবার বিকেলে বন্দিদশা থেকে মুক্তি দেওয়া হয় ফারুখ আবদুল্লাকেঊ এদিন বন্দিদশা থেকে মুক্তি পাওয়ার পর ফারুখ আবদুল্লা বলেছেন, ‘আজ আমি বাক্যহারা, আজ আমি মুক্তঊ এবার দিল্লিতে যেতে পারব এবং সংসদে উপস্থিত থাকতে পারব এবং আপনাদের প্রত্যেকের হয়ে কথা বলতে পারব।

ফারুখ আবদুল্লা আরও বলেছেন, ‘রাজ্যের প্রতিটি মানুষ, সমস্ত নেতা ও দেশের প্রতিটি জনগণের কাছে আমি কৃতজ্ঞ, যাঁরা আমার মুক্তি নিয়ে সরব হয়েছিলেনঊ সমস্ত নেতা মুক্তি পেলেই এই স্বাধীনতা সম্পূর্ণ হবেঊ আমার বিশ্বাস ভারত সরকার প্রত্যেককে মুক্তি দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত নেবেঊ’ ফারুখ আবদুল্লা আরও বলেছেন, ‘যতক্ষণ না পর্যন্ত প্রত্যেককে মুক্তি দেওয়া হচ্ছে, ততক্ষণ পর্যন্ত কোনও রাজনৈতিক বিষয়ে আমি কথা বলব না।

উল্লেখ্য, প্রায় ৭ মাস বন্দি থাকার পর, শুক্রবার মুক্তি পেয়েছেন জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী ফারুখ আবদুল্লাঊ গত ৫ আগস্ট জম্মু ও কাশ্মীর থেকে ৩৭০ অনুচ্ছেদ বিলোপের পরই গৃহবন্দি করা হয়েছিল জম্মু ও কাশ্মীরের তিন-বারের মুখ্যমন্ত্রী ফারুখ আবদুল্লাকেঊ ওই মাসেরই ১৭ তারিখে ফারুখ আবদুল্লার উপর জন নিরাপত্তা আইন (পাবলিক সেফটি অ্যাক্ট) প্রয়োগ করে কেন্দ্রীয় সরকারঊ কেন্দ্রের ওই সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে আসছিলেন বিরোধীরাঊ তারপরেও মুক্তি পাননি ন্যাশনাল কনফারেন্স-এর পাঁচবারের সাংসদ ফারুখ আবদুল্লাঊ ডিসেম্বরে বন্দিদশা আরও তিন মাস বাড়ানো হয়ঊ অবশেষে শুক্রবার ফারুখ আবদুল্লাকে মুক্তি দিল জম্মু ও কাশ্মীর প্রশাসনঊ ফারুখের পাশাপাশি গত ৫ আগস্ট জম্মু ও কাশ্মীরের অপর দুই মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা ও মেহবুবা মুফতিকেও আটক করে রাখা হয়ঊ চলতি সপ্তাহের গোড়ায় বিরোধী শিবিরের কয়েকজন নেতা এই তিনজনের মুক্তি চেয়ে সরব হনঊ ফারুখকে মুক্তি পেলেও, ওমর এবং মেহবুবা নিয়ে এখনও কোনও সিদ্ধান্ত গৃহীত হয়নি।

## প্রায় ৭ মাস পর ছাড়া পাচ্ছেন ফারুখ আবদুল্লা, মুক্তির সিদ্ধান্ত প্রশাসনের

শ্রীনগর, ১৩ মার্চ (হি.স.): প্রায় ৭ মাস পর বন্দিদশা থেকে মুক্তি পাচ্ছেন জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী ফারুখ আবদুল্লাঊ শুক্রবার ফারুখ আবদুল্লাকে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে জম্মু ও কাশ্মীরঊ গত ৫ আগস্ট জম্মু ও কাশ্মীর থেকে ৩৭০ অনুচ্ছেদ বিলোপের পরই গৃহবন্দি করা হয়েছিল জম্মু ও কাশ্মীরের তিন-বারের মুখ্যমন্ত্রী ফারুখ আবদুল্লাকেঊ ওই মাসেরই ১৭ তারিখে ফারুখ আবদুল্লার উপর জন নিরাপত্তা আইন (পাবলিক সেফটি অ্যাক্ট) প্রয়োগ করে কেন্দ্রীয় সরকার।

কেন্দ্রের ওই সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে আসছিলেন বিরোধীরাঊ তারপরেও মুক্তি পাননি ন্যাশনাল কনফারেন্স-এর পাঁচবারের সাংসদ ফারুখ আবদুল্লাঊ ডিসেম্বরে বন্দিদশা আরও তিন মাস বাড়ানো হয়ঊ অবশেষে শুক্রবার ফারুখ আবদুল্লাকে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত নিল জম্মু ও কাশ্মীর প্রশাসনঊ জম্মু ও কাশ্মীরের প্রিন্সিপাল সেক্রেটারি (প্ল্যানিং) রোহিত কানসাল টুইট করে ফারুখকে মুক্তি দেওয়ার সিদ্ধান্তের কথা জানিয়েছেনঊ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, জম্মু ও কাশ্মীর জন সুরক্ষা আইন, ১৯৭৮ এর ১৯ (১) অনুচ্ছেদ অর্পিত ক্ষমতা প্রয়োগ করে সরকার শ্রীনগরের জেলাশাসকের দেওয়া ১২০/২০১৯ আটক রাখার নির্দেশটি প্রত্যাহার করছে।

ফারুখের পাশাপাশি গত ৫ আগস্ট জম্মু ও কাশ্মীরের অপর দুই মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা ও মেহবুবা মুফতিকেও আটক করে রাখা হয়ঊ চলতি সপ্তাহের গোড়ায় বিরোধী শিবিরের কয়েকজন নেতা এই তিনজনের মুক্তি চেয়ে সরব হনঊ ফারুখকে মুক্তি দেওয়ার সিদ্ধান্তের কথা জানানো হলেও, ওমর এবং মেহবুবা নিয়ে একনও কোনও সিদ্ধান্ত গৃহীত হয়নি।

## ধস শেয়ার বাজারে, বন্ধ কেনাবেচা

মুম্বাই, ১৩ মার্চ (হি. স.) : করোনা ভাইরাসের জেরে পতন হল ভারতের শেয়ার বাজারে। শুক্রবার সকালে বাজার খোলার কিছুক্ষণ বাদেই বন্ধ হয়ে যায় শেয়ার বেচাকেনা।

বৃহস্পতিবারের পথে হেঁটেই শুক্রবার বাজার খোলার পরেই সেনসেক্স পড়ে যায় তিন হাজার পয়েন্ট। আর ৯০০ পয়েন্টের বেশি পড়ে যায় নিফটি।

শেয়ার বাজারের নিয়ম অনুযায়ী, সমস্ত শেয়ারের দাম যদি ১০ শতাংশের বেশি পড়ে যায় তাহলে বাজারে কেনাবেচা বন্ধ করে দেওয়া হয়।

শুক্রবার সকালে সেনসেক্স ৩৫০০ পয়েন্ট পড়ে যেতেই তাই ৪৫ মিনিট বেচাকেনা বন্ধ রাখা হয়। জানা গিয়েছে, বৃহতিবার যেখানে শেষ হয়েছিল শুক্রবার সেখান থেকেই শুরু হয় পতনের। বাজার খোলার কিছুক্ষণের মধ্যে, ১০টা ৫ মিনিট নাগাদ সেনসেক্স ৩৫০০ পয়েন্ট পড়ে যায়। ফলে তা ৩০ হাজারে নিচে নেমে ২৯, ২০৬.২০ পৌঁছায়। আর নিফটির পতন হয় হাজার পয়েন্ট বা ১১ শতাংশ। নতুন করে ফের বাজার খোলার পর অবশ্য পরিস্থিতির উন্নতি হয়। কিছুক্ষণের মধ্যে প্রায় ২৪০০ পয়েন্ট বেড়ে ৩৩, ০২০.৩৪ পৌঁছায় সেনসেক্স। আর নিফটি ৪৩.৯০ পয়েন্ট বেড়ে ৯, ৬৩৪.০৫ পৌঁছায়।

## করোনাকে ‘বিপর্যয়’ ঘোষণা করল ওডিশা, ২৯ মার্চ পর্যন্ত সাসপেন্ড বিধানসভার অধিবেশন

ভুবনেশ্বর, ১৩ মার্চ (হি.স.): কোভিড-১৯ নভেল করোনাভাইরাসকে ‘বিপর্যয়’ ঘোষণা করল নবীন পট্টনায়েক সরকারঊ করোনাভাইরাসের সংক্রমণ রুখতে আগামী ২৯ মার্চ পর্যন্ত সাসপেন্ড করা হয়েছে ওডিশা বিধানসভার অধিবেশনঊ শুক্রবার বিধানসভায় ওডিশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক জানিয়েছেন, শুক্রবার সকালে বৈঠক বসেছিল রাজ্য মন্ত্রিসভা, ওই বৈঠকেই দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১৫ অনুযায়ী কোভিড-১৯-কে ‘বিপর্যয়’ ঘোষণা করা হয়েছে।

একইসঙ্গে করোনা-সংক্রমণ রুখতে বেশ কিছু বিধিনিষেধ জারি করেছে ওডিশা সরকারঊ বিধানসভায় মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক জানিয়েছেন, পূর্ব নির্ধারিত পরীক্ষা ছাড়া, আগামী ৩১ মার্চ পর্যন্ত বন্ধ থাকবে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানঊ এছাড়াও সিনেমা হল, সুইমিং পুল এবং ব্যামাগারও ৩১ মার্চ পর্যন্ত বন্ধ থাকবেঊ মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক আরও জানিয়েছেন, সেমিনার, কর্মশালা, সম্মেলনের মতো সরকারি সমাবেশ ৩১ মার্চ পর্যন্ত বাতিল থাকবেঊ ধর্মীয় অনুষ্ঠান, বিবাহ প্রভৃতি বিষয়গুলি স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

## করোনাভাইরাসের জেরে দিল্লিতে বন্ধ নির্ধারিত ম্যাচগুলি সহ সমস্ত ক্রীড়াসূচি : মণীশ সিসোদিয়া

নয়াদিল্লি, ১৩ মার্চ (হি. স.) : ভারতেও ক্রমশই বাড়ছে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা। এই পরিস্থিতিতে এই মহামারী রোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের দিল্লিতে নির্ধারিত ম্যাচগুলি সহ সমস্ত ক্রীড়াসূচি এবং ক্রীড়া প্রতিযোগিতাগুলি নিষিদ্ধ ঘোষণা করেছে।

দিল্লির উপ-মুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়া শুক্রবার সাংবাদিকদের বলেন, ’আমরা জনগণের প্রতি এই ভাইরাস রুখতে একসঙ্গে লড়াই করার জন্যে আবেদন করছি। সামাজিক সব দূরত্ব মিটিয়ে এই সময় সকলের এগিয়ে আসা উচিত। আমরা দিল্লির সব জেলা শাসক এবং উপ-জেলা শাসকদের স্বাস্থ্য বিভাগের সমস্ত আদেশ মেনে চলার নির্দেশ দিয়েছি’ এর আগে দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল ৩১ মার্চ পর্যন্ত রাজধানীর সমস্ত স্কুল, কলেজ এবং সিনেমা-থিয়েটার বন্ধ রাখার নির্দেশ দেন।

## পুঞ্চে ফের সংঘর্ষ-বিরতি লঙ্ঘন পাকিস্তানের, বারামুল্লায় খতম জঙ্গি

জম্মু, ১৩ মার্চ (হি.স.): সংঘর্ষ-বিরতি ভেঙে ফের আক্রমণ শানাল পাকিস্তানি সেনাবাহিনীঊ শুক্রবার বিকেল তিনটে নাগাদ জম্মু ও কাশ্মীরের পুঞ্চ জেলার মানকোটে সেক্টরে নিয়ন্ত্রণরেখা বরাবর গোলাগুলি বর্ষণ করে হামলা চালায় পাকিস্তানি সেনাবাহিনীঊ পাক গোলাগুলি বর্ষণের যোগ্য জবাব ফিরিয়ে দিয়েছে ভারতীয় সেনাবাহিনীঊ এদিনের পাক হামলায় ভারতীয় ভূখণ্ডে হতাহতের কোনও খবর নেইঊ প্রতিরক্ষা মন্ত্রকের মুখপাত্র জানিয়েছেন, শুক্রবার বিকেল তিনটে থেকে পুঞ্চ জেলার মানকোটে সেক্টরে নিয়ন্ত্রণরেখা বরাবর ছোট ও স্বয়ংক্রিয় আগ্নেয়াস্ত্র থেকে গুলি চালানোর পাশাপাশি মর্টারও নিক্ষেপ করে পাক সেনাবাহিনীঊ প্রত্যুত্তরে পাক সেনাবাহিনীকে যোগ্য জবাব ফিরিয়ে দিয়েছে ভারতীয় সেনাবাহিনীঊ পাক হামলায় ভারতীয় ভূখণ্ডে হতাহতের কোনও খবর পাওয়া যায়নিঊ

অন্যদিকে, জম্মু ও কাশ্মীরের বারামুল্লা জেলায় সুরক্ষা বাহিনীর গুলিতে খতম হয়েছে একজন জঙ্গি। বারামুল্লা জেলার রফিয়াবাদ এলাকার ঘটনা। জম্মু ও কাশ্মীর পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার বারামুল্লা জেলার রফিয়াবাদ এলাকায় সুরক্ষা বাহিনীর গুলিতে খতম হয়েছে একজন জঙ্গি। নিহত সন্ত্রাসবাদীর নাম ও পরিচয় এখনও পর্যন্ত জানা যায়নি।

## কমছে মৃত্যুর সংখ্যা, ছন্দে ফেরার চেষ্টায় চিন

বেজিং, ১৩ মার্চ (হি.স.): আতঙ্ক কাটিয়ে ধীরে ধীরে ছন্দে ফেরার চেষ্টা করছে চিন। করোনাভাইরাসের সংক্রমণও কমেছে। বিগত ২৪ ঘন্টায় চিনে কোভিড-১৯ নভেল করোনাভাইরাসে সংক্রমিত হয়ে মাত্র ৭ জনের মৃত্যু হয়েছে। এই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছেন ৮ জন। আরও ৭ জনের মৃত্যু পর চিনে করোনা-সংক্রমণে মৃতের সংখ্যা ৩,১৭৬-এ গিয়ে ঠেকেছে। হুবেই প্রদেশ-সহ সমগ্র চিনে আক্রান্তের সংখ্যা ৮০,৮১৩। সুস্থ হওয়ার পর বাড়ি ফিরেছেন ৬৪, ১১১ জন।

শুক্রবার সকালে চিনের জাতীয় স্বাস্থ্য কমিশন জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় চিনে মৃত্যু হয়েছে ৭ জনের এবং সংক্রমিত হয়েছেন ৮ জন। সবমিলিয়ে চিনে এখনও পর্যন্ত করোনা-সংক্রমণে মৃতের সংখ্যা ৩,১৭৬-এ গিয়ে ঠেকেছে। হুবেই প্রদেশ-সহ সমগ্র চিনে আক্রান্তের সংখ্যা ৮০,৮১৩। সপ্তাহখানেক ধরেই ছন্দে ফিরছে করোনাভাইরাসে বিধ্বস্ত চিন। বিভিন্ন সংস্থার অফিসও ধীরে ধীরে খুলছে।

## উন্নাও ধর্ষিতার বাবা খুনের মামলা : কুলদীপ-সহ সমস্ত অভিযুক্তের ১০ বছরের কারাদণ্ড

নয়াদিল্লি, ১৩ মার্চ (হি.স.): চলতি মাসের ৪ তারিখ উন্নাওয়ের নির্যাতিতা তরুণীর বাবাকে পরিকল্পনা করে খুনের মামলায় দোষীসাব্যস্ত হয়েছিল বহিষ্কৃত বিজেপি বিধায়ক কুলদীপ সিং সেঙ্গার-সহ ৭ জনঊ সেই মামলায় শুক্রবার সাজা ঘোষণা করল দিল্লির নিম্ন আদালতঊ নির্যাতিতা তরুণীর বাবাকে পরিকল্পনা করে খুনের মামলায় ১০ বছরের কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে কুলদীপ, তার ভাই অতুল-সহ সমস্ত অভিযুক্তকেইঊ এছাড়াও আদালতের নির্দেশ অনুযায়ী, নির্যাতিতা তরুণীর পরিবারকে ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে হবে কুলদীপ ও তার ভাই অতুল সেঙ্গারকে।

২০১৭ সালের এপ্রিল মাসে বিচার বিভাগীয় হেফাজতেই মৃত্যু হয়েছিল উন্নাওয়ের নির্যাতিতার বাবারঊ ওই বছরের ৩ এপ্রিল সহকর্মীদের সঙ্গে বাড়ি ফিরছিলেন তিনিঊ সেখানে শশী প্রতাপ সিং তাঁর কাছ থেকে লিফট চাইলে তা অস্বীকার

ছয়ের পাতায়

## নয়ডায় আবারও আতঙ্ক! আরও একজনের শরীরের মিলল করোনাভাইরাস

নয়ডা, ১৩ মার্চ (হি.স.): উত্তর প্রদেশে কোভিড-১৯ নভেল করোনাভাইরাসের আতঙ্ক বেড়েই চলেছেঊ রাজধানী দিল্লির বাসিন্দা, উত্তর প্রদেশের নয়ডার একটি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মীর শরীরের মিলেছে মারণ করোনাভাইরাসঊ সম্প্রতি ফ্রান্স এবং চিন থেকে ফিরেছিলেন ওই কর্মীঊ মারণ করোনাভাইরাসের সংক্রমণ ধরা পড়ায় তাঁকে পৃথক আইসোলেশনে রাখা হয়েছেঊ চিফ মেডিক্যাল অফিসার অনুরাগ ভার্গব জানিয়েছেন, ‘নয়ডার একটি প্রাইভেট ফার্মের কর্মীর শরীরে করোনাভাইরাস মিলেছেঊ তিনি সম্প্রতি ফ্রান্স এবং চিন থেকে ফিরেছিলেনঊ তাঁর বাড়ি দিল্লিতেঊ’ প্রসঙ্গত, শুক্রবার দুপুর পর্যন্ত দিল্লি ও উত্তর প্রদেশে করোনায় আক্রান্তের সংখ্যা যথাক্রমে-৬ এবং ১১।

এদিকে, করোনা সংক্রমণ রুখতে দিল্লিতে আগামী ৩১ মার্চ পর্যন্ত সমস্ত পাবলিক সুইমিং পুল বন্ধ রাখার নির্দেশ দিয়েছে দিল্লি সরকারঊ স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দফতর, দিল্লি সরকার জানিয়েছে, আগামী ৩১ মার্চ পর্যন্ত দিল্লিতে সমস্ত পাবলিক সুইমিং পুল বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছেঊ দিল্লির উপ-মুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়া জানিয়েছেন, পরবর্তী নির্দেশ পাওয়া পর্যন্ত দিল্লিতে সমস্ত ধরনের বড় ইভেন্ট, সম্মেলন এবং খেলা নিষিদ্ধ করা হয়েছে।

## করোনাভাইরাস ঠেকাতে সবরকম সর্তকতা নেবার আবেদন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যযয়ের

কলকাতা, ১৩ মার্চ (হি. স.) : করোনাভাইরাস ঠেকাতে সবরকম সর্তকতা নেবার আবেদন জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই সঙ্গে সমাজ গঠনে ক্লাবগুলোকে সতর্ক হবার আর্জি জানালেন তিনি। শুক্রবার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে এক সমাবেশে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, ঘন ঘন জল পান করা দরকার। ১ ঘন্টা অন্তর সাবান দিয়ে হাত ধোওয়ার কথাও তিনি বলেন। মুখ্যমন্ত্রী বলেন, যতক্ষণ ভাইরাস না সরছে, পরস্পরের সঙ্গে হাত মেলাবেন না। এটা মানুষের থেকে মানুষে ছড়ায়। পাঁচ মিটার দূর থেকে কথা বলবেন। চলবে হাঁচি-কাশি পেলে সামনের দিকে কনুই দিয়ে ঢেকে দেবেন। কিভাবে তা করতে হবে, তিনি নিজে আরও একবার তা দেখান। ক’দিন আগে নবান্নে এক সাংবাদিক সম্মেলনে তিনি একবার তা দেখিয়েছিলেন। মুখ্যমন্ত্রী এদিন সমাবেশে বলেন, কাঁচা খাবার খাবেন না। রান্না করা খাবার সুন্দর করে খাবেন। এখনও পর্যন্ত অনেক কিছু বোঝা যাচ্ছে না। প্রত্যেকে সতর্ক থাকলে সমস্যা এড়ানো যাবে। করোনার জন্য মাঠে সতর্কতার ব্যাপারে কেন্দ্র কিছু নির্দেশিকা দিয়েছে। আমরা সেগুলি খতিয়ে দেখছি। কলকাতায় ক্লাবগুলিকে সচেতন করতে হবে সাধারণ মানুষকে। এ ব্যাপারে পুলিশ কমিশনারের মাধ্যমে সহযোগিতা পৌঁছে যাবে। আর্থিক সাহায্য ডিজি-র মাধ্যমে পৌঁছে যাবে।

মুখ্যমন্ত্রী এদিন বলেন, ১ ঘন্টা অন্তর হাত ধুয়ে ফেলতে হবে। কনুই পর্যন্ত ধোওয়া দরকার কুড়ি সেকেন্ড ধরে। জ্বর হলে ১৪ দিন ঘরে বসে থাকুন। কারও সঙ্গে হাত মেলাবেন না। করোনা নিয়ে আতঙ্কের কিছু নেই। এই মন্তব্য করে মুখ্যমন্ত্রী বলেন, এখনও পর্যন্ত এই রোগে আক্রান্তের দুই শতাংশের মৃত্যু হয়েছে। কয়েক বছর আগে সারসে আক্রান্তে মৃত্যুর শতাংশ আরও বেশি ছিল। করোনা সর্বত্র ছড়িয়েছে। কিন্তু আপনারা ভয় পাবেন না। যথেষ্ট সাবধানে থাকুন। সর্দি কাশি হলে করোনা বলে ভাববেন না। তবে সতর্ক থাকতে হবে। দরকারে চিকিৎসকের পরামর্শ নেবেন। সন্দেহ হলে বেলেঘাটা আইডি হাসপাতালে পরীক্ষা করাবেন। খুব ভিড়ের জায়গা এড়িয়ে চলবেন। এই মন্তব্য করে মুখ্যমন্ত্রী বলেন, বাজারে সাবধানে যাবেন। মাস খানেক, মাস দুই এভাবে সর্তকতা নিতে হবে। জানিনা সঠিক কিনা, কেউ কেউ বলছেন গরম পড়লে করোনার প্রভাব কমবে। কিন্তু আপনাদের নিজেদের ভালো রাখতে হবে। মন ঠিক থাকলে শরীর ঠিক থাকবে। মনে রাখবেন অনেক দিন বাঁচতে হবে। গর্বের সঙ্গে বাঁচতে হবে।

করোনার জেরে দর্শক ছাড়াই ক্রিকেট খেলা হচ্ছে। এই মন্তব্য করে মুখ্যমন্ত্রী বলেন, আমাদের এখানেও তাই করতে হবে। আজ ক্রীড়াজগতের সঙ্গে নবান্নে বৈঠকের প্রাক্কালে মুখ্যমন্ত্রীর এই মন্তব্য বিশেষ বার্তাবহ। কারণ, করোনা-আতঙ্কের প্রেক্ষিতে আগামী একমাস কীভাবে ক্রীড়াজগতের পদক্ষেপ হবে সেই নিয়ে শুক্রবার শেষ বিকেলে এক বৈঠক হবে নবান্নে।

মোহনবাগান-ইস্টবেঙ্গল ম্যাচ থেকে শুরু করে ভারত-দক্ষিণ আফ্রিকা একদিনের ম্যাচ সব কিছুরই ভাগ্য নির্ধারণ হবে আজ। সিএবি, আইএফএ, ইস্টবেঙ্গল, মোহনবাগান-সহ সংশ্লিষ্ট সব কর্তৃপক্ষের সঙ্গে বৈঠকে বসবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৈঠকে থাকবেন ক্রীড়ামন্ত্রী, মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, ক্রীড়া সচিব, রাজ্য পুলিশের ডিজি, কলকাতা পুলিশের কমিশনারের মতে পদস্থ কর্তারা। মুখ্যমন্ত্রী এদিন নেতাজী ইন্ডোরে ‘খেলরত্ন’ পুরস্কার প্রদান অনুষ্ঠানে মঞ্চে মুখ্যমন্ত্রীর পাশে ছিলেন রাজ্যের ক্রীড়ামন্ত্রী লক্ষীরতন শুক্লা সহ ক্রীড়াদুনিয়ার কিছু বিশিষ্ট ব্যক্তি। ডুমুরজলা স্টেডিয়ামের নামকরণ প্রবাদপ্রতিম ফুটবলার শৈলেন মান্নার স্মৃতিতে উৎসর্গ করার কথা বলেন।

## দিল্লি-হিংসা মামলায় ধৃত আরও দু’জন অভিযুক্ত, উদ্ধার মোবাইল ফোন

নয়াদিল্লি, ১৩ মার্চ (হি.স.): উত্তর-পূর্ব দিল্লিতে হিংসাত্মক মামলায় আরও দু’জন অভিযুক্তকে গ্রেফতার করল দিল্লি পুলিশের অপরাধ দমন শাখাঊ ধৃতদের নাম হল-তনবীর এবং গুলফামঊ ওই দু’জন অভিযুক্তের হেফাজত থেকে উদ্ধার করা হয়েছে বেশ কয়েকটি মোবাইলঊ উদ্ধার করা মোবাইল ফোনগুলি ফরেনসিক তদন্তের জন্য পাঠানো হয়েছে।

দিল্লি পুলিশ সূত্রের খবর, উত্তর-পূর্ব দিল্লিতে হিংসা মামলায় শুক্রবার গ্রেফতার করা হয়েছে তনবীর এবং গুলফাম নামে দু’জনকেঊ তাঁদের কাছ থেকে উদ্ধার হওয়ার মোবাইল ফোনগুলি ফরেনসিক তদন্তের জন্য পাঠানো হয়েছেঊ পাশাপাশি ধৃতদের জিজ্ঞাসাবাদ করছেন দিল্লির পুলিশের উর্ধতন কর্তারা।

# কলকাতার তিন প্রধন ফুটবল দলকে অভিনন্দন ও বিশেষ অনুদান মুখ্যমন্ত্রীর

কলকাতা, ১৩ মার্চ (হি. স.) : কলকাতার তিন প্রধান ফুটবল দলকে অভিনন্দন জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মোহনবাগান ক্লাবকে আই লিগ জয়ের জন্য অভিনন্দন জানান মুখ্যমন্ত্রী। আবার শতবর্ষে পদার্পণের জন্য ইস্টবেঙ্গল ক্লাবকেও শুভেচ্ছা জানান। এদিন তিনি এই দু'দল এবং মহামেডান স্পোর্টিং-সহ ময়দানের একাধিক ক্লাবের ভূয়সী প্রশংসা করেন বাংলার খেলার মানকে উচ্চতায় পৌঁছে দেওয়ার জন্য। মুখ্যমন্ত্রী বলেন, "আগে তিন ক্লাবকে ৫০ লক্ষ টাকা করে দেওয়া হয়েছে। আজ তাদের ২১ লক্ষ টাকা প্রতীকী হিসাবে দেওয়া হচ্ছে খেলাধুলোর উন্নয়নের জন্য। বাংলার খেলাধুলো এই ক্লাবগুলিকে ছাড়া ভাবা যায় না। মোহনবাগান, ইস্টবেঙ্গল ও মহামেডান ছাড়া বাংলার ফুটবল ভাবা যায় নাকি। ভারতের ফুটবলেও এদের অবদান অসীম।"
এদিন নেতাজী ইন্ডোর স্টেডিয়ামের অনুষ্ঠান মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী বলেন, "ক্লাবগুলি সমাজগঠনে দায়িত্ব নেবে। কুৎসার বিরুদ্ধে রুখে দাঁড়ান। সামাজিক উন্নয়নে শামিল হোন, সরকার সবরকম সাহায্য করবে। সরকারি সাহায্যের টাকা পৌঁছে যাবে। ডিজিপি ও পুলিশ কমিশনারের মাধ্যমে টাকা পেয়ে যাবেন। ক্লাবই পারে এলাকা শান্ত রাখতে।" হাওড়ার ডুমুরজলা স্টেডিয়ামটি প্রয়াত কিংবদন্তী ফুটবলার শৈলেন মান্নার নামে নামকরণ করার কথা ঘোষণা করে মুখ্যমন্ত্রী অনুষ্ঠানের মঞ্চ থেকেই রাজ্যের ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাসকে নির্দেশ দেন এই বিষয়ে কাজ শুরু করতে। এদিনের অনুষ্ঠানে রাজ্যের প্রায় ২৬ হাজার ক্লাবের প্রতিনিধি উপস্থিত ছিলেন বলে নিজেই জানান মুখ্যমন্ত্রী। তাঁদের এদিন সরকারি সহায়তার কথা ছিল। মুখ্যমন্ত্রী বলেন, তিন দিনের মধ্যে পুলিশ এই অনুদান পৌঁছিয়ে দেবে।

# পিছিয়ে পড়া পরিবারের শিশুদের জন্য ফ্রি কোচিংয়ের ব্যবস্থার আশ্বাস মমতার


কলকাতা, ১৩ মার্চ (হি. স.) : যে সব ক্লাব রাজ্য সরকারের কাছ থেকে আর্থিক অনুদান পাচ্ছে,পিছিয়ে পড়া পরিবারের শিশুদের জন্য তাদের বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। শুক্রবার কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়াম থেকে এই বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।
রাজ্য সরকারের 'খেলরত্ন' পুরস্কার প্রদানের মঞ্চ থেকেই সামাজিক স্তরে এক নতুন আঙ্গীকে উন্নয়নের এই বার্তা দিলেন মুখ্যমন্ত্রী। এই নির্দেশ মুহুর্তের মধ্যেই সাড়া ফেলে দিয়েছে রাজ্যের সামাজিক পরিমণ্ডলে। মুখ্যমন্ত্রী জানান, "সমাজ গঠনে ক্লাবগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। ক্লাবগুলিতে অনেক সময়ই পিছিয়ে পড়া পরিবারের শিশুদের স্কুলের পরে কোচিং করানো হয়। তবে সব ক্লাবে হয় না। কিন্তু এবার থেকে সেই ব্যবস্থা করতে হবে। যে সব ক্লাব রাজ্য সরকারের কাছ থেকে অনুদান পাচ্ছে তাদের এই বিষয়টা দেখতে হবে। এক্ষেত্রে শিক্ষিত স্থানীয় যুবক-যুবতীদের যোগদানের ব্যবস্থাও করতে হবে বলে মন্তব্য করেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, এই শিশুদের পড়ানোর বদলে এই শিক্ষকদের কিছু হাত খরচ দিলে তাঁরাও উৎসাহ পাবে।" মুখ্যমন্ত্রীর এই ঘোষণায় যেমন লক্ষাধিক পড়ুয়ার উপকার সাধন হবে তেমনি হাজার হাজার বেকার যুবক-যুবতীও কিছুটা হলেও আয়ের মুখ দেখবে।

# বছরের কারাদণ্ড

**পাচের পাতার পর**

করা হয়ঊ এরপরই শশী তাঁর দলবল নিয়ে আসেঊ সেখানে এসে উপস্থিত হন কুলদীপ সেঙ্গারের ভাই অতুলওঊ ধর্ষিতার বাবাকে বেধড়ক মারধর করা হয়ঊ এমনকি ধর্ষিতার বাবার বিরুদ্ধে এফআইআর করা হয়ঊ ধর্ষিতার বাবাকে গ্রেফতারও করা হয়ঊ বিচার বিভাগীয় হেফাজতে থাকাকালীনই ধর্ষিতার বাবার মৃত্যু হয়ঊ এই মামলাতেই গত ৪ মার্চ কুলদীপ-সহ ৭ জনকে দোষীসাব্যস্ত করেছিল দিল্লির তিস হাজারি আদালতঊ শুক্রবার সাজা ঘোষণা করল আদালত।

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# করোনা ভাইরাসের আতঙ্কে স্বস্তায় বিক্রি, মুরগী পালন করে চোখে সরষে ফুল দেখছে কাঁকসার স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা

দুর্গাপুর, ১৩ মার্চ(হি. স.): খাবার জোগাড় করতেই ফতুর। তার ওপর করোনা ভাইরাসের আতঙ্ক। দেনা মেটাতে বিক্রি করল চাষ করা মুরগী।বছর ঘুরলের লাভের আশায় জল ঢালা গেল। উন্নত প্রজাতির মুরগী চাষ করে চোখে সরষে ফুল দেখছে পশ্চিম বর্ধমানের কাঁকসার জামডোবার স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা।
কয়েকদিন আগেও দুর্গাপুরের প্রশাসনিক সভা থেকে হাঁস, মুরগী পালনের পরামর্শ দেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উদ্দেশ্য, রাজ্যে ডিমের চাহিদা মেটানো। হাঁস, মুরগী পোল্ট্রীর জন্য একগুচ্ছ সুযোগ সুবিধার ফিরিস্তিও শোনানো হয় প্রশাসনিক ওই সভায়। কিন্তু, হাঁস, মুরগী পালনের উৎসাহে জল ঢাললো চিনের করোনা ভাইরাস। আতঙ্কে রাজ্যজুড়ে পোল্ট্রি খালি করতে স্বস্তায় পালন করা মুরগী বিক্রি করতে বাধ্য হচ্ছে উদ্যোগপতিরা। এরকমই একটি ঘটনায় রীতিমতো বিপাকে পড়েছে কাঁকসার বনকাটির জামডোবা গ্রামের স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা।
জানা গেছে, বছরখানেক আগে ১০ সদস্যের একটি স্বনির্ভর গোষ্ঠী মুরগী পালনের উদ্যোগ নেয়। সেইমতো স্থানীয় পঞ্চায়েত থেকে এমজিএনআরইজিএস প্রকল্পে শেড তৈরি করে দেয়। দেওয়া হয় পোল্ট্রী প্রশিক্ষণ। এছাড়াও দেওয়া হয় প্রায় আড়াই"শ আরআইআর(রোড আইল্যান্ড রেড) প্রজাতির ডিম দেওয়ার মুরগী। জানা গেছে, সঠিক পরিচর্যা করলে আরআইআর মুরগী ছ" মাসের মাথায় ডিম দেওয়া শুরু করে। এবং দেড় বছর বয়স পর্যন্ত ডিম দেয়। বছরে ৩০০ টা পর্যন্ত এক একটি মুরগী ডিম দেয়।
কাঁকসা ব্লক প্রানী সম্পদ দফতর সুত্রে জানা গেছে, ব্লকে ১১ টি স্বনির্ভর গোষ্ঠীকে ২৫০ টি করে মুরগী দেওয়া হয়েছিল। বিনামুল্যে মুরগী পেলেও খাবার জোগাড় করতে নাজেহাল জামডোবা গ্রামের ওই স্বনির্ভর গোষ্ঠী। তাদের দলনেত্রী সুখডী হেমব্রম জানান,' মুনাফার আশায় মুরগী পালন শুরু করি। কিন্তু, মাস কয়েক পর থেকেই মুরগী খাবার জোগাড় করতে হীমসিম খেতে হয়। ব্যাঙ্ক থেকে প্রায় দেড় লক্ষ টাকা ঋণও নেওয়া হয়। কিন্তু তাতেও কিছু সুবিধা হয়নি।' তিনি আরও বলেন,"১৬০০ টাকা কুইন্টাল মুরগীর খাবার। ৭০ কেজি খাবার ৫-৭ দিন চলত। আশা করেছিলাম ৮-৯ মাস পর ডিম দেওয়া শুরু হবে। কিন্তু সেভাবে ডিম দেওয়া শুরু না হওয়ায় মাথা হাত পড়ে। বাড়তে থাকে খরচ। মাসখানেক আগে বেশ কিছু মুরগী বিক্রি করে ব্যাঙ্কের দেনা কিছুটা মেটানো হয়েছিল। কিন্তু সাম্প্রতি করোনা ভাইরাসের খবর চাউর হতেই লাভের আশায় জল ঢালা যায়। মড়কের আতঙ্কে স্বস্তায় বাকি সব মুরগী বিক্রি করতে বাধ্য হলাম।" জামডোবা স্বনির্ভর গোষ্ঠী ছাড়াও ব্লকের অধিকাংশ ফার্মে মুরগী শুন্য করে দিয়েছে পোল্ট্রীতে।
কাঁকসা প্রানীসম্পদ আধিকারিক ডঃ সঞ্জয় আকুলি জানান,' এখনও পর্যন্ত মুরগীতে করোনা ভাইরাসের কোন প্রমান পাওয়া যায় নি। গুজবে আতঙ্ক ছড়িয়েছে। তার জেরে দাম কমেছে মুরগীর। এবং এই মুরগী পালনে করোনার আতঙ্ক একটা প্রভাব পড়ছে।' তিনি আরও বলেন,' আমাদের দফতর থেকে প্রশিক্ষন ও বিনামুল্যে মুরগী দেওয়া হয়। ধারনা, জামডোবা গ্রামের ওই ফার্মে মুরগীর পরিচর্যা ও প্রয়োজনীয় খাবার ঠিক মতো দিতে না পারায় ডিম দেওয়া শুরু হয়নি। তবুও বিষয়টি খোঁজ নিয়ে দেখা হবে। চলতি বছর নতুন প্রকল্পে গোষ্ঠী পিছু ৫০ টি করে মুরগী বাচ্চা দেওয়া হবে।'

# বেড না মেলায় পাঁচ হাসপাতাল ঘুরে মৃত্যু বৃদ্ধার

কলকাতা,১৩ মার্চ (হি.স.):ফের চিকিৎসায় গাফিলতির অভিযোগ উঠল সরকারি হাসপাতালের বিরুদ্ধে ঊ৫টি সরকারি হাসপাতাল ঘুরেও মিলল না বেড। পরিণতি মৃত্যু।বেড না মেলায় প্রাণ গেল ৬২ বছরের বৃদ্ধার ঊ মৃত ৬২ বছরের বৃদ্ধার নাম সন্ধ্যা রায়। মৃতার পরিবারের তরফে অভিযোগ তুলেছে আড়াই বছর ধরে বাইপাস সার্জারির জন্য ডেট দিয়েও বেড মেলেনি ঊ হয়নি অস্ত্রোপচারও এসএসকেএম হাসপাতালে ঊ কিন্তু বৃহস্পতিবার গুরুতর অসুস্থ হয়ে পড়েন সন্ধ্যা দেবী ঊ এরপর পরিবারের লোকেরা তাঁকে প্রথমে নিয়ে যান হাবড়া হাসপাতালে ঊ কিন্তু সেখানে জানানো হয়, পরিকাঠামো নেই ঊ তাই তাঁকে নিয়ে বারাসত হাসপাতালে যাওয়ার পরামর্শ দেওয়া হয় ঊ সেই মত বারাসত হাসপাতালে নিয়ে যাওয়া হয় সন্ধ্যাদেবীকে ঊ সেখানে জানানো হয়, কার্ডিওলজির কোনও চিকিৎসার পরিকাঠামো সেখানে নেই ঊ রোগীকে কলকাতার কোনও যে কোনও মেডিক্যাল কলেজে দ্রুত নিয়ে যাওয়ার জন্য রেফার করে দেওয়া হয় ঊ এরপর রাত আটটার সময় তাঁরা এসএসকেএম হাসপাতালে পৌঁছন ঊ সেখানে ইমারজেন্সি বিভাগ থেকে কার্ডিওলজি বিভাগে পাঠিয়ে দেওয়া হয় সন্ধ্যাদেবীকে ঊ সেখানে জানানো হয়, সন্ধ্যাদেবীর কার্ডিওলজির কোনও সমস্যা নেই ঊ এছাড়া কার্ডিওলজিতে বেড খালি নেই বলেও জানানো হয় ঊ ফের তাঁকে নিয়ে আসা হয় ইমারজেন্সিতে ঊ সেখানকার চিকিৎসকেরা বলেন, সন্ধ্যাদেবীর কার্ডিওলজিরই সমস্যা রয়েছে ঊ তাই তাঁকে দ্রুত কোনও কার্ডিওলজি বিভাগে না ভর্তি করলে মৃত্যু পর্যন্ত হতে পারে। সেখানে থেকে এনআরএস মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়ার নির্দেশ দেওয়া হয় ঊ এরপর রাত ১২টা নাগাদ সন্ধ্যাদেবীকে নিয়ে তাঁর পরিবারের লোকেরা এনআরএস-এ পৌঁছন। সেখানে চিকিৎসকেরা জানান, সন্ধ্যাদেবীর কার্ডিওলজির সমস্যা রয়েছে ঊ কিন্তু তাঁদের হাসপাতালে কোনও বেড খালি নেই ঊ তারপরে সেখান থেকে পরিবারের লোকেরা ছোটেন কলকাতা মেডিক্যাল কলেজে ঊ সেখানেও কার্ডিওলজিতে কোনও বেড পাওয়া যায়নি ঊ কোনও রকমে ইমার্জেন্সিতে হাতেপায়ে ধরে শুক্রবার ভোরবেলার দিকে মেডিসিন বিভাগে ভর্তি করা হয় সন্ধ্যাদেবীকে ঊ ভর্তি করার কিছুক্ষণ পরেই তাঁর মৃত্যু হয় তাঁর ঊ আগে চিকিৎসা হলে সন্ধ্যাদেবীকে বাঁচানো যেত বলেই দাবি পরিবারের তরফে ঊ এই ঘটনায় মুখ্যমন্ত্রীর কাছে প্রতিকার চেয়েছেন মৃতার পরিবার

# করোনা রুখতে একগুচ্ছ সিদ্ধান্ত সাউথ পয়েন্ট স্কুলে

কলকাতা, ১৩ মার্চ (হি.স.): এবার করোনা ভাইরাসের আতঙ্ক গ্রাস করল কলকাতার স্কুলেও। শুক্রবার দক্ষিণ কলকাতার সাউথ পয়েন্ট স্কুলে করোনা আতঙ্কে জারি করা হল নির্দেশিকা। বেশকিছু নির্দেশ ও নিষেধাজ্ঞা জানানো হয়েছে ওই বিজ্ঞপ্তিতে।
করোনা আতঙ্কের জেরে পিছিয়ে দেওয়া হয়েছে নার্সারি ৩- এর মার্কশিট দেওয়ার দিন। একইসঙ্গে জানানো হয়েছে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেনীর খাতাও আপাতত দেখানো হবে না পড়ুয়াদের। পঞ্চম শ্রেণীর রেজাল্ট আগামী ২৪ মার্চ দেওয়া হবে অভিভাবকের হাতে। সেদিন পড়ুয়াদের স্কুলে আসার প্রয়োজন নেই বলে জানিয়ে দেওয়া হয়েছে স্কুল কর্তৃপক্ষের তরফে।
স্কুল কর্তৃপক্ষ আরও জানিয়েছে করোনা আতঙ্কের জেরে আপাতত স্থগিত রাখা হয়েছে স্কুলের বার্ষিক অনুষ্ঠান। কোনও পড়ুয়া অসুস্থ থাকলে তাকে স্কুলে না পাঠানোর আবেদন করা হয়েছে স্কুল কর্তৃপক্ষের তরফে। প্রয়োজন না থাকলে স্কুলে আসতে বারবার বারণ করেছে স্কুল কর্তৃপক্ষ।
ইতিমধ্যে, বেলভিউ হাসপাতালের কনসালট্যান্ট ইন্টার্নাল মেডিসিন, ডাঃ রাহুল জৈনকে নিয়ে এদিন এক কর্মশালার আয়োজন করেছিল স্কুল কর্তৃপক্ষঊ কর্মশালায় উপস্থিত ছিল প্রাথমিক বিভাগের প্রায় ৩০০ শিক্ষিকা ও অন্যান্য অশিক্ষক কর্মী। আগামী ১৭মার্চ উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে পুনরায় আর একটি কর্মশালার আয়োজন করেছে স্কুল কর্তৃপক্ষ।

# পিটার ডটনও

**তিনের পাতার পর**

এখন পর্যন্ত অস্ট্রেলিয়ায় ১৫৬ জন করোনা ভাইরাসে আক্রান্ত। এর মধ্যে কুইন্সল্যান্ডে বসবাসকারী মার্কিন অভিনেতা টম হ্যাঙ্কস ও তার স্ত্রী রিটা উইলসনও রয়েছেন।

# ঝাড়্গাম শহরের কদমকানন রেল গেটে আন্ডার পাশের জন্য স্মারকলিপি জমা দিল সি পি আই

ঝাড়্গাম, ১৩ মার্চ ( হি. স.) : ঝাড়্গাম শহরের কদমকানন রেল গেটে আন্ডার পাশের জন্য দীর্ঘ দিন ধরে দাবি জানিয়ে আসছেন বাসিন্দারা। এবার খঙ্গাপুর ডি আর এম অফিসে স্মারকলিপি জমা দিল সি পি আই। শুক্রবার ঝাড়গ্রাম জেলা সিপিআইয়ের পক্ষ থেকে এই আন্ডার পাশের দাবি নিয়ে গত প্রায় এক মাস ধরে চলেছিল গণ স্বাক্ষর সংগ্রহ অভিযান।স্বাক্ষর সংগ্রহ অভিযান শেষে এদিন তাদের পক্ষ থেকে স্মারক লিপি দেওয়া হল।
ঝাড়গ্রাম শহরের কদমকানন রেলগেটের এদিকে রয়েছে ঝাড়গ্রাম জেলা শাসকের দফতর সহ নানা সরকারি অফিস,আদালত,মূল বাজার,জেলা সুপারস্পেশালিটি হাসপাতাল,কলেজ এবং অনেক স্কুল।কদমকানন রেল গেটের অপর প্রান্তে রয়েছে ঝাড়গ্রাম জেলা পুলিশ সুপারের অফিস, সিআরপি ১৮৪ হেডকোয়ার্টার।এই প্রান্তের এক নম্বর এবং দুই নম্বর ওয়ার্ড সহ বাঁধগোড় অঞ্চলের বিস্তৃর্ন গ্রামের হাজারো মানুষ জনকে নিত্য প্রয়োজনে প্রতিদিন গেটে পার করে শহরের মূল কেন্দ্রে আসতে হয়। প্রতিদিন নিত্য যানজটে দীর্ঘ সময় আটকে থাকতে হয় মানুষকে।মুমুর্ষু রোগীদের জেলা হাসপাতালে পৌছায়ে দূর্ভোগে পোয়াতে হয়।গ্রামের কৃষকদের মূল বাজারে আসতে হয়,স্কুল,কলেজ পড়ুয়াদের হয়রানির শিকার হতে হয়।জেলা সদরের বেশির ভাগ অফিস রয়েছে পাঁচা মাথা মোড়কে কেন্দ্র করে।আর এই অসুবিধার জন্য স্থানীয় বাসিন্দারা দীর্ঘদিন ধরে দাবি করে আসছেন একটি আন্ডার পাশের।এদিন সিপিআইয়ের ঝাড়গ্রাম জেলার সহ সম্পাদক বিকাশ ষড়ঙ্গী বলেন " আমারা জেলা সিপিআইয়ের পক্ষ থেকে গত এক মাস ধরে কদমকানন রেলগেটের সংলগ্ন এলাকায় একটি আন্ডার পাশের দাবি নিয়ে গন স্বাক্ষর সংগ্রহ অভিযান করেছি।এদিন মূলত এই আন্ডার পাশ সহ আরো দাবি কিছু নিয়ে এডিআরএমের কাছে স্মারক লিপি দিয়েছি।ওনাদের পক্ষ থেকে সার্ভে করার আশ্বাস দেওয়া হয়েছে।নিত্যদিন মানুষ ওই রেল গেটে চরম হয়রানির শিকার হন।সাধারণ মানুষ,স্কুল,কলেজ পড়ুয়া,রোগী সহ কৃষি জীবি মানুষেরাও চূড়ান্ত হয়রান হচ্ছেন।মানুষের দীর্ঘ দিনের দাবি এই আন্ডার পাশের।" কদমকানন ইউনাইটেড ক্লাবের পক্ষ থেকে সম্পাদক প্রান্তিক মৈত্র বলেন " আমাদের ক্লাবের পক্ষ থেকে আমরা এই আন্ডার পাশের দাবি নিয়ে দীর্ঘদিন ধরে রেলের দৃষ্ট আকর্ষন করেছি।ডিআরএমের দফতরে স্মারক লিপি দিয়েছি।রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছেও চিঠি পাঠিয়েছি।এখানে আন্ডার পাশটি হওয়ার খুবই প্রয়োজন রয়েছে।মানুষ নিত্যদিন হয়রানির শিকার হচ্ছে"।
এদিন আন্ডার পাশের দাবি নিয়ে স্মারক লিপি দেওয়ার বিষয়ে খঙ্গাপুরের সিনিয়ার ডিসিএম আদিত্য কুমার চৌধুরী বলেন " আন্ডার পাশের দাবিটি এসেছে।কনসিডার করা হবে।নির্দষ্টি পদ্ধতির মধ্য দিয়ে বিষয় টি দেখা হবে।" উল্লেখ্য উল্লেখ্য ঝাড়গ্রাম শহরের কদমকান রেল গেটের কাছে নিত্যদিন তীব্র যান জটে নাকাল হন হাজারো মানুষ।আর এই রেলগেটের কাছে আন্ডার পাশের দাবি নিয়ে কদমকানন ইউনাউটেড ক্লাবের পক্ষ থেকেও রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে চিঠি পাঠানো থেকে শুরু করে ডিআরএম অফিসে স্মারক লিপি দেওয়া হয়েছিল।

# হুগলীতে নোভেল করোনা ভাইরাস নিয়ে বৈঠকে জেলাশাসক

হুগলী, ১৩ মার্চ (হি. স.): হুগলী জেলা স্বাস্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে নোভেল করোনা ভাইরাস কোভিড- ১৯ বিষয়ক আলোচনা সভা চুচুঁড়া রবীন্দ্র ভবনে অনুষ্ঠিত হলো। নিজেকে এবং অন্যদের ও সুরক্ষিত রাখতে কিকি বিষয় সচেতনতা অবলম্বন করবেন সে বিষয়ে বিশদ আলোচনা করা হয়।
জেলার আশাকর্মী, অঙ্গনওয়ারী কেন্দ্রের কর্মীদের এ ব্যাপারে সচেতনতা বাড়াতে কাজে নামার নির্দেশ দেওয়া হয়েছে জেলাস্তরে।
করোনা মোকাবিলায় জেলায় সমস্ত হাসপাতালে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জেলাশাসক বলেন।
বিধায়ক অসিত মজুমদার এই আলোচনাসভার উদ্বোধন করে জনসাধারণকে সতর্কতা অবলম্বন করার আহ্বান জানান। শুক্রবার চুচুঁড়া রবীন্দ্র ভবনে আয়োজিত আলোচনা সভায় জেলাশাসক ওয়াই রত্নাকর রাও, চিকিৎসক পার্থ ত্রিপাঠি, সি এম ও এইচ শুভ্রাংশু চক্রবর্তীসহ জেলাপরিষদ এর কর্মাধ্যক্ষগণ উপস্থিত ছিলেন। সভা হতে জেলাশাসক করোনা ভাইরাস সতর্কতা মূলক পোস্টার প্রকাশ করেন।

# মুখ্যমন্ত্রী

● **প্রথম পাতার পর**

কমিটির সাথে বৈঠক করে পদক্ষেপ নেবেন।
এদিকে, আজ করোনা ভাইরাস নিয়ে তিনদিনব্যাপী চিকিৎসকদের কর্মশালা সমাপ্ত হয়েছে। তাতে, ত্রিপুরা সরকার, ওএনজিসি, বিএসএফ-র মোট ১৭০ জন চিকিৎসক অংশ নিয়েছিলেন। এছাড়া, করোনা ভাইরাসের ট্রিটমেন্ট প্রটোকল সমস্ত চিকিৎসকদের মধ্যে সরবরাহ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। এদিন তিনি ত্রিপুরাবাসীকে অভয় দিয়ে বলেন, করোনা ভাইরাস নিয়ে নিশ্চিন্তে থাকুন। তবে, সতর্কতা অবলম্বন করে চলুন।

# চার শতাংশ

● **প্রথম পাতার পর**

অবসরপ্রাপ্তদের ডিয়ারনেস রিলিফ বেড়ে দাঁড়াল ২১ শতাংশে।
কেন্দ্রের এই ঘোষণায় উপকৃত হবেন ১ কোটি মানুষ। চার শতাংশ ডিএ বৃদ্ধির অর্থ সরকারি কর্মীদের বেতন বাড়বে ৭২০-১০,০০০ প্রতি মাসে। সপ্তম বেতন কমিশনের আওতায় শুক্রবার কেন্দ্রীয় সরকারি কর্মীদের ডিয়ারনেস অ্যালাওয়েন্স (ডিএ) এবং পেনশনভোগীদের ডিয়ারনেস রিলিফ (ডিআর) ৪ শতাংশ বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়। মার্চ মাসের বেতনের সঙ্গে এই বর্ধিত ডিএ মিলবে বলে জানা গিয়েছে। এতে ৪৮ লক্ষ কেন্দ্রীয় সরকারি কর্মচারি এবং প্রায় ৬৫ লক্ষ পেনশনভোগী উপকৃত হবেন।
গত সপ্তাহেই এ নিয়ে রাজ্যসভায় মুখ খোলেন কেন্দ্রীয় অর্থ দফতরের প্রতিমন্ত্রী অনুরাগ ঠাকুর। তিনি জানান, মুদ্রাস্ফীতি এবং নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির কথা মাথায় রেখেই এ বার ডিএ বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মহার্ঘ ভাতা নিয়ে আলোচনার পাশাপাশি, এ দিন কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে করোনাভাইরাস মোকাবিলায় কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে, তা নিয়েও আলোচনা হয়।

# ভরসা ট্রাম্পের

**আটের পাতার পর**

প্রধানমন্ত্রী) করমর্দন করিনি এবং একে-অপরের দিকে তাঁকিয়ে ছিলামঊ বললাম আজ আমরা কী করতে যাচ্ছি? একটু অন্য ধরনের অনুভূতিঊ আমি সবেমাত্র ভারত থেকে ফিরেছি এবং সেখানে কারও সঙ্গে করমর্দন করিনিঊ অত্যন্ত সহজ ব্যাপার।
করোনাভাইরাসের প্রেক্ষিতে এ বছরের জন্য অলিম্পিক স্থগিত রাখা উচিত বলেও মন্তব্য করেছেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পঊ ট্রাম্পের কথায়, অলিম্পিকের ক্ষেত্রে হয়তো এটি সম্ভব, আমি সেখানে কাউকে দেখতে পাচ্ছি নাঊ হয়তো এবং এটি আমার নিজের ধারণা, হয়তো তাঁরা এ বছরের জন্য অলিম্পিক স্থগিত রাখতে পারেন।

# সংস্থার বিরুদ্ধে

**তিনের পাতার পর**

লক্ষ্মী মটরস নামের নির্মাণ সংস্থা। কিন্তু এর পরও জাতীয় সড়ক কর্তৃপক্ষ নির্মাণ সংস্থাটির বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিচ্ছে না বলে অভিযোগ তুলেছেন স্থানীয় বাসিন্দারা।

# শান্তিপুরে পথ দুর্ঘটনায় মৃত ২

শান্তিপুর, ১৩ মার্চ (হি. স.) : নদিয়ার শান্তিপুর থানার চাঁপাতলার ৩৪ নম্বর জাতীয় সড়কে পথ দুর্ঘটনায় মৃত্যু হল দু"জনের । আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন আরও দু"জন। দুর্ঘটনাটি ঘটেছে শুক্রবার সকালে।এদিন কলকাতাগামী একটি ১০ চাকার লরি এবং কৃষ্ণনগরগামী ১০ চাকার লরির মুখোমুখি সংঘর্ষ হয়। ঘটনাস্থানেই মৃত্যু হয় একটি গাড়ির চালক ও খালাসির।

# বিয়ে

● **প্রথম পাতার পর**

না দেওয়াকে কেন্দ্র করে। আক্রান্ত বর জিবি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় জানায় তারা ৪/৫ জন আক্রান্ত হয়েছেন। পাত্রিকে সোনার চেইন দেবার কোন কথা ছিল না। প্রকৃতপক্ষে পাত্রি বিয়ের দিন অপর এক যুবকের হাত ধরে পালিয়ে গেছে। সে কারণেই পাত্রপক্ষকে প্রতিহত করতে তারা এ ধরনের মিথ্যাচার চালিয়ে আক্রমণ সংগঠিত করেছে। ঘটনাকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

# শহরে

● **প্রথম পাতার পর**

সেই দোকান টাস্ক ফোর্স তুলে নিয়ে যাবে, বলেন তিনি।
তাঁর দাবি, আগরতলা শহরে সমীক্ষা অনুযায়ী ২৭০০ জন হকার চিহ্নিত হয়েছেন। তাঁদের সচিত্র পরিচয়পত্র এবং সাথে সার্টিফিকেট দেওয়া হবে। কোথায় রাস্তায় দোকান খুলতে পারবেন সমস্ত বিবরণী উল্লেখ থাকবে এতে। তাঁর ধারণা, মাস দেড়েকের মধ্যে পার্কিং এবং হকার সমস্যার সমাধান হয়ে যাবে।

# ক্রাইম ব্রাঞ্চ

● **প্রথম পাতার পর**

করেছে ক্রাইম ব্রাঞ্চ। তাঁদের নোটিশ পাঠানো হবে এবং ক্রাইম ব্রাঞ্চ ওয়াই পি সিঙের মুখোমুখি বসিয়ে তাঁদের জিজ্ঞাসাবাদ করবে। তাঁরা কেন স্বাক্ষর করেছিলেন সে বিষয়টি স্পষ্ট হওয়া জরুরি বলে মনে করা হচ্ছে। তাই, আরও সাতদিনের সময় দেওয়ার জন্য আদালতে আবেদন জানানো হয়েছিল। উচ্চ আদালত সেই আবেদন মঞ্জুর করেছে। সে অনুযায়ী পরবর্তী শুনানি ২০ মার্চ ধার্য হয়েছে।

# রোগীরা

● **প্রথম পাতার পর**

ইমিগ্রেশন যাওয়ার অনুমতি দিলেও ভারতে ঢুকতে দেওয়া হচ্ছে না। তিনি বলেন, মেডিক্যাল ভিসায় স্ত্রীকে নিয়ে কলকাতায় যাবেন ভেবে এসেছিলেন। এমতাবস্থায় স্ত্রীর চিকিৎসা কীভাবে হবে বুঝতে পারছেন না তিনি।
জানা গেছে, বিশেষ ক্ষেত্রে ভিসা দেওয়া হয়। কিন্তু সেক্ষেত্রে চিকিৎসকদের ছাড়পত্রের প্রয়োজনীয়তা রয়েছে। করোনা ভাইরাসে আক্রান্ত নন এমন রিপোর্ট দেখালেই বিশেষ প্রয়োজনে ভিসা দেওয়া হবে। তবে এই নিয়ম অনেকেরই অজানা বলে মনে করা হচ্ছে। প্রসঙ্গত, আগরতলা ইন্টিগ্রেটেড চেকপোস্ট দিয়ে বাংলাদেশের প্রচুর রোগী ভারতে প্রবেশ করেন। তাঁরা চিকিৎসার জন্য শিলচর, কলকাতা, চেন্নাই, বেঙ্গালুরু সহ ভারতের বিভিন্ন শহরে যান। মূলত, উন্নত চিকিৎসার জন্যই তাঁরা ভারতে আসেন। কিন্তু এখন করোনা ভাইরাসের জন্য বাংলাদেশের রোগীরা চরম বিড়ম্বনার শিকার হবেন বলেই মনে হচ্ছে।

# মোদী

● **প্রথম পাতার পর**

রয়েছেন। দিল্লিতে সংক্রমিত ৬ জন, হরিয়ানায় ১৪ জন (প্রত্যেকেই বিদেশি নাগরিক), কেরলে ১৯ জন (সুস্থ হয়েছেন ৩ জন), রাজস্থানে ৩ জন (একজন ভারতীয় নাগরিক এবং দু'জন বিদেশি নাগরিক), তেলেঙ্গানায় আক্রান্ত একজন, উত্তর প্রদেশে ১১ জন (১০ জন ভারতীয় নাগরিক এবং একজন বিদেশি নাগরিক), কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখে আক্রান্ত ৩ জন, তামিলনাড়ুতে একজন, জম্মু ও কাশ্মীরে একজন সংক্রমিত, পঞ্জাবে আক্রান্ত একজন এবং কর্ণাটকে করোনায় সংক্রমিত ৬ জন (একজনের মৃত্যু হয়েছে), মহারাষ্ট্রে এখনও পর্যন্ত মোট ১৪জন আক্রান্ত হয়েছেন এবং অন্ধ্রপ্রদেশে আক্রান্তের সংখ্যা একঊ
চিনের উহান থেকে আইটিবিপি"র কোয়ারান্টাইন সেন্টারে যে ১১২ জনকে আনা হয়েছিল শুক্রবার তাদের নিজেদের বাড়িতে পাঠিয়ে দেওয়া হয়েছে। তাঁদের সকলের শরীরে করোনার ভাইরাসের নমুনা না মেলায় প্রত্যেককেই ছেড়ে দেওয়া হয়েছে ক্যাম্প থেকে।

# চারজনের

● **প্রথম পাতার পর**

গতকাল রাতেই সিধাই থানার দ্বারস্থ হয়েছিলেন। কিন্তু পুলিশ তাঁদের কোনও সহযোগিতা করেনি বলে মৃতার মা সীমা দেব অভিযোগ করেছেন। তিনি বলেন, স্থানীয় বাসিন্দা গাড়ি চালক সৌরভ পালের কাছে তাদের মেয়ের মোবাইল রয়েছে। তাঁদের ধারণা সৌরভ মেয়েকে খুন করেছে। যুবতীর পরিবারের অভিযোগের ভিত্তিতে পুলিশ গাড়ি চালক সৌরভ পালকে আটক করেছে। তাকে জিজ্ঞাসাবাদ চালিয়েছে পুলিশ।
তবে ওই যুবতীকে জীবন্ত পুড়িয়ে মারা হয়েছে নাকি খুন করার পর মৃতদেহ আগুনে পুড়িয়ে ফেলা হয়েছে, তা এখনও পুলিশ জানাতে পারেনি। নৃশংস এই খুনের পেছনে কী কারণ থাকতে পারে, তা-ও তদন্ত করে দেখছে পুলিশ। ওই ঘটনা নিয়ে পুলিশের কোনও আধিকারিক মন্তব্য করতে রাজি হননি।
অন্যদিকে, নারী নির্যাতন ক্রমাগত বৃদ্ধি পাওয়াই গভীর উদ্বেগ প্রকাশ করেছেন ডিওয়াই এফ আই এবং নারী সমিতি। দুটি সংগঠনের যৌথ উদ্যোগে শুক্রবার আগরতলা শহরে প্রতিবাদ বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়। রাজ্যে ক্রমবর্ধমান নারী নির্যাতন বন্ধ করতে বর্তমান সরকার সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে বলে দাবি করেছেন ডিওয়াইএফআই রাজ্য সম্পাদক নবারুণ দেব। শুক্রবার আগরতলায় নারী নির্যাতন বিরোধী প্রতিবাদ বিক্ষোভ মিছিলে সামিল হয়ে তিনি বলেন, নারী নির্যাতন বন্ধে বর্তমান সরকার পুরোপুরি ব্যর্থ হয়েছে। সমাজদ্রোহীদের রুখতে প্রশাসন সম্পূর্ণভাবে ব্যর্থ। এইসব কাজকর্মে শাসক দল মদত যোগাচ্ছে বলে ডিওয়াইএফআই রাজ্য সম্পাদক অভিযোগ করেছেন। সে কারণেই সমাজদ্রোহীরা স্বাধীনভাবে এই সব ঘটনা ক্রমাগত সংগঠিত করে চলেছে বলে অভিযোগ করেন তিনি। মোহনপুরে বাইশ বছরের তরুণীকে আগুনে পুড়িয়ে নৃসংশভাবে হত্যা করা হয়েছে বলেও অভিযোগ করা হয়েছে। রাজ্যে নারী নির্যাতন বন্ধ করতে রাজ্য সরকারকে কঠোর মনোভাব গ্রহণ করার জন্য দাবি জানানো হয়েছে। অন্যথায় তারা বৃহত্তর আন্দোলনে সামিল হতে বত্রাধ্য হবেন।

# নিচ্ছে এসবিআই


**আটের পাতার পর**

অঙ্ক দাঁড়াবে ১০০০ কোটি টাকা। অ্যাক্সিস ব্যাঙ্কের তরফেও ইয়েস ব্যাঙ্কে ৬০০ কোটি টাকা বিনিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এইচডিএফসি এবং কোটাক মহিন্দ্রার তরফে যথাক্রমে ১০০০ এবং ৫০০ কোটি টাকা বিনিয়োগ করা হতে পারে।

# বিভিন্ন রাজ্য

**আটের পাতার পর**

খেলা ও কোচিং বন্ধ থাকবেঊ জম্মু-কাশ্মীরে করোনাভাইরাস সংক্রান্ত নোডাল অফিসার শাফকত খানকে করোনা সন্দেহে কাজ থেকে ছুটি দেওয়া হয়েছে।
উত্তরাখণ্ড : উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী ত্রিবেন্দ্র সিং রাওয়াত জানিয়েছেন, বিদেশি পর্যটকদের হোটেলে থাকতে দেওয়ার আগে সুরক্ষা সম্পর্কিত সমস্ত বিষয় খতিয়ে দেখতে বলা হয়েছে হোটেল কর্তৃপক্ষকে। আগামী ৩১ মার্চ পর্যন্ত সমস্ত স্কুল বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছেঊ মুখ্যমন্ত্রী আরও বলেছেন, ভয় পাবেন না, উত্তরাখণ্ডে এখনও পর্যন্ত করোনায় আক্রান্তের সন্ধান মেলেনি।



# আশা জাগিয়েও রঞ্জি ট্রফি হাতছাড়া বাংলার, প্রথমবার রঞ্জি চ্যাম্পিয়ন সৌরাষ্ট্র

রাজকোট, ১৩ মার্চ (হি.স.): আশা জাগিয়েও শেষরক্ষা হল না। রঞ্জি ট্রফি হাতছাড়া হল বাংলার।রঞ্জি ট্রফির ফাইনালে প্রথম ইনিংসে সৌরাষ্ট্রের ৪২৫ রানের জবাবে শুক্রবার পঞ্চমদিনে ৩৮১ রানে শেষ হয়ে গেল বাংলার প্রথম ইনিংস। প্রথম ইনিংসে ৪৪ রানে এগিয়ে থাকার পর দ্বিতীয় ইনিংসে সৌরাষ্ট্র চার উইকেটে ১০৫ রান করার পরে ম্যাচ শেষ হয়ে যায়। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদেই রঞ্জি চ্যাম্পিয়ন হয়ে গেল সৌরাষ্ট্র।

তিরিশ বছরের খরা কাটাতে ৭২ রান দূরে দাঁড়িয়েছিল বাংলা। হাতে ছিল ৪ উইকেট। ক্রিজে অপরাজিত অনুষ্টুপ-অর্ণবের ব্যাটেই তাল ঠুকছিল বঙ্গব্রিগেড। ম্যাচের ফলাফল যাই হোক না কেন, তা নির্ধারিত হয়ে যাবে প্রথম সেশনেই। এমনটাই মত ছিল বিশেষজ্ঞদের। হলোও মোটামুটি তাই। অন্তিমদিন ম্যাচ শুরুর প্রথম দেড় ঘন্টার মধ্যে বাংলার বাকি ৪ উইকেট তুলে নিল সৌরাষ্ট্র। ঈশ্বরণ অ্যান্ড কোম্পানিকে ৩৮১ রানে গুটিয়ে দিয়ে প্রথম ইনিংসে মূল্যবান ৪৪ রানের লিড তুলে নিল জয়দেব উনাদকাট নেতৃত্বাধীন সৌরাষ্ট্র। সেইসঙ্গে কার্যত খেতাব মুঠোয় ভরে নিল তারা। অন্যদিকে বাংলা শিবিরে একরাশ স্বপ্নভঙ্গের বেদনা। তীরে এসেও ডুবল তরী।

কোয়ার্টার ও সেমিফাইনালের মঞ্চে একার কাঁধে বাংলাকে টেনে তোলা অনুষ্টুপ মজুমদারই ছিলেন বাংলা শিবিরের শেষ আশা। চতুর্থ দিনের শেষে ৫৮ রানে অপরাজিত থাকা রুকুকে পঞ্চমদিন ষষ্ঠ ওভারে তুলে নিলেন উনাদকাট। সৌরাষ্ট্র অধিনায়কের একটি লেংথ বল অনুষ্টুপের প্যাডে এসে লাগতেই আঙুল তুলে দেন আম্পায়ার। রিভিউ নিয়ে লাভ হয়নি। ব্যক্তিগত ৬৩ রানে অনুষ্টুপ ফিরতেই বাংলার শেষের শুরু।

ওই একই ওভারে আকাশ দীপ যে কায়দায় রান আউট হলেন, তা দেখে একটা বাচ্চাও হাসবে। কোনও রান না করেই উইকেট বিপক্ষ শিবিরকে উপহার দিয়ে আসেন ফাস্ট বোলার। একই ওভারে জোড়া উইকেট পতনের পর সৌরাষ্ট্রের জয় ছিল কেবল সময়ের অপেক্ষা। ৫ ওভার বাদে ধর্মেন্দ্রসিং জাদেজার শিকার হন মুকেশ কুমার। ব্যক্তিগত ৫ রানে ফেরেন তিনি। আক্রমণাত্মক হয়ে শেষ চেষ্টা করেছিলেন অপরাজিত অর্ণব। ৪০ রানে অপরাজিত থাকলেন তিনি। কিন্তু উলটোদিকে শেষ ব্যাটসম্যান ইশান পোড়েল খুব বেশিক্ষণ সং দিতে পারলেন না তাঁকে। ব্যক্তিগত ১ রানে উনাদকাটের ডেলিভারিতে এলবিডব্লু হয়ে ফেরেন তিনি। একইসঙ্গে যবনিকে পড়ে বাংলার প্রথম ইনিংসে। ৩৮১ রানে শেষ হয় বাংলার ইনিংস।

৪৪ রানে এগিয়ে থেকে উচ্ছ্বাসে মেতে ওঠেন সৌরাষ্ট্র ক্রিকেটাররা। ড্রেসিংরুমে হাত মিলিয়ে নেন দুই কোচ অরুণ লাল ও কারসন ঘাউড়ি। ম্যাচের ললাটলিখন স্পষ্ট হয়ে গেলেও দ্বিতীয় ইনিংসে ব্যাট হাতে নেমেছে সৌরাষ্ট্র দ্বিতীয় ইনিংসে চার উইকেটে ১০৫ রান করার পরে ম্যাচ শেষ হয়ে যায়। শাহবাজ আহমেদ (২টি), আকাশদীপ (১) ও সুদীপ চট্টোপাধ্যায় (১টি) সৌরাষ্ট্রের উইকেটগুলো নেন। তাতে অবশ্য ম্যাচের ভাগ্য বদলায়নি। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে রঞ্জি চ্যাম্পিয়ন হয়ে গেল সৌরাষ্ট্র।

এর আগে ১১ বার রঞ্জি ফাইনালে পৌঁছেও চ্যাম্পিয়ন হতে পারেনি বাংলা। সেই দুঃস্বপ্ন কাটানোর সুযোগ এসে গিয়েছিল এ বার। কিন্তু রঞ্জিতে রানার্স হয়েই সন্তুষ্ট থাকতে হল বাংলাকে।

## এবার করোনা আতঙ্কে বাতিল হল ভারত-দক্ষিণ আফ্রিকার শেষ দুটি ম্যাচ

মুম্বই, ১৩ মার্চ (হি.স.):পুরোপুরি ভেস্তে গেল ভারত দক্ষিণ আফ্রিকা এক দিনের সিরিজ ঊ এবার করোনা আতঙ্কে বাতিল হল ভারত ও দক্ষিণ আফ্রিকার শেষ দুটি ম্যাচ ঊ শুক্রবার ভারতীয় ক্রিকেট কন্টোল বোর্ড (বিসিসিআই)এর পক্ষ থেকে এই তথ্য দিয়ে জানান হয়েছে ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে আয়োজিত হতে চলা লখনউয়ের দ্বিতীয় ম্যাচ ও কলকাতার ইডেনের তৃতীয় তথা শেষ ম্যাচ বাতিল করা হয়েছে ঊএর আগে বৃহস্পতিবার করোনা আতঙ্কের আবহে বৃষ্টিতে ভেস্তে যায় দুই দেশের হিমাচল প্রদেশের ধর্মশালার প্রথম ম্যাচ। ধর্মশালার প্রথম ওয়ানডে ম্যাচটি বৃষ্টির জন্য এক বলও খেলা হয়নি। করোনা আতঙ্কের জেরে লখনউয়ের দ্বিতীয় ও ইডেনের তৃতীয় ওয়ানডে ম্যাচ দর্শকহীন গ্যালারিতে হওয়ার কথা ছিল। কিন্তু শুক্রবার বোর্ডের তরফে জানিয়ে দেওয়া হল, দুটো ম্যাচই বাতিল করে দেওয়া হয়েছে। আগমী ১৫ মার্চ সিরিজের দ্বিতীয় ম্যাচে উত্তর প্রদেশের লখনউর অটল বিহারী বাজপেয়ী স্টেডিয়ামে মুখোমুখি হওয়ার কথা ছিল দুই দলের ঊ ভারতীয় ক্রিকেট কন্টোল বোর্ডের সিদ্ধান্তে হচ্ছে না সেই ম্যাচ ঊ সেই সঙ্গে বাতিল ঘোষণা হল ১৮ মার্চের ইডেন গার্ডেন্সের শেষ ম্যাচও। এই ম্যাচের জন্য টিকিট বিক্রি শুরু করা হয়েছিল। ক্লাবগুলোকেও টিকিট দেওয়া হয়েছিল। কিন্তু পরিবর্তিত পরিস্থিতিতে টিকিট বিক্রিও বন্ধ করে দেওয়া হয়েছে। এর আগে বৃষ্টিতে ভেস্তে যায় সিরিজের প্রথম ম্যাচ ঊ ফলে পুরোপুরি ভেস্তে গেল ভারত দক্ষিণ আফ্রিকা এক দিনের সিরিজ ঊ

PRESS NOTICE INVITING e-TENDER NO: EE-IED/UDP/32/2019-20

Dated: -10/ 03 /2020

| SL NO | NAME OF THE WORK/DNIT No. | ESTIMATED COST (in ₹) | EARNEST MONEY (in ₹) | TIME FOR COMPLETION |
|---|---|---|---|---|
| 1 | DNIeT No:- EE-IED/UDP/51/2019-20 | ₹ 9,98,329.00 | ₹ 9,983.00 | 90 days |


Last Date of Bidding is upto 15.00 Hrs on 27/03/2020 & Time and Date of Opening of Bid at 15.00 Hrs on 30/03/2020. The intending bidders and other Bidders can access through website httos://triPuratenders.gov,in. For any enquiry, please contact by e-mail to eeiedudaipur@gmail.corn.

ICA/C-2842/2019-20

For and on behalf of the Governor of Tripura
(Er.BUDDHA JAMATIA) Executive Engineer
Internal Electrification Division, PWD Udaipur,
Gomati Tripura.

## রাশিয়ান অ্যাথলেটিক্সকে নতুন শাস্তি

ডোপ কেলেঙ্কারিতে জড়িত থাকায় রাশিয়ান অ্যাথলেটিক্স ফেডারেশনকে এক কোটি ডলার জরিমানা করেছে ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স।একই সঙ্গে টোকিও অলিম্পিকের ট্র্যাক অ্যান্ড ফিল্ডে নিরপেক্ষ পতাকা নিয়ে দেশটি থেকে সর্বোচ্চ ১০ জন অ্যাথলেট অংশ নিতে পারবে বলেও জানানো হয়েছে।বৃহস্পতিবার দেওয়া শাস্তিতে আরও বলা হয়েছে, আগামী ১ জুলাইয়ের মধ্যে জরিমানার অর্ধেক পরিশোধ না করলে ২০২০ অলিম্পিকে অ্যাথলেটরা অংশ নিতে পারবেন না।




# নবান্নেও তরজা ইস্টবেঙ্গল-মোহনবাগানের, সমাধানে ব্যর্থ মুখ্যমন্ত্রী

কলকাতা, ১৩ মার্চ (হি.স.): আগামী রবিবার ইস্টবেঙ্গল-মোহনবাগান ডার্বি দর্শকশূন্য মাঠে হবে, নাকি পিছিয়ে যাবে ম্যাচ? এই সিদ্ধান্ত নিতে না পেরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দায় চাপালেন সর্বভারতীয় ফুটবল ফেডারেশন এর উপর। শুক্রবার নবান্নে বিভিন্ন খেলার আয়োজন নিয়ে ক্রীড়া সংস্থাগুলির প্রতিনিধিদের সঙ্গে বৈঠক ডেকেছিলেন মুখ্যমন্ত্রী। করোনা আতঙ্কের জেড়ে সব খেলাই কমপক্ষে এক মাস পিছিয়ে দেওয়ার কথা জানিয়েছিলেন তিনি। কিন্তু সেখানেই গোল বাধে। মাঠের মতই নবান্নেও কোন্দল শুরু হয় ইস্টবেঙ্গল-মোহনবাগানের। এরপর সেই তরজা থামাতে মাঠে নামেন স্বয়ং মুখ্যমন্ত্রী। তবে শেষ পর্যন্ত সিদ্ধান্ত নিতে না পেরে বল ঠেলে দেন সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের দিকেই।

এদিনের বৈঠক শুরুর পরে ইস্টবেঙ্গল কর্তা দেবব্রত সরকার বলেন, "গতবার ডার্বি পিছিয়ে গিয়েছিল পুলিশ নিরাপত্তা দিতে পারবে না বলে। আমরা দর্শক শূন্য মাঠে ম্যাচ হওয়ার পক্ষে নই। দরকার হলে ম্যাচ একমাস পিছিয়ে দেওয়া হোক"ঊ স্বাভাবিকভাবেই এই সিদ্ধান্তে রাজি হয়নি মোহনবাগান। তাদের দাবি, টিভিতে ম্যাচ সম্প্রচার করা হবেঊ দর্শকরা সেখানেই ম্যাচ দেখতে পাবেন। আইলিগ শেষ না হলে ফেডারেশন সরকারিভাবে চ্যাম্পিয়ন ঘোষণা করছে না। সম্প্রতি আই লিগ জিতেছে মোহনবাগান। তাই সমর্থকরা ধৈর্য হারিয়ে ফেলছে বলে দাবি করেন মোহনবাগান কর্তা সৃঞ্জয় বসু।

এই কোন্দলের মাঝে মুখ্যমন্ত্রী এআইএফএফ-র তরফের প্রতিনিধি সুব্রত দত্তকে বলতে বলেন। তবে তার উত্তরে খুশি না হয় মুখ্যমন্ত্রী বলেন, "এভাবে হয় না আপনারা আবেগটা বুঝুনঊ যদি ভাইরাস ছড়ায় তাহলে কিন্তু দায়িত্ব আপনাদের নিতে হবে"ঊ

যদিও প্রথম থেকেই ম্যাচ পিছিয়ে দেওয়ার পক্ষে ছিলেন মুখ্যমন্ত্রী। সৃঞ্জয় বসু প্রশ্ন তুলে বলেন, "দর্শকশূন্য ইডেনে যদি পঞ্চাশ ওভারের ভারত-দক্ষিণ আফ্রিকা আন্তর্জাতিক ম্যাচ হতে পারে, তাহলে যুবভারতীতে ডার্বি হতে সমস্যা কোথায়"? যদিও মোহনবাগান কর্তার এই যুক্তি মানতে চাননি মুখ্যমন্ত্রী। ধমকের সুরে তাঁকে মুখ্যমন্ত্রী জানান, "টুম্পাই আমি তোমার কথা বেশি শুনছি মানে এই নয় যে তুমি আক্রমণাত্মক হবে। এটা ঝগড়াঝাটি করার জায়গা নয়।"

বৈঠকে ইস্টবেঙ্গল মোহনবাগান এর সেই চিরাচরিত তরজার মাঝে ডার্বি পিছিয়ে যাবে নাকি দর্শকশূন্য মাঠেই হবে সে সিদ্ধান্ত থেকে গেল অধরা। তবে ফেডারেশন এখন কি সিদ্ধান্ত নেয় সে দিকেই চোখ ইস্টবেঙ্গল-মোহনবাগান সমর্থকদের।

## করোনা আতঙ্ক : ১৫ এপ্রিল পর্যন্ত পিছিয়ে গেল আইপিএল

মুম্বই, ১৩ মার্চ (হি.স.): করোনা আতঙ্কে আগামী ১৫ এপ্রিল পর্যন্ত পিছিয়ে গেল ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল)। আগামী ২৯ মার্চ ত্রয়োদশ আইপিএলের সূচনা হওয়ার কথা থাকলেও তা ১৫ এপ্রিল পর্যন্ত পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিসিসিআই। শুক্রবার তা ফ্র্যাঞ্চাইজিগুলিকেও জানিয়ে দেওয়া হয়েছে বলে জানিয়েছে বিসিসিআই।

করোনাভাইরাস ছড়িয়ে পড়ার আশঙ্কায় সরকার বুধবার আগামী ১৫ এপ্রিল পর্যন্ত কিছু অফিসিয়াল ক্যাটেগরি বাদে সমস্ত ভিসা বাতিল করেছে সরকার। ফলে বিদেশি খেলোয়াড় ও সাপোর্ট স্টাফদের টুর্নামেন্টে অংশগ্রহণ নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়। এরপর মহারাষ্ট্র সরকারও আইপিএলের টিকিট বিক্রিতে নিষেধাজ্ঞা জারি করে। আজ দিল্লি সরকারের পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয় যে, করোনাভাইরাস ছড়িয়ে পড়ার আশঙ্কার পরিপ্রেক্ষিতে দিল্লিতে আইপিএলের কোনও ম্যাচই হবে না। এই অবস্থায় দু' সপ্তাহের জন্য পিছিয়ে দেওয়া হল আইপিএল। এরপর বোর্ড জানায় যে, করোনাভাইরাসজনিত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আইপিএল ১৫ এপ্রিল পর্যন্ত স্থগিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বোর্ড সচিব জয় শাহ জানিয়েছেন, করোনাভাইরাসজনিত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বিসিসিআই সংশ্লিষ্ট সকলপক্ষ এবং সাধারণ মানুষের স্বার্থ সম্পর্কে সচেতন ও স্পর্শকাতর। অনুরাগী সহ আইপিএলের সঙ্গে সংশ্লিষ্ট সকলের নিরাপদ ক্রিকেট অভিজ্ঞতা নিশ্চিত করতে বোর্ড সব ধরনের পদক্ষেপ নিচ্ছে। এ বিষয়ে বোর্ড সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে যোগাযোগ রেখে চলেছে।

উল্লেখ্য, শনিবার রয়েছে আইপিএল-এর গভর্নিং কাউন্সিলের বৈঠক। মুম্বইয়ের ওই বৈঠকে ফ্র্যাঞ্চাইজি কর্তাদের সঙ্গে এ ব্যাপারে বিশদে আলোচনা হবে। সে খানেই হয়তো সরকারি ভাবে জানিয়ে দেওয়া হবে ১৩তম সংস্করণের সূচি থেকে যাবতীয় বিষয়।

## করোনাভাইরাস: স্থগিত চ্যাম্পিয়ন্স লিগ ও ইউরোপা লিগ

আগামী ১৭ ও ১৮ মার্চ চ্যাম্পিয়ন্স লিগ ও ১৯ মার্চ ইউরোপা লিগের যেসব ম্যাচ হওয়ার কথা ছিল, করোনাভাইরাসের সংক্রমণ বৃদ্ধি এড়াতে তার সবগুলো স্থগিত করা হয়েছে।

নিজেদের ওয়েবসাইটে শুক্রবার দেওয়া এক বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করে ইউরোপীয় ফুটবলের সর্বোচ্চ সংস্থা উয়েফা। আগামী ২০ মার্চ এই দুই প্রতিযোগিতার পরবর্তী ধাপের ড্র হওয়ার কথা ছিল; স্বাভাবিকভাবে তাও স্থগিত হয়ে গেছে।আগামী মঙ্গলবার চ্যাম্পিয়ন্স লিগে শেষ ষোলোর ফিরতি লেগে মুখোমুখি হওয়ার কথা ছিল ম্যানচেস্টার সিটি-রিয়াল মাদ্রিদ ও ইউভেন্তুস-অলিম্পিক লিওঁ। প্রতিযোগিতাটির পরদিনের সূচিতে ছিল বায়ার্ন মিউনিখ-চেলসি ও বার্সেলোনা-নাপোলি ম্যাচ।

মঙ্গলবারের ম্যাচ দুটি অবশ্য গত বৃহস্পতিবারই স্থগিত করা হয়।

রিয়ালের একজন বাস্কেটবল খেলোয়াড়ের শরীরে করোনাভাইরাস ধরা পড়ায় দলটির সব অনুশীলন বাতিল করার বিষয়টি বৃহস্পতিবার জানায় দলটি। ক্লাবটির সব খেলোয়াড়কে কোয়ারেন্টিনে রাখা হয়েছে। এর কিছুক্ষণ পর বৃহস্পতিবার এক বিবৃতিতে ম্যাচ স্থগিতের ঘোষণা দেয় লা লিগা কর্তৃপক্ষ। আর দিনের শেষ ভাগে সিটির বিপক্ষে রিয়ালের ম্যাচ স্থগিতের ঘোষণা আসে।

ইউভেন্তুসের দানিয়েলে রুগানি করোনাভাইরাসে আক্রান্ত হওয়ায় দলটির সব খেলোয়াড় কোয়ারেন্টিনে আছেন। তাই একই সঙ্গে চ্যাম্পিয়ন্স লিগে তাদের ম্যাচটিও স্থগিত করা হয়। এবার স্থগিত হয়ে গেল পর দিনের ম্যাচও। সেই সঙ্গে ইউরোপা লিগের এ সপ্তাহের সূচিও।আগামী ৩ এপ্রিল পর্যন্ত ইংলিশ প্রিমিয়ার লিগসহ সব ধরনের ফুটবল নিষিদ্ধ করেছে ইংল্যান্ড। পরিস্থিতি বুঝে আগামী ৪ এপ্রিল পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে বলে শুক্রবার বিবৃতিতে জানানো হয়।

**NOTICE**

Whereas, I, Dr. Mahatme Sandeep N, IAS, District Magistrate & Collector, West Tripura District have been entrusted to conduct Magistrate Inquiry vide NO.21(2)- PD/2020(M), dated 10.03.2020 on the incident relating to the death of Bhaskar Deb Roy, Advocate at the Male Medicine Ward of GBP Hospital, Agartala on 07.03.2020.

So, it is notified for all concern that a hearing is fixed on 18/03/2020 and 19/03/2020 from 10:30 A.M. to 7:00 P.M. at the office of the District Magistrate & Collector, West Tripura District for inquiry.

Whoever wants to bring light on the matter may appear personally on the date and time at the aforesaid place for giving their deposition along with documents and video clip etc., if any. Their names and statements shall be kept confidential.

ICA/D-1883/2019-20

(Dr. Ma fretp N., IAS)
District Magistrate & Collector West
TKpura District

**PRESS NOTICE INVITING TENDER NO: 10/EE/MCD/ PWD/ 2019-20.**

Separate sealed tenders are invited on behalf of the 'Governor of Tripura' from the owner / Firms/Agencies. Manufacturers / Bonafied Suppliers/ Authorized Dealer in appropriate class and from the contractors registered in the appropriate class of State PWD/ MES / Railway / CPWD and P&T upto 25-03-2020 for hiring of 2(Two) no Maruti Van (Commercial) and 1(One) no Scorpio car (Commercial) in Form 8(Eight) (Modified).

Details tender notice may be seen in the office of the Executive Engineer, Medical College Division, PWD(R&B) Kunjaban, Agartala West Tripura and may contact at 9436131244(M) // 7005353321 (M).

For and on behalf of the Governor of Tripura.

ICA/C-2836/2019-20

(Er. D. K.Roy)
Executive Engineer Medical College Division, PWD(R&B) Kunjaban,
Agartala, Tripura

No.F.1 6(21 )-UDD/DUD/2014(P)/15129
Date: the 6th March, 2020

**Notification for Request for Proposal (e-Tender)**

Request for proposal (e-tender) is invited from reputed and genuine Agency / Joint Venture/Company/Consultancy for CONDUCTING SURVEY OF URBAN HOMELESS POPULATION IN 20 URBAN LOCAL BODIES (ULBs) under I)eendayal Antyodaya Yojana—Nation Urban Livelihoods Mission in Tripura.

The Urban Development Department hereby invites RFP (e-tender) in two bid system (Technical & Financial) from eligible agencies as per the norms laid down in the RFP document is available in the website http://tripuratenders.govsin.

ICA/C-2847/2019-20

(Dr.Shailesh K. Yadav ,IAS)
Director
Directorate of Urban Developmem
Government of Tripura

**NOTICE**

Whereas, I, Dr. Mahatme Sandeep N, IAS, District Magistrate & Collector, West Tripura District have been entrusted to conduct Magistrate Inquiry vide NO.21(2)-PD/2020(M), dated 10.03.2020 on the incident relating to the death of Bhaskar Deb Roy, Advocate at the Male Medicine Ward of GBP Hospital, Agartala on 07.03.2020.

So, it is notified for all concern that a hearing is fixed **on 18/03/2020 and 19/03/2020 from 10:30 A.M. to 7:00 P.M. at the office of the District Magistrate & Collector, West Tripura District for inquiry.**

Whoever wants to bring light on the matter may appear personally on the date and time at the aforesaid place for giving their deposition along with documents and video clip etc., if any. Their names and statements shall be kept confidential.

**Sd/- (Dr. Mahatme Sandeep N., IAS)**
**District Magistrate & Collector**
**West Tripura District**

**ICA-D-1883/19-20**

Agartala, Tripura invites sealed tender(s) against press NIeT No : 37/EO/TRRDA/ 2019-20 date:06.03.2020. For Upgradation of Road & CDs including LS Bridges of PMGSY Works (RRP-II WB-AF and G&CR),
1. TR-01-06 P2, TR-08-04 P2 & TR-01-07 P2: With Estimated cost: a) Upgradation: 2207.33 Lakh b)Maintenance Rs/-226.88 Lakh c) Earnest money: r44.15 lakh
For details please visit: www.pmgsytenderstrp.gov.in .
ICA/C-2854/2019-20

Empowered Officer
Tripura RRDA, PWD (PMGSY) 7th Block,2nd Floor, Secretariat Building,Agartala

Date sheet/ Routine for Bachchar Bachao Examination follows below:

| Date | Day | Time | Class IX | Class XI |
|---|---|---|---|---|
| 27-04-2020 | Monday | 12 Noon -- 3 PM | English | English |
| 28-04-2020 | Tuesday | 12 Noon -- 3 PM | Bengali/ Kokborok/ Mizo/Hindi | Bengali/ Kokborok/ Mizo/Hindi |
| 29-04-2020 | Wednesday | 12 Noon -- 3 PM | Social Science | Education/ Buisness Studies/ Physics |
| 30-04-2020 | Thursday | 12 Noon -- 3 PM | Science | Sanskrit/ Statistics |
| 04-05-2020 | Monday | 12 Noon -- 3 PM | Mathematics | Political Science/ Sociology/ Chemistry |
| 05-05-2020 | Tuesday | 12 Noon -- 3 PM | | Economics |
| 06-05-2020 | Wednesday | 12 Noon -- 3 PM | | Mathematics/ Philosophy |
| 11-05-2020 | Monday | 12 Noon -- 3 PM | | Psychology |
| 12-05-2020 | Tuesday | 12 Noon -- 3 PM | | History/ Accountancy/ Biology |
| 13-05-2020 | Wednesday | 12 Noon -- 3 PM | | Geography |
| 14-05-2020 | Thursday | 12 Noon -- 3 PM | | Music |

These instructions must be followed in letter and spirit by every school.

ICA/C-1886/2019-20

(U.K. Chakma)
Director, Secondary Education

■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2018- 2020




পুর এলাকায় পার্কিং ও হকারদের স্থান পরিদর্শনে পুর কমিশনার সৈলেশ কুমার যাদব ও ট্রাফিক এসপি সর্মিষ্ঠা। ছবি- নিজস্ব।

# উত্তর ত্রিপুরার একই পরিবারের পাঁচ সদস্য পরিবর্তিত হলেন সনাতন ধর্মে

**নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ১২ মার্চ।।** ইসলাম ধর্ম ত্যাগ করে পরাবর্তিত হয়ে সনাতন ধর্মে দীক্ষিত হয়েছেন সন্তান-সন্ততি, পত্নী ও স্বামী-সহ একই পরিবারের পাঁচ সদস্য। ঘটনা অসমের করিমগঞ্জ জেলা সীমান্ত ঘেঁষা উত্তর ত্রিপুরার চোরাইবাড়ি গ্রাম পঞ্চায়েতের ১ নম্বর ওয়ার্ডের। শুক্রবার সনাতন ধর্মের নানা বিধি উপাচার, যাগযজ্ঞের মাধ্যমে তাঁদের শুচিশুদ্ধ করিয়ে হিন্দু ধর্মে দীক্ষিত করিয়েছেন ভারত সেবাশ্রমের সন্ন্যাসী ব্রহ্মচারী এবং বিশ্বহিন্দু পরিষদের কার্যকর্তারা।

প্রসঙ্গত উল্লেখ্য, দশ বছর আগে এলাকার ইসলাম ধর্মাবলম্বী এক মেয়েকে বিয়ে করে শ্বশুর বাড়ির চাপে স্বধর্ম (হিন্দু) ত্যাগ করে ইসলাম ধর্ম গ্রহণ করতে বাধ্য হয়েছিলেন এলাকারই বছর ৪৬-এর জনৈক মৃণালকান্তি চৌধুরী। ইসলাম ধর্ম গ্রহণ করে তাঁর নাম হয় ইকবাল হুসেন। আজ দশ বছরের মাথায় স্বধর্মের টানে বাড়িতে যাগযজ্ঞানুষ্ঠানের মধ্য দিয়ে দুই ছেলে ও এক মেয়ে, পত্নী-সহ স্বপরিবারে ফের হিন্দু ধর্মে ফিরে এসেছেন ইকবাল তথা মৃণালকান্তি।

পরাবর্তিত মৃণাল জানান, বিয়ের পর থেকেই তাঁকে বাধ্য হয়ে শ্বশুর



বাড়ির লোকদের চাপে এবং মানসিক নির্যাতনের শিকার হয়ে বলপূর্বক ইসলাম ধর্ম গ্রহণ করতে হয়েছিল। তখন তিনি একটি পাথর কোয়ারির মালিক ছিলেন। মোটামুটি ভালোই স্বচ্ছল ছিলেন। কিন্তু বিয়ের পর নানা কারণে তিনি নিঃস্ব হয়ে যান। তখন থেকে তিনি স্বধর্মে ফিরে আসতে বিভিন্ন সাধুসন্ত ও পণ্ডিতদের শরণাপন্ন হয়ে সাহায্য কামনা করতে থাকেন। এ ব্যাপারে তাঁকে সহায়তার হাত বাড়িয়ে দেয় বিশ্বহিন্দু পরিষদ। বিশ্বহিন্দু পরিষদের সহযোগিতায় এবং ভারত সেবাশ্রমের হাত ধরে আজ আবার তিনি স্বপরিবারে হিন্দুধর্মে ফিরে আসতে পেরেছেন।

আজ থেকে তিনি ফের মৃণালকান্তি চৌধুরী নামে পরিচিতি লাভের পাশাপাশি তাঁর ইসলামধর্মী স্ত্রীর নাম বদল করে মৃণালিনী চৌধুরী রাখা হয়েছে। তাঁদের দুই ছেলে ও এক কন্যা সন্তানকেও বৈদিক ক্রিয়া ও যজ্ঞাদির মাধ্যমে হিন্দু ধর্মে দীক্ষিত করা হয়েছে। যজ্ঞাদির পর মৃণালকান্তি সনাতনি রীতি অনুযায়ী নিজের পত্নীর সিঁথিতে সিঁদুর ও হাতে শাঁখা পরিয়ে দেন।

আজকের পরাবর্তন অনুষ্ঠানে সম্পূর্ণ বৈদিক ক্রিয়া, যজ্ঞানুষ্ঠান ও পূজার্চনার কাজ করেছেন ভারত সেবাশ্রম সংঘের শিলচর মঠের স্বামী প্রেমদানন্দজি মহারাজ। তাছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বজরং দলের বিস্তারক অনির্বাণ সোম এবং বিশ্বহিন্দু পরিষদের বিভিন্নস্তরের পদাধিকারীগণ।

## করোনা ভাইরাস আলোচনা সভা ও স্বাস্থ্য পরীক্ষা

**আগরতলা, ১৩ মার্চ।।** নিখিল ত্রিপুরা প্রবীণ নাগরিক সংগঠনের উদ্যোগে আগামী ১৫ই মার্চ রবিবার সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত করোনা ভাইরাস সচেতনতা মূলক আলোচনা সভা হবে মহাত্মাগান্ধী মেমোরিয়াল স্কুলে। ওইদিন এই স্কুলেই প্রবীণ নাগরিকদের স্বাস্থ্য পরীক্ষার জন্য এক শিবিরের আয়োজন করা হয়েছে। আলোচনা সভায় এবং স্বাস্থ্য পরীক্ষা শিবিরে অংশ নেবেন ডাঃ আর কে ধর, ডাঃ মধুসূদন চ্যাটার্জী, ডাঃ ইন্দ্রজীৎ পাল, ডাঃ দেবাশিষ চক্রবর্তী, ডাঃ সুনন্দ ভট্টাচার্য্য, ডাঃ মৌমিতা ভক্ত, ডাঃ তপন সাহা ও ডাঃ কালিপদ চৌধুরী।

# বিশালগড় হাসপাতালে সূচনা হল প্রসূতিদের জন্য অপারেশন থিয়েটার

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১২ মার্চ।।** বৃহস্পতিবার সকালে দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে বিশালগড় মহাকুমা হাসপাতালে প্রসূতি মহিলাদের জন্য শুভ সূচনা হলো অপারেশন থিয়েটার। আজকের এই অপারেশন থিয়েটারে শুভ সূচনা করেন সিপাহীজলা জেলা সভাধিপতি সুপ্রিয়া দাস( দত্ত)। তাছাড়া উপস্থিত ছিলেন অদিতি মজুমদার টিসিএস, এসএসজে এমডি ন্যাশানেল হেলথ মিশন গভমেন্ট অফ ত্রিপুরা, শুভাশিস দেববর্মা ডাইরেক্টর অফ হেলথ সার্ভিস গভমেন্ট অফ ত্রিপুরা, রঞ্জন বিশ্বাস চিফ মেডিক্যাল অফিসার সিপাহীজলা ত্রিপুরা, ও রূপালী দে মাননীয় চেয়ারপারসন বিশালগড় মিউনিসিপাল কাউন্সিল।বিশালগড় মহকুমা হাসপাতালে যে অপারেশন থিয়েটার উদ্বোধন হয়েছে সে উদ্বোধনের শুরুতেই দুজন প্রসূতির মহিলার অপারেশন করানো হয় অর্থাৎ ডেলিভারি করানো হয়। প্রথমজন হলেন শর্মিষ্ঠা সাহা (দেবনাথ)বয়স ৩০ বাড়ি -অফিস টিলা, বিশালগড় দ্বিতীয় জন হলেন ঝিল্লি দেব বয়স (১৮) স্বামী প্রবীর দাস। বাড়ি ছেচরিমাই, বিশ্রামগঞ্জ। প্রথম জন পুত্রসন্তান জন্মদেন, দ্বিতীয় জন কন্যা সন্তান জন্মদেন। দুজন মহিলাই সুস্থ অবস্থায় আছেন বলে জানান ডাক্তার শ্যামল বনিক। বিশালগড় মহকুমা হাসপাতালে প্রসূতি মহিলাদের জন্য যে অপারেশন থিয়েটারে উদ্বোধন করা হয়েছে সেই অপারেশন থিয়েটার উদ্বোধন করাতে কমলাসাগর, বিশ্রামগঞ্জ, গোলাঘাটি বক্সনগর, লোকেদের খুব সুবিধা হয়েছে বলে জানান এলাকার জনগণ। কেননা দীর্ঘ অনেক বছর যাবত বিশালগড় মহকুমা হাসপাতালে অপারেশন থিয়েটার থাকলেও সে অপারেশন থিয়েটারের বিকল অবস্থায় পড়ে রয়েছে।কোন নেতা মন্ত্রী আমলা সে অপারেশন থিয়েটার এর পূর্ণ রূপ দেওয়ার জন্য কোন ধরনের ভূমিকা নেয়নি বলেও অভিমত এলাকাবাসীদের। আজ রাম আমলে যেটা সম্ভব হয়েছে বাম আমলে সেটা সম্ভব হতো যদি চেষ্টা করতেন।তাছাড়া বিশালগড় মহকুমা হাসপাতালে বর্তমানে একটিমাত্র সমস্যায় রয়েছেন ডাক্তারদের সমস্যা। বিশালগড় মহকুমা হাসপাতালের প্রসূতি মহিলাদের জন্য ডাক্তারদের ব্যবস্থা করা হয় তাহলে বিশালগড় মহাকুমার হাসপাতাল ছেড়ে কোন মহিলারা আগরতলার ইন্দিরা গান্ধী মেমোরিয়াল হসপিটাল এর উদ্দেশ্যে রওনা দেবেন না। হসপিটালে ডাক্তারদের ঘাটতি যেন অতিসত্বর পূরণ হয় সে ড়দদিকেও নজর রেখেছেন এসডিএমও জ্যোতির্ময় দাস। উনার বক্তব্য যদি বিশালগড় মহকুমা হাসপাতালে স্বাস্থ্য দপ্তর মেধাসম্পন্ন কিছু ডাক্তার দেন। তাহলে বিশালগড় মহাকুমা হাসপাতাল সম্পূর্ণরূপে একটি গুরুত্বপূর্ণ হাসপাতালে হিসেবে স্থান করে নেবে বলে আশা করেন।

## করোনা-আতঙ্ক ৩১ মার্চ পর্যন্ত জেএনইউ-তে সমস্ত ক্লাস বন্ধ রাখার সিদ্ধান্ত

নয়াদিল্লি, ১৩ মার্চ (হি.স.): কোভিড-১৯ নভেল করোনাভাইরাসের সংক্রমণ রুখতে আগামী ৩১ মার্চ পর্যন্ত দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে (জেএনইউ) সমস্ত ক্লাস বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শুক্রবার জেএনইউ-র রেজিস্টার জানিয়েছেন, আগামী ৩১ মার্চ পর্যন্ত সমস্ত ক্লাস, প্রেজেনটেশন এবং পরীক্ষা স্থগিত রাখা হচ্ছে। এই সময়ের মধ্যে জেএনইউ ক্যাম্পাসে সেমিনার, কনফারেন্স এবং কর্মশালার মতো ইভেন্টও স্থগিত থাকা উচিত।

প্রসঙ্গত, করোনা সংক্রমণ রুখতে দিল্লিতে আগামী ৩১ মার্চ পর্যন্ত সমস্ত পাবলিক সুইমিং পুল বন্ধ রাখার নির্দেশ দিয়েছে দিল্লি সরকার। স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দফতর, দিল্লি সরকার জানিয়েছে, আগামী ৩১ মার্চ পর্যন্ত দিল্লিতে সমস্ত পাবলিক সুইমিং পুল বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। দিল্লির উপ-মুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়া জানিয়েছেন, পরবর্তী নির্দেশ পাওয়া পর্যন্ত দিল্লিতে সমস্ত ধরনের বড় ইভেন্ট, সম্মেলন এবং খেলা নিষিদ্ধ করা হয়েছেঊ দিল্লিতে আইপিএল-এর কোনও ম্যাচ হবে না বলেও জানিয়েছেন দিল্লির উপ-মুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়া।

# ব্যাঙ্কের নোটিসে আতঙ্কিত গন্ডাছড়া সরমা এলাকার সরনশক্তি স্বসহায়ক গ্রুপের মহিলারা

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১২ মার্চ।।** ব্যাঙ্কের নোটিসে আতঙ্কিত গন্ডাছড়া সরমা এলাকার সরনশক্তি স্বসহায়ক গ্রুপের মহিলারা। জানাগেছে ২০০৩ সালে সরমা এলাকার দশ জন মহিলা মিলে সরন শক্তি নামের একটি ছ্ছও গ্রুপ তৈরি করে। পরবর্তীতে গন্ডাছড়া গ্রামীন ব্যাঙ্ক থেকে এই সময়কার ম্যানেজার বাদল বক্সি গু-পালনের জন্য দুই লক্ষ পঁচিশ হাজার পাঁচশত টাকা রেইন দেয়। সদস্যরা যদিওবা পরে তারা ব্যাঙ্কের টাকা পরিশোধ করে। গ্রুপের মহিলারা ২০১৪ সালে সর্বসম্মতিক্রমে গ্রুপটি ভেঙ্গে দেওয়ার সিদ্ধান্ত নেয়। মহিলারা জানান এই সময় তারা ম্যানেজারকে জিগ্যেস করেন তাদের কাছে আর কোন টাকা ব্যাঙ্ক পাবে কিনা। তখন ব্যাঙ্ক ম্যানেজার তাদের স্পষ্টভাবে জানিয়ে দেন এই গ্রুপের কাছে ব্যাঙ্ক কোন টাকা পয়সা পাবে না। এই সময় তারা ব্যাঙ্ক থেকে ক্লিয়ারেন্স চেয়েও ক্লিয়ারেন্স পায় নি। আর এইটাই এখন তাদের কাল হয়ে দাঁড়ায়।

এই সময় ব্যাঙ্ক কর্তৃপক্ষের কাছ থেকে এই কথা শুনার পর গ্রুপের সদস্যরা বাকি টাকা ব্যাঙ্ক থেকে তুলে তারা নিজেদের মধ্যে ভাগ ভাটুয়ারা করে নেয়। এরপর দীর্ঘ ছয় বছর বাদে গত মাস এক আগে সরনশক্তি গ্রুপের সদস্যদের নামে ব্যাঙ্কের টাকা পরিশোধ করার নোটিস আসে। এতে করে মহিলাদের মাথায় যেন আকাশ ভেঙ্গে পড়ে। গ্রামীণ সহজ সরল মহিলারা দিশাহারা হয়ে ব্যাঙ্কের কাছে ছুটে আসে এবং ব্যাঙ্ক কর্তৃপক্ষকে স্পষ্ট ভাষায় বলেদেন ছয় বছর আগেই তারা টাকা পরিশোধ করেছেন। তবে এই সময় ব্যাঙ্কের কাছ থেকে ক্লিয়ারেন্স চেয়েও পায় নি। আর ব্যাঙ্ক এখন সুযোগ পেয়ে বলছে ক্লিয়ারেন্স দেখানোর কথা। মহিলারা জানান ব্যাঙ্ক কর্তৃপক্ষকে বলা হয়েছে ব্যাঙ্ক থেকে কোন কোন তারিখ টাকা তুলা হয়েছে এবং কোন কোন তারিখ টাকা জমা দেওয়া হয়েছে এই সব ফর্মগুলো দেখানোর জন্য।

কিন্তু ব্যাঙ্ক কর্তৃপক্ষ তাহা দেখাতে পারছে না বলে তাদের অভিযোগ।

শুক্রবার আবার মহিলারা ব্যাঙ্কে যায় তখনও নিরাশ হতে হয়। উপরন্তু ব্যাঙ্ক কর্তৃপক্ষ বার বার তাদের বাড়ি ঘরে গিয়ে ভয় হুমকি দিয়ে আসছে টাকা পরিশোধ করার জন্য। এতে করে তাদের পরিবারেও অশান্তি দেখা দিচ্ছে। আজ সরনশক্তি গ্রুপের সদস্যরা সাংবাদিকদের জানান ব্যাঙ্ক যদি তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করেন তখন তারাও ব্যাঙ্ক কর্তৃপক্ষকে ছেড়ে কথা বলবে না।

## টিএসআর ১ম ব্যাটেলিয়ানের প্রতিষ্ঠা দিবস পালিত

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১৩ মার্চ।।** যথাযথ মর্যাদার সাথে বৃহস্পতিবার সকালে অনুষ্ঠিত হল টিএসআর প্রথম ব্যাটেলিয়ানের ৩৬তম প্রতিষ্ঠা দিবস। ওইদিন অনুষ্ঠানের সূচনা করেন জি এস রাও (আইজিপি টিএসআর ও অপারেশন)। তাছাড়া উপস্থিত ছিলেন অরিন্দম নাথ (ডিআইজি এপি ও অপারেশন), অমরজিৎ দেববর্মা (প্রথম ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট), সি কে জমাতিয়া (জেলা শাসক সিপাহীজলা)। প্রতিষ্ঠা দিবস উপলক্ষে মেগা রক্তাদন শিবির এবং এলাকার দুস্থ পরিবারের মধ্যে বিভিন্ন সামগ্রী বিতরণ করা হয়। এদিন ৯১জন জওয়ান রক্তদান করেছেন।

# রাবার ডিলার এসোসিয়েশান এর উদ্দ্যোগে শান্তির বাজার কমিউনিটি হলে সভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৩ মার্চ।।** আজ দুপুর ১২ ঘটিকায় শান্তির বাজার কমিউনিটি হলঘরে দক্ষিন জেলা ভিত্তিক এই সভা অনুষ্ঠিতহয়। আজকের সভারমধ্যদিয়ে রাবার ডিলারের দক্ষিন ত্রিপুরার একটি কমিটি গঠনকরাহয়। এই সভায় দক্ষিন ত্রিপুরার শান্তির বাজার মহকুমা, বিলোনিয়া মহকুমা ও সাব্রুম মহকুমার রাবার ব্যাবসায়ীদের পাশাপাশি উপস্থিত ছিলেন রাবার ডিলার এসোসিয়েশান এর রাজ্য সম্পাদক সুব্রত সাহা, বিশিষ্ট ব্যাবসায়ী অমর সেন, কমল দত্ত ও উত্তম সেন। সভায় বক্তব্যের মধ্যে বিশেষ গুরুত্ব পূর্ন আলোচ্য বিষয়গুলি সংবাদমাধ্যমের সামনে তুলেধরেন রাবার ডিলার এসোসিয়েশান এর রাজ্য সম্পাদক সুব্রত সাহা। তিনি জানান বর্তমানে অধিকাংশ রাবার বোঝাইকরা গাড়ীকরে চালকরা নিজেদের স্বার্থে অবৈধভাব গাঁজা পরিবহন করছে। পরবর্তীসময় পুলিশ এইগাঁজা গুলি আটক করার পাশাপাশি গাড়িতে থাকা রাবারগুলিও বাজেয়াপ্তকরে। এতেকরে সমস্ত রাবার ব্যাবসায়ীরা বিশেষ অসুবিধার সন্মুখিন হতেহয়। তাইতিনি প্রসাশনিক আধিকারিকদের প্রতি বিশেষ আহব্বান করেন যাতেকরে রাবার ব্যাবসায়ীদের রাবারগুলি আটকনাকরে তদন্ত চালিয়েযান। অপরদিকে দক্ষিন ত্রিপুরার অনেক রাবার ডিলারদের টাকা আগরতলার বড় বড় মালিকরা আটকে রেখেছেন এইব্যাপারে প্রসাশনের দারস্ত হয়েও এখনো কোনোপ্রকার সৎউত্তর পাননি। আগরতলার এই ডিলারগুলিহলো কুবের ইন্ডিয়া সেইলস প্রাইভেট লিমিটেড, আগরতলা রাবার, লক্ষী রাবার, হিমানী রাবার, মহাজন রাবার ও উত্তম ট্রডিং। সুব্রত সাহা জানান প্রসাশন যেন দক্ষিণ ত্রিপুরার এই রাবার ডিলারদের অর্থপাইয়ে দিতে সাহায্যের হাত বারিয়েদেন। আজকের এই সভারমধ্যদিয়ে নতুন কমিটি পেয়ে খোবই আনন্দিত দক্ষিন ত্রিপুরার সমস্ত রাবার ব্যাবসায়ীরা।

## বাড়িতে বসেই কাজ করুন বেঙ্গালুরু অফিসের কর্মীদের পরামর্শ গুগলের

বেঙ্গালুরু, ১৩ মার্চ (হি.স.): আন্তর্জাতিক সার্চ ইঞ্জিন 'গুগল'-এর বেঙ্গালুরুর অফিসে কর্মরত একজন কর্মীর শরীরে কোভিড-১৯ নভেল করোনাভাইরাসের উপসর্গ ধরা পড়েছে। তাই কোনও রকম ঝুঁকি না নিয়েই বেঙ্গালুরুর ওই অফিসের সমস্ত কর্মীদের উদ্দেশ্যে গুগলের পরামর্শ, 'শনিবার থেকে বাড়িতে বসেই কাজ করুনঊ' শুক্রবার গুগল জানিয়েছে, আমাদের বেঙ্গালুরুর অফিসে কর্মরত একজন কর্মীর শরীরে কোভিড-১৯-এর উপসর্গ ধরা পড়েছে। উপসর্গ দেখা দেওয়ার প্রাক্কালে আমাদের বেঙ্গালুরুর ওই অফিসেই তিনি কয়েক ঘন্টার জন্য ছিলেনঊ তারপর থেকেই কোয়ারেন্টাইনে রয়েছেন ওই কর্মী।

গুগল আরও জানিয়েছে, সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে, বেঙ্গালুরুর ওই অফিসের সমস্ত কর্মীদের শনিবার থেকে বাড়িতে বসে কাজ করতে বলা হচ্ছেঊ জনস্বাস্থ্য আধিকারিকদের পরামর্শ অনুযায়ী প্রয়োজনীয় সমস্ত ধরনের সতর্কতামূলক ব্যবস্থা আমরা গ্রহণ করেছি এবং ভবিষ্যতেও গ্রহণ করব।

## ইয়েস ব্যাঙ্কের ৪৯ শতাংশ শেয়ার কিনে নিচ্ছে এসবিআই

নয়াদিল্লি, ১৩ মার্চ (হি.স.): ইয়েস ব্যাঙ্ককে দাঁড় করাতে এগিয়ে এল দেশের বৃহত্তম রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক ঊ স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া (এসবিআই)ইয়েস ব্যাঙ্কের ৪৯ শতাংশ শেয়ার কিনে নিচ্ছে। শুক্রবার রিজার্ভ ব্যাঙ্কের এই প্রস্তাব অনুমোদন করল কেন্দ্রীয় মন্ত্রিসভা।

ইয়েস ব্যাঙ্কের পুনরুজ্জীবনে হাত বাড়াল স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া (এসবিআই)। জানা গেছে ইয়েস ব্যাঙ্কের ৪৯ শতাংশ শেয়ারই কিনে নিচ্ছে এসবিআই। শুক্রবার রিজার্ভ ব্যাঙ্কের এই প্রস্তাব অনুমোদন করল কেন্দ্রীয় মন্ত্রিসভা। সেইসঙ্গে এখনই ব্যাঙ্কের যে চাহিদা রয়েছে, সেগুলি মেটানোর জন্য মূলধন ১১০০ কোটি থেকে বাড়িয়ে ৬ হাজার ২০০ কোটি টাকা করা হয়েছে।

আমানতকারীদের স্বার্থরক্ষা এবং দেশের অর্থনৈতিক পরিকাঠামোকে মজবুত করতেই এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। এই মুহূর্তে রিজার্ভ ব্যাঙ্কের হাতেই ইয়েস ব্যাঙ্কের নিয়ন্ত্রণ রয়েছে। গত সপ্তাহেই ইয়েস ব্যাঙ্কের পর্ষদ ভেঙে দেয় তারা। যার পর আগামী ৩ এপ্রিল পর্যন্ত গ্রাহকদের টাকা তোলা ঊর্ধসীমা ৫০ হাজারে বেঁধে দেওয়া হয়। তবে আগামী তিন দিনের মধ্যেই এই পরিস্থিতি থেকে মুক্তি মিলবে বলে জানিয়েছেন সীতারামন। এ নিয়ে খুব শীঘ্র বিজ্ঞপ্তি জারি করা হবে বলেও জানিয়েছেন তিনি।

সরকারি সূত্রে খবর, আইসিআইসিআই ব্যাঙ্কের তরফেও ইয়েস ব্যাঙ্কের ৫ শতাংশ শেয়ার কিনে নেওয়া হতে পারে। সে ক্ষেত্রে তাদের বিনিয়োগের

ছয়ের পাতায় দেখুন

## কোভিড-১৯ আতঙ্ক! করোনা সংক্রমণ রুখতে নমস্কারেই ভরসা ট্রাম্পের

ওয়াশিংটন, ১৩ মার্চ (হি.স.): কোভিড-১৯ নভেল কনোরাভাইরাসের সংক্রমণ রুখতে নমস্কারেই আস্থা ও ভরসা বজায় রাখলেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কোনও রাষ্ট্রনেতা হোক অথবা আধিকারিক, ট্রাম্পকে সর্বদাই করমর্দন করতে দেখা যায়। কিন্তু, বৃহস্পতিবার আয়ারল্যান্ডের প্রধানমন্ত্রীর সঙ্গে করমর্দন করার পরিবর্তে, হাত জোড় করে অভিবাদন জানিয়েছেন আমেরিকার প্রেসিডেন্ট। ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, 'আজ আমরা

(ট্রাম্প ও ছয়ের পাতায় দেখুন

# করোনা নিয়ে উদ্বেগ ক্রমশই বাড়ছে, সংক্রমণ রুখতে তৎপর বিভিন্ন রাজ্য

নয়াদিল্লি, ১৩ মার্চ (হি.স.): কোভিড-১৯ নভেল করোনাভাইরাস নিয়ে উদ্বেগ ক্রমশই বাড়ছে ভারতেঊ বৃহস্পতিবার আক্রান্তের সংখ্যা ৭৪, শুক্রবার আক্রান্তের সংখ্যা পৌঁছেছে ৭৫-এ। দেশের বিভিন্ন রাজ্যে সংক্রমণ সন্দেহে পরীক্ষা চলছে প্রতিনিয়ত। আপাতত দিল্লি, হরিয়ানা, কেরল, রাজস্থান, তেলেঙ্গানা, উত্তর প্রদেশ, কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখ, তামিলনাড়ু, জম্মু ও কাশ্মীর, পঞ্জাব, কর্ণাটক, মহারাষ্ট্র এবং অন্ধ্রপ্রদেশে করোনা-আক্রান্তের সন্ধান মিলেছে।

করোনা-আতঙ্কে ত্রস্ত ভারতের বিভিন্ন রাজ্য। করোনাকে 'বিপর্যয়' ঘোষণা করেছে ওড়িশা সরকার। করোনা-আতঙ্কে বিভিন্ন রাজ্যে শিক্ষা প্রতিষ্ঠান, সিনেমা হল, সুইমিং পুল বন্ধ রাখার নির্দেশ দিয়েছে প্রশাসন। দিল্লিতে আইপিএল-এর কোনও ম্যাচ হবে না বলে জানিয়েছেন দিল্লির উপ-মুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়া।

ওড়িশা : কোভিড-১৯ নভেল করোনাভাইরাসকে 'বিপর্যয়' ঘোষণা করেছে নবীন পট্টনায়েক সরকার। করোনাভাইরাসের সংক্রমণ রুখতে আগামী ২৯ মার্চ পর্যন্ত সাসপেন্ড করা হয়েছে ওড়িশা বিধানসভার অধিবেশন। শুক্রবার বিধানসভায় ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক জানিয়েছেন, শুক্রবার সকালে বৈঠক বসেছিল রাজ্য মন্ত্রিসভা, ওই বৈঠকেই দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১৫ অনুযায়ী কোভিড-১৯-কে 'বিপর্যয়' ঘোষণা করা হয়েছে। একইসঙ্গে করোনা-সংক্রমণ রুখতে বেশ কিছু বিধিনিষেধ জারি করেছে ওড়িশা সরকার। বিধানসভায় মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক জানিয়েছেন, পূর্ব নির্ধারিত পরীক্ষা ছাড়া, আগামী ৩১ মার্চ পর্যন্ত বন্ধ থাকবে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান। এছাড়াও সিনেমা হল, সুইমিং পুল এবং ব্যামাগারও ৩১ মার্চ পর্যন্ত বন্ধ থাকবে। মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক আরও জানিয়েছেন, সেমিনার, কর্মশালা, সম্মেলনের মতো সরকারি সমাবেশ ৩১ মার্চ পর্যন্ত বাতিল থাকবেঊ ধর্মীয় অনুষ্ঠান, বিবাহ প্রভৃতি বিষয়গুলি স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা নিয়ন্ত্রিত হবে।


দিল্লি : করোনা সংক্রমণ রুখতে দিল্লিতে আগামী ৩১ মার্চ পর্যন্ত সমস্ত পাবলিক সুইমিং পুল বন্ধ রাখার নির্দেশ দিয়েছে দিল্লি সরকারঊ স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দফতর, দিল্লি সরকার জানিয়েছে, আগামী ৩১ মার্চ পর্যন্ত দিল্লিতে সমস্ত পাবলিক সুইমিং পুল বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। দিল্লির উপ-মুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়া জানিয়েছেন, পরবর্তী নির্দেশ পাওয়া পর্যন্ত দিল্লিতে সমস্ত ধরনের বড় ইভেন্ট, সম্মেলন এবং খেলা নিষিদ্ধ করা হয়েছে। দিল্লিতে আইপিএল-এর কোনও ম্যাচ হবে না বলেও জানিয়েছেন দিল্লির উপ-মুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়া।

পশ্চিমবঙ্গ : পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে চলছে নজরদারি, স্ক্রিনিংঊ কলকাতা বিমানবন্দরে স্ক্রিনিং আরও কড়াকড়ি করা হয়েছে। করোনা-সন্দেহে ইটালির এক দম্পতিকে বেলেঘাটা আইডি হাসপাতালে ভর্তি করা হয়েছিল। তবে সংক্রমণ না মেলায় তাঁদের ছেড়ে দেওয়া হয়েছে। শুক্রবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, 'করোনাভাইরাস যতক্ষণ না পর্যন্ত বিদায় নিচ্ছে, ততক্ষণ করমর্দন করবেন নাঊ মানুষ মানুষকে স্পর্শ করলে এই ভাইরাস ছড়ায়, জন্তুদের স্পর্শ করলে নয়। তাই নমস্তে করুন।

উত্তর প্রদেশ : উত্তর প্রদেশে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা ক্রমশই বাড়ছে। করোনাভাইরাস-এর প্রেক্ষিতে শুক্রবার লখনউয়ের লোক ভবনে উচ্চ পর্যায়ের বৈঠক করেছেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ জানিয়েছেন, আগামী ২২ মার্চ পর্যন্ত সমস্ত স্কুল, কলেজ, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবেঊ ২২ মার্চ সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনা করা হবেঊ

জম্মু-কাশ্মীর : জম্মু ও কাশ্মীরের পাঁচটি জেলা-জম্মু, সাম্বা, কাঠুয়া, উধমপুর ও রিয়েসিতে আগামী ৩১ মার্চ পর্যন্ত প্রাথমিক স্কুল, সিনেমা হল, অঙ্গনওয়াড়ি বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। শুক্রবার জম্মু ও কাশ্মীরের স্পোর্টস কাউন্সিল জানিয়েছে, পরবর্তী নির্দেশ পর্যন্ত, আগামী ৩১ মার্চ অবধি জম্মু প্রদেশের সমস্ত স্পোর্টস সেন্টারে

ছয়ের পাতায় দেখুন



স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।